ভগবদগীতা

শ্রীযুত গৌরীশঙ্কর তর্কবাগীশের

শকাব্দা - ১৭৭৪

নমো জগদীশ্বরায়।

সদ্বিবেচক গুণগ্রাহক মহাশয়দিগের প্রতি এই পুস্তক সম্পাদকের বিনীতি পূর্ব্বক নিবেদন।

-০০-

ভগবদ্গীতা যেরূপ মান্য গ্রন্থ এবং তৎপাঠে যাদৃগুপকার দর্শে তাহা লিখিয়া জানাইবার প্রয়োজন করে না পৃথিবীর অনেক ভাগেতেই ভগবদ্গীতার সুন্দর অনুরাগ আছে, বিশেষত ধর্ম্মশীল হিন্দু মাত্রই এ গ্রন্থকে হিন্দুদিগের সর্ব্ব শাস্ত্রের সার বলিয়া জ্ঞান করেন এবং গীতা মাহাত্ম্যেও লিখিত আছে শ্রীকৃষ্ণ সর্ব্ব শাস্ত্রের সারাংশ গ্রহণ পূর্ব্বক ভগবদ্গীতায় সংস্থাপন করিয়াছেন অতএব এতাদৃশ গ্রন্থের প্রশংসা বিষয়ে আর অধিক লিখিয়া জানাইতে হয় না।

সংস্কৃত ভাষায় লিখিত ভগবদ্গীতার অত্যন্ত কঠিনভাব সকল সকলের বোধগম্য হয় না এবং অন্যেরা ভাষাপদ্যে ভগবদ্গীতার যে অনুবাদ করিয়াছেন আমি তাহার নিন্দা করি না বরঞ্চ এই কঠিন গ্রন্থের ভাষান্তর করণে সাহসী হইয়াছিলেন একারণ গ্রন্থকর্ত্তারা প্রশংসিত বটেন কিন্তু তাঁহারদিগের গ্রন্থে মূল গ্রন্থের তাবৎ শব্দার্থ প্রকাশ হয় নাই এবং অল্পদর্শি ব্যক্তিরা তাহা বুঝিতে পারেন না অতএব সম্পাদক গৌড়ীয় কোমল ভাষায় তাহার ভাষান্তর করিলেন, যাঁহারদিগের অক্ষর পরিচয় ও গৌড়ীয় ভাষার শব্দবোধ আছে তাঁহারা এই অনুবাদ পাঠ করিয়া অক্লেশে ভগবদ্গীতার সার বুঝিতে পারিবেন, সম্পাদকের অভিলাষ এই পুস্তকদ্বারা পাঠকবর্গকে আহ্লাদিত করিবেন অতএব শ্রীধরস্বামির অভিপ্রায়ানুসারে স্বয়ং ভাষান্তর করিয়া অন্যান্য অধ্যাপকগনকে দেখাইয়াছেন ইহাতে ভরসা করেন পাঠক মহাশয়েরা হেয় জ্ঞান করিবেন না।

যদ্যপি কোন মহাশয় কোন শ্লোকের অনুবাদে সন্দেহ করেন এই কারণ সম্পাদক বামভাগে মূল, দক্ষিণে অনুবাদ, উভয়ের নিম্নে শ্রীধরস্বামির টীকা মুদ্রিত করিলেন, যাঁহার সংশয় জন্মে অনুবাদিত শ্লোকের অঙ্ক দেখিয়া তদঙ্কে অঙ্কিত মূল টীকা দৃষ্টি করিলেই তাৎপর্য্য জানিতে পারিবেন, ভগবদ্গীতার মূলে কোন কোন স্থলে এক শ্লোকের সহিত অন্য শ্লোকের অন্বয় সম্বন্ধ আছে অতএব অনুবাদের মধ্যে ও মধ্যে২ এক এক স্থলে ঐ সকল দুই কিম্বা অধিক শ্লোকের অঙ্কপাত হইল।

যে২ মহাশয়েরা ভূমিকা পত্রে স্বাক্ষর করিয়াছিলেন তাঁহারদিগের কৃপাতেই একপ্রকার প্রতিজ্ঞা রক্ষা হইল অতএব পুস্তক সম্পাদক ঐ সকল গুনগ্রাহক মহোদয়বর্গের নিকট যথোচিত বিনীতিপূর্ব্বক কৃতজ্ঞতা স্বীকার করিলেন, এইপুস্তক বিস্তর যত্নে প্রস্তুত হইয়াছে অতএব সম্পাদকের প্রার্থনা দেশ বিদেশীয় মহাশয়েরা ইহা পাঠ করিয়া তাঁহার পরিশ্রম সফল করেন ইতি।

গৌড়ীয় সাধুভাষায় শ্রীগৌরীশঙ্কর তর্কবাগীশ ভগবদ্গীতার ভাষান্তর করিলেন।

নমো জগদীশ্বরায়।

ভগবদ্গীতা।

ধৃতরাষ্ট্র উবাচ।

ধর্ম্মক্ষেত্রে কুরুক্ষেত্রে সমবেতাযুযুৎসবঃ। মামকাঃ পাণ্ডবাশ্চৈব কিমকুর্ব্বত সঞ্জয় ॥ ১ ॥ সঞ্জয় উবাচ। দৃষ্ট্বা তু পাণ্ডবানীকং ব্যূঢ়ং দুর্য্যোধনস্তদা। আচার্য্যমুপসঙ্গম্য রাজা বচন মব্রবীৎ। ২। পশ্যৈতাং পাণ্ডু পুত্রাণামাচার্য্য মহতীংচমূং। ব্যূঢ়াংদ্রুপদপুত্রেণ তব শিষ্যেণ ধীমতা ॥ ৩ ॥ অত্র শূরা মহেষ্বাসা ভীমার্জুনসমাযুধি। যুযুধানোবিরাটশ্চ দ্রুপদশ্চ মহারথঃ ॥ ৪ ॥ ধৃষ্টকেতুশ্চেকিতানঃ কাশীরাজশ্চ বীর্য্যবান্। পুরুজিৎকুন্তিভোজশ্চ শৈব্যশ্চ নরপুঙ্গবঃ ॥ ৫ ॥ যুধামন্যুশ্চ বিক্রান্তউত্তমৌজাশ্চ বীর্য্যবান্। সৌভদ্রোদ্রৌপদেয়াশ্চ সর্ব্বএব মহারথাঃ ॥ ৬ ॥ অস্মাকন্তু বিশিষ্টা যে তান্নিবোধ দ্বিজোত্তম। নায়কা মম সৈন্যস্য সংজ্ঞার্থং তান্ ব্রবীমিতে। ৭। ভবান্ ভীষ্মশ্চ কর্ণশ্চ কৃপশ্চ সমিতিঞ্জয়ঃ। অশ্বত্থামা বিকর্ণশ্চ সৌমদত্তি র্জয়দ্রথঃ। ৮। অন্যেচ বহবঃ শূরা মদর্থে ত্যক্তজীবিতাঃ। নানাশস্ত্র প্রহরণাঃ সর্ব্বে যুদ্ধবিশারদাঃ। ৯।

স্বামিকৃত টীকা।

অত্র তাবদ্ধর্ম্মক্ষেত্র ইত্যাদিনা বিষীদন্নিদমব্রবীদিত্যন্তেন গ্রন্থেন শ্রীকৃষ্ণার্জুন সম্বাদপ্রস্তাবায় কথা নিরূপ্যতে। ধৃতরাষ্ট্র উবাচেতি। ধর্ম্মক্ষেত্র ইতি। ভোঃ সঞ্জয় ধর্ম্মভূমৌ কুরুক্ষেত্রে ধর্ম্মক্ষেত্র ইতি কুরুক্ষেত্রবিশেষণং এষামাদিপুরুষঃ কুরুনামা বভূব তস্য কুরোধর্ম্মস্থানে মামকা মৎপুত্রাঃ পাণ্ডুপুত্রাশ্চ। যুযুৎসবোযোদ্ধুমিচ্ছন্তঃ সমবেতা মিলিতাঃ সন্তঃ কিমকুর্ব্বত। ১। সঞ্জয় উবাচ। দৃষ্ট্বেত্যাদি। পাণ্ডবানামনীকং সৈন্যং ব্যূঢ়ং ব্যূহরচনয়াধিষ্ঠিতং দৃষ্ট্বা দ্রোণাচার্য্যসমীপং গত্বা ॥ ২ ॥ তদেব বচন মাহ পশ্যৈতামিত্যাদি নবভিঃ শ্লোকৈঃ পশ্যেত্যাদি হে আচার্য্য পাণ্ডবানাং মহতীং বিততাং চমূং সেনাং পশ্য দ্রুপদপুত্রেণ ধৃষ্টদ্যুম্নেন ব্যূঢ়াংব্যূহ রচনয়াধিষ্ঠিতাং ৩। অত্রেত্যাদি। অত্রাস্যাংচম্বাং ইষবো বাণা অস্যন্তে ক্ষিপ্যন্তেএভিরিতি ইষ্বাসা ধনুংষি মহান্ত ইষ্বাসা যেষাংতেমহেষ্বাসাঃ ভীমার্জ্জুনৌ তাবদত্রাতিপ্রসিদ্ধৌ যোদ্ধারৌ তাভ্যাং সমাঃ শূরাঃ সন্তি তানেব নামভির্নির্দ্দিশতি। যুযুধানঃ সাত্যকিঃ। ৪। চেকিতানোনাম একোরাজা। নরপুঙ্গবঃ নরশ্রেষ্ঠঃ শৈব্যঃ। ৫। বিক্রান্তো যো যুধামন্যুর্নামৈকঃ সৌভদ্রোঽভিমন্যুঃ দ্রৌপদেয়াঃ দ্রৌপদ্যাং

রাজা ধৃতরাষ্ট্র সঞ্জয়কে জিজ্ঞাসা করিলেন হে সঞ্জয়। দুর্য্যোধনাদি আমার পুত্র সকল এবং যুধিষ্ঠিরেরা কুরুক্ষেত্র নামক ধর্ম্মভূমিতে যুদ্ধের ইচ্ছায় একত্র হইয়া কি করিতেছেন ॥১॥ সঞ্জয় উত্তর করিলেন। হে মহারাজ, ব্যূহাকারে [অর্থাৎ যুদ্ধের রীত্যনুসারে দণ্ডায়মান যে পাণ্ডু পুত্রদিগের মহাসৈন্যদল তাহা দেখিয়া রাজা দুর্য্যোধন দ্রোণাচার্য্যের নিকট গমন পূর্ব্বক এই সকল কথা কহিতেছেন ॥ ২ ॥ হে আচার্য্য, দ্রুপদরাজার পুত্র ধৃষ্টদ্যুম্ন এবং বুদ্ধিমান অর্জ্জুন এই দুইজন কর্তৃক স্থাপিত যে যুধিষ্ঠিরাদির এই বৃহৎ সৈন্য তাহা আপনি দৃষ্টি করুন। ৩। এইসৈন্যের মধ্যে যুদ্ধকার্য্যে ভীমার্জুনের তুল্য পরাক্রমশীল যে সকল মহাধনৰ্দ্ধর আছেন তাঁহারদিগের বিবরণ এই যে, সাত্যকি, বিরাটরাজা, দ্রুপদ রাজা, এ সকলই মহারথ [অর্থাৎ ইহাঁরা অস্ত্র শস্ত্রেতে অতিনিপুণ এবং এক২ জন দশসহস্র ধনুর্দ্ধরের সহিত যুদ্ধ করণ ক্ষম হয়েন]। ৪। অপর ধৃষ্টকেতু, চেকিতাননামা রাজা, বলবান কাশীরাজা, পুরুজিৎ রাজা, কুন্তিভোজ নৃপতি, সৈব্যরাজা। ৫। এবং অতিপরাক্রমী যুধামন্যু, উত্তমৌজানামক বীর অভিমন্যু; দ্রৌপদীর পঞ্চপুত্র, ইহাঁরাও সকলই মহারথ হয়েন। ৬। হে দ্বিজ শ্রেষ্ঠ, আমারদিগের সৈন্যের মধ্যে যাহাঁরা প্রধানযোদ্ধা এইক্ষণে তাহাঁরদিগের নাম কহিতেছি তাহাও বিবেচনা করুন। ৭। আপনি একজন, ভীষ্ম, কর্ণ, কৃপাচার্য্য; এসকলই সংগ্রামে জয় করণ ক্ষম এবং অশ্বত্থামা, বিকর্ণ, ভূরিশ্রবা, জয়দ্রথ। ৮। ইহা ব্যতীত অস্ত্র শস্ত্র বিদ্যাতে বিলক্ষণ অথচ আমার নিমিত্ত ধনপ্রাণ পর্য্যন্ত পরিত্যাগ করিতে স্বীকৃত এপ্রকার অনেক যুদ্ধ বিশারদ বীরও এপক্ষে আছেন। ৯। কিন্তু তথাবিধ বীরগণেতে যুক্ত এবং ভীষ্ম সেনা

স্বামিকৃত টীকা।

পঞ্চভ্যো যুধিষ্ঠিরাদিভ্যো জাতাঃ প্রতিবিন্ধ্যাদয়ঃ পঞ্চ। মহারথাদীনাং লক্ষণং। একোদশ সহস্রাণি যোধয়েদ্যস্তু ধন্বিনাং। শস্ত্রশাস্ত্রপ্রবীণশ্চ মহারথইতিস্মৃতঃ॥অমিতান্ যোধয়েদ্যস্তু সংপ্রোক্তোঽতিরথস্তু সঃ।রথস্ত্বেকেন যো যোদ্ধা তন্ন্যূনোঽর্দ্ধরথস্তু সঃ।৬। নিবোধ বুধ্যস্ব নায়কা নেতারঃ সংজ্ঞার্থং সম্যগ্জ্ঞানার্থমিত্যর্থঃ। ৭। ত্বমেবাহং ভবানিতি দ্বাভ্যাং। ভবান্ দ্রোণঃ সমিতিং সংগ্রামং জয়তীতি তথা।সৌমদত্তিঃসোমদত্তস্য পুত্রোঃঽতে প্রকাঃ॥৮। মদর্থে মৎপ্রয়োজনার্থং জীবিতং ত্যক্তুমধ্যবসিতা ইত্যর্থঃ।নানাঅনেকানি শস্ত্রাণি প্রহরণসাধনানি যেষাংতে যুদ্ধে বিশারদাঃ নিপুণাঃ কিঞ্চ

অপর্য্যাপ্তং তদস্মাকং বলং ভীষ্মাভিরক্ষিতং। পর্য্যাপ্তং ত্বিদমেতেষাং বলং ভীমাভিরক্ষিতং।১০। অয়নেষু চ সর্ব্বেষু যথাভাগমবস্থিতাঃ। ভীষ্মমেবাভিরক্ষন্তু ভবন্তঃ সর্ব্বএবহি।১১। তস্য সংজনয়ন্ হর্ষং কুরুবৃদ্ধঃ পিতামহঃ। সিংহনাদং বিনদ্যোচ্চৈঃশঙ্খং দধ্মৌ প্রতাপবান্।১২। ততঃ শঙ্খাশ্চ ভের্য্যশ্চ পণবানকগোমুখাঃ। সহসৈবাভ্যহন্যন্তঃস শব্দস্তুমুলোঽভবৎ।১৩। ততঃ শ্বেতৈর্হয়ৈর্যুক্তে মহতি স্যন্দনে স্থিতৌ। মাধবঃ পাণ্ডবশ্চৈব দিব্যৌ শঙ্খৌ প্রদধ্মতুঃ।১৪। পাঞ্চজন্যং হৃষীকেশো দেবদত্তং ধনঞ্জয়ঃ। পৌণ্ড্রং দধ্মৌ মহাশঙ্খং ভীমকর্ম্মা বৃকোদরঃ।১৫। অনন্তবিজয়ং রাজা কুন্তীপুত্রোযুধিষ্ঠিরঃ। নকুলঃ সহদেবশ্চ সুঘোষমণিপুষ্পকৌ।১৬। কাশ্যশ্চ পরমেষ্বাসঃ শিখণ্ডী চ মহারথঃ। ধৃষ্টদ্যুম্নো বিরাটশ্চ সাত্যকিশ্চাপরাজিতঃ।১৭। দ্রুপদো দ্রৌপদেয়াশ্চ সর্ব্বশঃ পৃথিবীপতে। সৌভদ্রশ্চ মহাবাহুঃ শঙ্খান্ দধ্মুঃপৃথক্ পৃথক্।১৮। স ঘোষো ধার্ত্তরাষ্ট্রাণাং হৃদয়ানি ব্যদারয়ৎ। নভশ্চ পৃথিবীঞ্চৈব তুমুলোঽভ্যনুনাদয়ন্।১৯। অথব্যবস্থি-

স্বামিকৃত টীকা।

ততঃ কিমত আহ অপর্য্যাপ্তমিত্যাদি তত্তথাভূতৈর্বীরৈর্যুক্ত মপি ভীষ্মেণাভিরক্ষিতমপি অস্মাকং বলং সৈন্যং অপর্য্যাপ্তং তৈঃ সহ যোদ্ধুমসমর্থং ভাতি। ইদন্ত্বেতেষাং পাণ্ডবানাং বলং ভীমাভিরক্ষিতং সৈন্যং পর্য্যাপ্তং সমর্থং ভাতি।।১০।। তস্মাদ্ভবদ্ভিরেবং বর্ত্তিতব্যমিত্যাহ অয়নেষু ব্যূহপ্রবেশ মার্গেষু যথাভাগং বিভক্তাং স্বাং স্বাং রণভূমিং অপরিত্যাজ্যাবস্থিতাঃ সন্তোভীষ্মমেবাভিরক্ষন্তু যথাঽন্যৈর্যুদ্ধ্যমানঃ পৃষ্ঠতঃ কৈশ্চিন্ন হন্যেত তথা রক্ষন্তু ভীষ্ম বলেনৈবাস্মাকং জীবনমিতিভাবঃ।।১১।। তদেবং বহুমানযুক্তং রাজবাক্যং শ্রুত্বা ভীষ্মঃ কিং কৃতবান্ তদাহ তস্যেত্যাদি। তস্য রাজ্ঞোহর্ষং কুর্ব্বন্ পিতামহো ভীষ্ম উচ্চৈর্মহান্তং সিংহনাদং কৃত্বা শঙ্খং দধ্মৌ বাদিতবান্।। ১২ ।। তদেবং সেনাপতের্ভীষ্মস্য যুদ্ধোৎসবমালোক্য সর্ব্বতোযুদ্ধোৎসবঃ প্রবৃত্ত ইত্যাহ তত ইত্যাদিনা পণবা আনকা গোমুখাশ্চ বাদ্যবিশেষাঃ সহসা তৎক্ষণাদেবাভ্যহন্যন্ত বাদিতাঃ স চ শঙ্খাদিশব্দ স্তুমুলোমহানভবৎ।।১৩।। ততঃ পাণ্ডবসৈন্যে প্রবৃত্তং যুদ্ধোৎসবমাহ তত ইত্যাদি পঞ্চভিঃ। স্যন্দনে রথে স্থিতৌ সন্তৌ শ্রীকৃষ্ণার্জ্জুনৌ

পতি কর্ত্তৃক রক্ষিত এরূপ হইয়াও আমারদিগের সৈন্য যেন অসমর্থের ন্যায় প্রকাশ পাইতেছে, আর পাণ্ডবদিগের এই সৈন্য এবং ভীমকর্ত্তৃক রক্ষিত তথাচ তাহারদিগকে সমর্থজ্ঞান হয়।১০। অতএব সৈন্যের মধ্যে প্রবেশ করণের পথে আপন২ অংশানুসারে অবস্থিত হইয়া আপনারা সকলে ভীষ্মকে রক্ষা করুন যেহেতু ভীষ্মই আমারদিগের জীবন রক্ষার মূল হয়েন।১১। দুর্য্যোধনের মুখে এইরূপ সম্মানের বাক্য শ্রবণ করিয়া কুরুদিগের বৃদ্ধপিতামহ প্রতাপবান ভীষ্ম রাজা দুর্য্যোধনের হর্ষ জন্মাইবার নিমিত্ত সিংহের ন্যায় গর্জ্জনপূর্ব্বক শঙ্খনাদ করিলেন।১২। এই শঙ্খনাদের পর তৎক্ষণাৎ সকল সৈন্যকর্ত্তৃক শঙ্খ, ভেরী, মাদল, ঢাক, গোমুখ নামক যন্ত্র বিশেষ এসকলের বাদ্য হইবাতে মহাতুমুল শব্দ হইল।১৩। [এই ক্ষণে পাণ্ডবসৈন্যের যুদ্ধারম্ভ কহিতেছেন] ইহার পর শ্বেতবর্ণ অশ্ব চতুষ্টয় যুক্ত এক মহারথে থাকিয়া বাসুদেব এবং অর্জ্জুন দুই স্বগীয় শঙ্খনাদ করিলেন।১৪। [শঙ্খের বিশেষ এই যে,] বাসুদেব পাঞ্চজন্য শঙ্খ ধনঞ্জয় দেবদত্ত শঙ্খ ভয়ানক কর্ম্মকারী ভীম পৌণ্ড্র নামা শঙ্খ ধ্বনি করিলেন।১৫। কুন্তীপুত্র রাজা যুধিষ্ঠির অনন্তবিজয় শঙ্খ ও নকুল সুঘোষ নামক শঙ্খ এবং সহদেব মণিপুষ্পক নামক শঙ্খনাদ করিলেন।১৬। তৎপরে প্রধান ধনুর্দ্ধর কাশীরাজা, শিখণ্ডী, ধৃষ্টদ্যুম্ন, বিরাটরাজা, এবং যুদ্ধে অপরাজিত সাত্যকি। দ্রুপদরাজা, দ্রৌপদীর পঞ্চপুত্র, এবং এপক্ষের অন্যান্য সৈন্যগণ ও সুভদ্রানন্দন, হে মহারাজ ধৃতরাষ্ট্র, ইহাঁরা সকলে পৃথক২ শঙ্খধ্বনি করিতে লাগিলেন।১৭।১৮। এইরূপ হইবাতে সেই তুমুল শব্দ প্রতিশব্দ দ্বারা পৃথিবী ও গগণমণ্ডলকে পূরিত করত যেন দুর্য্যোধনাদির হৃদয় বিদারণ করিতেছে।১৯। হে মহারাজ ধৃতরাষ্ট্র, এই মহা

স্বামিকৃত টীকা।

শঙ্খৌ প্রকর্ষেণ দধ্মতুর্বাদয়ামাসতুঃ।। ১৪।। তদেব বিভাগেন দর্শয়ন্নাহ পাঞ্চজন্য মিত্যাদি। পাঞ্চজন্যাদীনি নামানি শ্রীকৃষ্ণাদিশঙ্খানাং। ভীমং ঘোরং কর্ম্ম যস্য সঃ।।১৫।। নকুলঃ সুঘোষং নাম শঙ্খং প্রদধ্মৌ সহদেবঃ মণিপুষ্পকং নাম।১৬। কাশ্যঃ কাশীরাজঃ কথম্ভূতঃ শ্রেষ্ঠ ইষ্বাসো যস্য সঃ তথা।১৭। হে পৃথিবীপতে হে ধৃতরাষ্ট্র।১৮। সচ শঙ্খানাং শব্দোধৃতরাষ্ট্রীয়ানাং মহাভয়ং জনয়ামাসেত্যাহ সঘোষ ইত্যাদি। ধার্ত্তরাষ্ট্রাণাং ত্বদীয়ানাংহৃদয়ানি বিদারিতবান কিংকুর্ব্বন নভশ্চ পৃথিবীঞ্চাভ্যনুনাদয়ন্নিত্যাদি ধ্বনিভিরাপূরয়ন।১৯। এতস্মিন্ সময়ে শ্রীকৃষ্ণমর্জ্জুনো বিজ্ঞাপয়ন্ কিঞ্চ

তান্ দৃষ্ট্বা ধার্ত্তরাষ্ট্রান্ কপিধ্বজঃ। প্রবৃত্তে শস্ত্রসম্পাতে ধনুরুদ্যম্য পাণ্ডবঃ। ২০। হৃষীকেশং তদা বাক্যমিদমাহ মহীপতে। অর্জুন উবাচ। সেনয়োরুভয়োর্ম্মধ্যে রথং স্থাপয় মেঽচ্যুত। ২১। যাবদেতান্নিরীক্ষেঽহং যোদ্ধুকামানবস্থিতান্। কৈর্ম্ময়া সহ যোদ্ধব্যমস্মিন্রণ সমুদ্যমে। ২২। যোৎস্যমানানবেক্ষেঽহং যএতেঽত্র সমাগতাঃ। ধার্ত্তরাষ্ট্রস্য দুর্ব্বুদ্ধের্যুদ্ধেপ্রিয়চিকীর্ষবঃ। ২৩। সঞ্জয় উবাচ। এবমুক্তো হৃষীকেশো গুড়াকেশেন ভারত। সেনয়োরুভয়োর্ম্মধ্যে স্থাপয়িত্বা রথোত্তমং। ২৪। ভীষ্মদ্রোণ প্রমুখতঃ সর্ব্বেষাঞ্চ মহীক্ষিতাং। উবাচ পার্থ পশ্যৈতান্ সমবেতান্ কুরূনিতি ॥ ২৫। তত্রাপশ্যৎ স্থিতান্ পার্থঃ পিতৄনথ পিতামহান্। আচার্য্যান্ মাতুলান্ ভ্রাতৄন্ পুত্রান্ পৌত্রান্ সখীংস্তথা। শ্বশুরান্ সুহৃদশ্চৈব সেনয়োরুভয়োরপি। ২৬। তান্ সমীক্ষ্য সকৌন্তেয়ঃ সর্ব্বান্ বন্ধূনবস্থিতান্। কৃপয়া পরয়াবিষ্টো বিষীদন্নিদমব্রবীৎ। ২৭ ॥ অর্জুন উবাচ। দৃষ্ট্বেমান্ স্বজনান্ কৃষ্ণ যুযুৎসূন্ সমবস্থিতান্। সীদন্তি মমগাত্রাণি মুখঞ্চ পরিশুষ্যতি। ২৮। বেপথুশ্চশরীরে মে রোমহর্ষশ্চ জায়তে। গাণ্ডীবং স্রংসতে হস্তাত্ত্বক্ চৈব পরিদহ্যতে। ২৯। ন চ শক্নোম্যবস্থাতুং ভ্রমতীব চ মে মনঃ। নিমিত্তানি চ পশ্যামি বিপরীতানি কেশব। ৩০। ন চ শ্রেয়োঽনুপশ্যামি হত্বা

স্বামিকৃত টীকা।

ত্যাহ চতুর্ভিরথেত্যাদি শ্লোকৈঃ। ব্যবস্থিতান্ যুদ্ধোদ্যোগস্থিতান্ কপিধ্বজোঽর্জ্জুনঃ। ২০। তদেব বাক্যমাহ সেনয়োরুভয়োরিত্যাদি। ২১। ননু ত্বং যোদ্ধা ন যুদ্ধপ্রেক্ষকস্তত্রাহ কৈর্ম্ময়েত্যাদি। কৈঃ সহ ময়া যোদ্ধব্যং। ২২ ধার্ত্তরাষ্ট্রস্য দুর্য্যোধনস্য প্রিয়ং কর্ত্তুমিচ্ছন্তোযইহ সমাগতাস্তানহং দ্রক্ষ্যামি যাবত্তাবদুভয়োঃ সেনয়োর্মধ্যে মে রথং স্থাপয়েত্যন্বয়ঃ। ২৩। ততঃ কিংবৃত্তমিত্যপেক্ষায়াং সঞ্জয় উবাচ এবমুক্তইত্যাদি। গুড়াকা নিদ্রা তস্যা ঈশেন জিতনিদ্রাঽর্জ্জুনেন এবমুক্তঃ সন্ হে ভারত হে ধৃতরাষ্ট্র। ২৪। মহীক্ষিতাং রাজ্ঞাংচ প্রমুখতঃ সংমুখে রথং স্থাপয়িত্বা হে পার্থ এতান্ কুরূন্ পশ্যেতি শ্রীভগবানুবাচ। ২৫। ততঃকিংবৃত্তমিত্যাহ তত্রেত্যাদি পিতৄন্ পিতৃব্যানিত্যর্থঃ। পুত্রান পৌত্রানিতি দুর্য্যোধনাদীনাং যে পুত্রাঃ পৌত্রাস্তানিত্যর্থঃ। সখীন্ মিত্রাণি সুহৃদঃ কৃতোপকারাংশ্চ অপশ্যৎ। ২৬। ততঃ কিং

শব্দের পুর অলক্ষিত অস্ত্র নিক্ষেপারম্ভ করিলে অর্জুন রণস্থলে অবস্থিত দুর্য্যোধনাদিকে দেখিয়া স্বীয়ধনুকে আরোপণ করিয়া শ্রীকৃষ্ণকে কহিতেছেন। ২০। অর্জুনের উক্তি। হে অচ্যুত, যুদ্ধের ইচ্ছায় দণ্ডায়মান যে এই যোদ্ধা সকল আমি ইহারদিগকে যে পর্য্যন্ত বিশেষ করিয়া দেখিব ততক্ষণ আমার রথ উভয় সৈন্যের মধ্যস্থলে স্থাপিত কর, এই যুদ্ধের আরম্ভে যুদ্ধকার্য্যেতে দুর্বুদ্ধি দুর্য্যোধনের প্রিয়হিতাভিলাষি কাহারদিগের সহিত আমাকে যুদ্ধ করিতে হইবেক [তাহা জানিনা অতএব] যুদ্ধ করণার্থ যাহারা এই সংগ্রাম স্থলে আগত হইয়াছে আমি তাহারদিগকে ভালরূপে দেখিব। ২১। ২২। ২৩। এই সময়ে সঞ্জয় কহিতেছেন। হে ধৃতরাষ্ট্র, অর্জুন শ্রীকৃষ্ণকে ইহা কহিলে পরে উভয় পক্ষের সৈন্যের মধ্যস্থলে অথচ ভীষ্ম দ্রোণাচার্য্য এবং অন্যান্য রাজারদিগের সম্মুখে অর্জুনের মনোজ্ঞ স্যন্দন রক্ষিত করিয়া বাসুদেব কহিলেন হে পার্থ, অবস্থিত কুরুগণকে দর্শন কর। ২৪। ২৫। তৎপরে অর্জুন দুইদলে অবলোকন করিয়া দেখিলেন তাহাতে পিতৃব্য, পিতামহ, আচার্য্য, মাতুল, ভ্রাতা, পুত্র, পৌত্র, মিত্রগণ, শ্বশুর, উপকারকগণ, এই সকল লোকেরা সংগ্রাম করণার্থ সংগ্রামস্থলে আগত হইয়াছেন। ২৬। উভয় দলেতে এই সকল বন্ধুবর্গকে দেখিয়া অতিশয় কৃপাতে অভিভূত অর্জুন বিষণ্ণ হইয়া এরূপ কহিতেছেন। ২৭। শ্রীকৃষ্ণের প্রতি অর্জুনের উক্তি। হে কৃষ্ণ, যুদ্ধের ইচ্ছাতে দণ্ডায়মান এই বন্ধুগণকে দেখিয়া আমার হস্ত পদাদি সকল ইন্দ্রিয় অবশ হইল এবং মুখশোষ হইতেছে। ২৮। আমার শরীরে কম্প ও রোমাঞ্চ হইল এবং হস্ত হইতে গাণ্ডীব ধনু পতিত হয় আর শোকাগ্নি শরীরের চর্ম্ম দাহ করিতেছে॥ ২৯॥ হে কেশব; যে সকল কারণে অমঙ্গল ঘটে তাহাই দেখিতেছি তাহাতে আমার মন যেন ঘূরিতেছে অতএব আমি আর তিষ্ঠিতে পারি না॥ ৩০॥ সংগ্রামেতে আত্মীয়গণের বিনাশ করিয়া উত্তম ফল কি

স্বামিকৃত টীকা

কৃতবান্ ইত্যাহ তানিতি। আবিষ্টো ব্যাপ্তঃ। ২৭। কিমব্রবীদিত্যপেক্ষায়ামাহ দৃষ্ট্বেমানিত্যাদি যাবৎসমাপ্তি। হে কৃষ্ণ যোদ্ধুমিচ্ছতঃ পুরতঃ সম্যগবস্থিতান্ বন্ধুজনান্ দৃষ্ট্বা মদীয়ানি গাত্রাণি করচরণাদীনি সীদন্তি বিশীর্য্যন্তে। ২৮। বেপথুশ্চেত্যাদি বেপথুঃ কম্পঃ রোমহর্ষো রোমাঞ্চঃ স্রংসতে নিপততি। পরিদহ্যতে সর্ব্বতঃ সন্তপ্যতে॥ ২৯॥ অপিচ নচশক্নোমীত্যাদি বিপরীতানি নিমিত্তানি অনিষ্টসূচকানি শকুনাদীনি পশ্যামি। ৩০। কিঞ্চ

স্বজন মাহবে। ন কাঙ্ক্ষে বিজয়ং কৃষ্ণ নচ রাজ্যং সুখানি চ।৩১
কিং নো রাজ্যেন গোবিন্দ কিং ভোগৈর্জীবিতেন বা। যেষামর্থে
কাঙ্ক্ষিতং নো রাজ্যং ভোগাঃ সুখানি চ। ৩২। ত ইমেঽবস্থিতা
যুদ্ধে প্রাণাংস্ত্যক্ত্বা ধনানি চ। আচার্য্যাঃ পিতরঃ পুত্রাস্তথৈব চ
পিতামহাঃ।৩৩। মাতুলাঃ শ্বশুরাঃ পৌত্রাঃ শ্যালাঃ সম্বন্ধিনস্তথা।
এতান্নহন্তুমিচ্ছামি ঘ্নতোঽপি মধুসূদন। ৩৪। অপি ত্রৈলোক্যরা-
জ্যস্য হেতোঃ কিন্নু মহীকৃতে। নিহত্য ধার্ত্তরাষ্ট্রান্নঃ কা প্রীতিঃ স্যা-
জ্জনার্দ্দন। ৩৫। পাপমেবাশ্রয়েদস্মান্ হত্বৈতানাততায়িনঃ। ত-
স্মান্নার্হা বয়ং হন্তুং ধার্ত্তরাষ্ট্রান্ সবান্ধবান্। স্বজনং হি কথং
হত্বা সুখিনঃ স্যাম মাধব। ৩৬। যদ্যপ্যেতে ন পশ্যন্তি লোভো
পহতচেতসঃ। কুলক্ষয়কৃতং দোষং মিত্রদ্রোহে চ পাতকম্। ৩৭
কথং ন জ্ঞেয় মস্মাভিঃ পাপাদস্মান্নিবর্ত্তিতুম্। কুলক্ষয়কৃতং
দোষং প্রপশ্যদ্ভির্জনার্দ্দন। ৩৮। কুলক্ষয়ে প্রণশ্যন্তি কুলধর্ম্মাঃ
সনাতনাঃ। ধর্ম্মে নষ্টে কুলং কৃৎস্নমধর্ম্মোঽভিভবত্যুত। ৩৯। অধ

স্বামিকৃত টীকা।

নচেত্যাদি। আহবে যুদ্ধে স্বজনং হত্বা শ্রেয়ঃ ফলং ন পশ্যামি। বিজয়া-
দিকং ফলং কিং ন পশ্যসীতি চেৎ তত্রাহ ন কাঙ্ক্ষ ইতি। ৩১। এতদেব
প্রপঞ্চয়তি কিংনো রাজ্যেনেত্যাদি সার্দ্ধদ্বয়েন। ৩২। যদর্থমস্মাকং রাজ্যা
দিকমপেক্ষিতং এতে তে প্রাণধনাদি ত্যাগমঙ্গীকৃত্য যুদ্ধার্থমবস্থিতাঃ।
অতঃ কিমস্মাকং রাজ্যাদিভিঃ কৃত্যমিত্যর্থঃ। ৩৩। ননু যদি কৃপয়া ত্বমে-
তান্ন হংসি তর্হি ত্বামেতে রাজ্য লোভেন হনিষ্যন্ত্যেব অতস্ত্বমেবৈতান্ হত্বা
রাজ্যং ভুঙ্ক্ষ্ব তত্রাহ এতানিত্যাদি সার্দ্ধেন ঘ্নতোঽপি অস্মান্ মারয়তোঽপি
এতান্।৩৪। ত্রৈলোক্যরাজ্যস্যাপি হেতোঃ তৎপ্রাপ্ত্যর্থমপি হন্তুং নেচ্ছামি
কিংপুনর্মহীপ্রাপ্তয়েত্যর্থঃ। ৩৫। ননুচ অগ্নিদোগরদশ্চৈব শস্ত্রপাণির্ধনাপ-
হঃ। ক্ষেত্রদারাপহারী চ ষড়েতে আততায়িনঃ। ইতি স্মরণাদগ্নিদত্বাদিভিঃ
ষড্ভির্হেতুভিরেত তাবদাততায়িনঃ। আততায়িনাঞ্চ বধোযুক্তএব। আত
তায়িনমায়ান্তং হন্যাদেবাবিচারয়ন্। নাততায়িবধে দোষো হন্তুর্ভবতি
কশ্চনেতি বচনাৎ। তত্রাহ পাপমেবেত্যাদি সার্দ্ধেন। আততায়িনমায়া-
ন্তমিত্যাদি কথমর্থ শাস্ত্রং তচ্চ ধর্ম্মশাস্ত্রাত্তু দুর্ব্বলং। যথোক্তং যাজ্ঞব-
ল্ক্যেন। স্মৃত্যোর্বিরোধে ন্যায়স্তু বলবান্ ব্যবহারতঃ। অর্থশাস্ত্রাত্তু বলব-
দ্ধর্ম্মশাস্ত্রমিতি স্থিতিঃ ইতি তস্মাদাততায়িনামপ্যেতেষামাচার্য্যাদীনাং
বধেস্মাকং পাপমেব ভবেৎ। অন্যায্যত্বাৎ অধর্ম্মত্বাচ্চ তদ্বধস্য। অমুত্র

হইবে তাহা দেখি না [যদিবা বিজয়াদিরূপ ফল সম্ভাবিত বটে] কিন্তু হে কৃষ্ণ, জয়, রাজ্য, সুখভোগ, ইহার কিছুতেই আমার আকাংক্ষা নাই। ৩১। আমরা যাহাঁরদিগের নিমিত্ত রাজ্যসুখভোগাদির আকাংক্ষা করি তাহাঁরা এই সকল লোক, আচার্য্য, পিতৃব্য; পুত্র, পিতামহ; মাতুল, শ্বশুর, পৌত্র, শ্যালক, সম্বন্ধীয় মনুষ্য, হে গোবিন্দ; ইহাঁরাইপ্রাণ ধন ত্যাগ স্বীকার করিয়া যুদ্ধে উপস্থিত হইয়াছেন তবে আর আমারদিগের রাজ্যেতে ও সুখভোগেতে এবং জীবনেতে প্রয়োজন কি আছে। হে মধুসূদন; যদ্যপি ইহারা আমারদিগকে আঘাতও করে আর স্বর্গ মর্ত্ত্য পাতাল পর্য্যন্তও অধিকার পাই তথাচ আমি ইহারদিগের বধ ইচ্ছা করি না তাহাতে এক পৃথিবীর নিমিত্ত দুর্য্যোধনাদিকে নষ্ট করিয়া আমারদিগের কি প্রিয়কার্য্য হইবে [অর্থাৎ বন্ধুবর্গকে নষ্ট করিয়া পৃথিবী লাভ আমারদিগের কিঞ্চিৎ মাত্র প্রীতিজনকও নহে। ৩২। ৩৩। ৩৪। ৩৫ ॥ এই সকল আততায়িকে [অর্থাৎ বধ করিতে উদ্যত এই কুরু সৈন্যকে]. নষ্ট করিলে পাপ আমারদিগকে আশ্রয় করিবে অতএব ধৃতরাষ্ট্রের পুত্রাদিকে বন্ধুবর্গের সহিত নষ্ট করিতে আমরা সমর্থ নহি, হেমাধব, আমরা কিরূপে আত্মীয়গণের বিনাশ করিয়া সুখী হইব। ৩৬। [যদি বল বন্ধু বধজনিত পাপ উভয় পক্ষেরই সমান তথাচ দুর্য্যোধনেরা যদ্যপি এই পাপ স্বীকার করিয়া যুদ্ধে প্রবর্ত্ত হইল তবে তুমি কেন পাপভয়ে পরাঙ্মুখ হইবা ইহার উত্তর এই যে] রাজ্য লোভেতে দুর্য্যোধনাদি বিবেচনা শূন্য হইয়াছে অতএব যদ্যপি তাহারা কুলক্ষয় জন্য দোষ এবং মিত্র হত্যাজনিত পাতক দেখিতে না পায় তথাচ হে জনার্দ্দন, কুলক্ষয় জন্য দোষ দেখিয়া আমরা কি রূপে এ ঘোর পাপ হইতে নিবর্ত্ত না হইব। ৩৭। ৩৮। [হে কৃষ্ণ, তুমি বিবেচনা কর. কুলক্ষয় করিলে চিরন্তন কুলধর্ম্ম নষ্ট হয় এবং ধর্ম্মহানি হইলেই অ-

স্বামিকৃত টীকা।

বেহবা, সুখংস্যাদিত্যাহ স্বজনংহীতি ॥ ৩৬ ॥ ননুচৈতেষামপি বন্ধুবধ দোষে সমানে যথৈবৈতে বন্ধু বধমঙ্গীকৃত্যাপি যুদ্ধে প্রবর্ত্তন্তে তথৈবভবানপি প্রবর্ত্ততাং কিমনেন বিষাদেনেত্যাহ যদ্যপীতি দ্বাভ্যাং। রাজ্যলোভেনোপহৃতং ভ্রষ্টবিবেকং চেতো যেষাংতে দুর্য্যোধনাদয়ো যদ্যপি দোষং ন পশ্যন্তি ॥ ৩৭ ॥ তথাপ্যস্মাভির্দোষং প্রপশ্যদ্ভিরস্মাৎ পাপান্নিবর্ত্তিতুং কথং ন জ্ঞেয়ং নিবৃত্তাবেব বুদ্ধিঃ কর্ত্তব্যেত্যর্থঃ ॥ ৩৮ ॥ তদেব দোষং দর্শয়তি কুলক্ষয় ইত্যাদি। সনাতনাঃ পরম্পরা প্রাপ্তাঃ। উত অপি, অব-

র্ম্মাঽভিভবাৎকৃষ্ণ প্রদুষ্যন্তি কুলস্ত্রিয়ঃ। স্ত্রীষু দুষ্টাসু বার্ষ্ণেয় জায়তে বর্ণসঙ্করঃ। ৪০। সঙ্করোনরকায়ৈব কুলঘ্নানাং কুলস্য চ। পতন্তি পিতরোহ্যেষাং লুপ্তপিণ্ডোদকক্রিয়াঃ। ৪১। দোষৈরেতৈঃ কুলঘ্নানাং বর্ণসঙ্করকারকৈঃ। উৎসাদ্যন্তে জাতিধর্ম্মাঃ কুলধর্ম্মাশ্চ শাশ্বতাঃ। ৪২। উৎসন্নকুলধর্ম্মাণাং মনুষ্যাণাং জনার্দ্দন। নরকে নিয়তংবাসো ভবতীত্যনু শুশ্রুম। ৪৩। অহো বত মহৎপাপং কর্ত্তুং ব্যবসিতা বয়ং। যদ্রাজ্য সুখলোভেন হন্তুং স্বজনমুদ্যতাঃ। ৪৪। যদি মামপ্রতীকারমশস্ত্রং শস্ত্রপাণয়ঃ। ধার্ত্তরাষ্ট্রা রণে হন্যুস্তন্মে ক্ষেমতরং ভবেৎ॥ ৪৫॥ সঞ্জয় উবাচ॥ এবমুক্ত্বার্জুনঃ সংখ্যে রথোপস্থ উপাবিশৎ। বিসৃজ্য সশরংচাপংশোকসংবিগ্নমানসঃ।৪৬। ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি শ্রীভগবদ্গীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জুন সংবাদে সৈন্যদর্শনোনাম প্রথমোঽধ্যায়ঃ॥ *

সঞ্জয় উবাচ।

তংতথা কৃপয়াবিষ্টমশ্রুপূর্ণাকুলেক্ষণং। বিষীদন্তমিদং বাক্যমুবাচ মধুসূদনঃ। ১। শ্রীভগবানুবাচ। কুতস্ত্বাং কশ্মলমিদং বিষমে

স্বামিকৃত টীকা।

শিষ্টং কৃৎস্নমপি কুলং অধর্ম্মোঽভিভবতি প্রাপ্নোতীত্যর্থঃ॥ ৩৯॥ ততশ্চ অধর্ম্মাভিভবাদিত্যাদি॥ ৪০॥ এবং সতি সঙ্করইত্যাদি এষাং কুলঘ্নানাং পিতরঃ পতন্তি হিযস্মাৎ লুপ্তাঃ পিণ্ডোদকক্রিয়া যেষাং তে তথা॥ ৪১॥ উক্তদোষমুপসংহরতি দোষৈরিত্যাদিদ্বাভ্যাং। উৎসাদ্যন্তে লুপ্যন্তে জাতিধর্ম্মাবর্ণধর্ম্মাঃ কুলধর্ম্মাশ্চেতি চকারাদাশ্রমধর্ম্মাদয়োঽপি গৃহ্যন্তে। ৪২। উৎসন্নাঃ কুলধর্ম্মা যেষামিতি উৎসন্নজাতি জাতিধর্ম্মাদীনামপ্যুপলক্ষণং। অনুশুশ্রুম শ্রুতবন্তোবয়ং। প্রায়শ্চিত্তমকুর্ব্বাণাঃ পাপেষ্বভিরতানরাঃ। অপশ্চাত্তাপিনঃ পাপা নিরয়ান্ যান্তি দারুণান্ ইত্যাদি বচনেভ্যঃ॥ ৪৩। বন্ধুবধাধ্যবসায়েন সন্তপ্যমান আহ অহোবতেত্যাদি। স্বজনং হন্তুমুদ্যতা ইতি যৎ এতন্মহৎ পাপং কর্ত্তুমধ্যবসায়ং কৃতবন্তোবয়ং অহোবত কষ্ট মিত্যর্থঃ।৪৪। এবং সন্তপ্তঃসন্ মৃত্যুমেবাশাসান আহ যদিমামিত্যাদি অকৃতপ্রতীকারং তূষ্ণীমুপবিষ্টং মাং যদি হনিষ্যন্তি তর্হিতদ্ধননং মম ক্ষেমতরং অত্যন্তহিতং ভবেৎ পাপানিষ্পত্তেঃ॥ ৪৫॥ ততঃ কিং বৃত্তমিত্যপে-

শিষ্ট কুলকে পাপে আক্রমণ করে ॥ ৩৯ ॥ এবং পাপের আক্রমণ হেতুক কুলকামিনী সকল ভ্রষ্টাচার করে সুতরাং স্ত্রীলোকেরা নষ্ট হইলে বর্ণ সঙ্কর উৎপন্ন হয়। ৪০। ঐ বর্ণসঙ্কর কুলের এবং কুলনাশকেরদের নরকের মূলকারণ যেহেতুক শ্রাদ্ধতর্পণাদি লোপ হইবাতে কুলনাশকেরদের পিতৃ লোকেরা নরকে পতিত হয়েন। ৪১। বর্ণসঙ্কর জন্মিবার কারণীভূত এই সকল দোষের দ্বারা কুলনাশকেরদের পূরুষানুক্রমে আচরিত জাতিধর্ম্ম ও কুলধর্ম্ম আশ্রমধর্ম্ম উচ্ছন্ন হয়। ৪২। এবং হে কৃষ্ণ, আমরা শুনিয়াছি যে সকল মনুষ্যের কুলধর্ম্মের উচ্ছেদ হয় তাহারদিগের ধারাবাহিক নরকে বসতি করিতে হয়। ৪৩। হা; এরূপ মহাপাপ কার্য্যেতেও আমরা যত্ন করি যে তুচ্ছ রাজ্য সুখাদির প্রলোভে আত্মীয়গণের বিনাশ করিতে উদ্যত হইয়াছি। ৪৪। অতএব আমি অস্ত্র ত্যাগ করিয়া মৌনাবলম্বনে রহিলাম ইহাতেও যদ্যপি ধৃতরাষ্ট্রের পুত্রেরা অস্ত্রধারী হইয়া আমাকে যুদ্ধে নষ্ট করে তবে তাহাও আমার অত্যন্ত হিতজনক হইবে। ৪৫। [ইহার পরে অর্জ্জুন কি করিলেন সঞ্জয় তাহা কহিতেছেন] হে মহারাজ ধৃতরাষ্ট্র, শোকেতে ব্যাকুলচিত্ত অর্জুন সংগ্রামস্থলে শ্রীকৃষ্ণকে এইরূপ বলিয়া রথের উপরিভাগে অবসন্ন হইয়া বসিলেন ॥ ৪৬ ॥

ব্যাসের কৃত শতসহস্র [অর্থাৎ লক্ষশ্লোক সংহিতামহাভারতের অন্তগত ভীষ্মপর্ব্বের মধ্যস্থিত যে ব্রহ্মবিদ্যাপ্রকাশক উপনিষদস্বরূপ ভগবদ্গীতানামক যোগশাস্ত্র তাহার সৈন্যদর্শন নামক প্রথমাধ্যায়ের এই শেষ হইল।

[ইহার পরে অর্জুন কি করিলেন তাহা সঞ্জয় কহিতেছেন] হে মহারাজ ধৃতরাষ্ট্র, উক্তপ্রকারে কৃপায় অভিভূত, ও বারি পরিপূর্ণ নয়নদ্বয় ব্যাকুল বিষাদিত অর্জুনকে শ্রীকৃষ্ণ এই সকল কথা কহিতেছেন ॥ ১ ॥ শ্রীকৃষ্ণের উক্তি ॥ হে অর্জুন, জ্ঞানি লোকেরা যে মোহকে তুচ্ছ করেন আর

স্বামিকৃত টীকা।

ক্ষায়াং সঞ্জয়উবাচ। এবমুক্ত্বেত্যাদি সংখ্যে সংগ্রামে রথোপস্থে রথস্যোপরি উপাবিশৎ উপবিবেশ। শোকেন সংবিগ্নং প্রকম্পিতং মানসং চিত্তং যস্য স তথা ॥ ৪৬ ॥ ইতি শ্রীভগবদ্গীতাটীকায়াং প্রথমোঽধ্যায়ঃ।

ততঃ কিংবৃত্তমিত্যপেক্ষায়াং সঞ্জয় উবাচ। তন্তথেত্যাদি অশ্রুভিঃ পূর্ণে আকুলে ঈক্ষণে অক্ষিণী যস্য তং তথা উক্তপ্রকারেণ বিসীদন্তমর্জুনং প্রতি মধুসূদনইদং বাক্যমুবাচ। ১। তদেব বাক্যমাহ কুত ইত্যাদি। কুতোহেতোস্ত্বাং বিষমে সঙ্কটে ইদং কশ্মলমুপস্থিতং অয়ং মোহঃপ্রাপ্তঃ যত

সমুপস্থিতং। অনার্য্যজুষ্টমস্বর্গ্যমকীর্ত্তিকরমর্জ্জুন ॥ ২ ॥ মা ক্লৈব্যং গচ্ছ কৌন্তেয় নৈতত্ত্বয্যুপপদ্যতে। ক্ষুদ্রংহৃদয়দৌর্ব্বল্যং ত্যক্ত্বো-ত্তিষ্ঠ পরন্তপ ॥ ৩ ॥ অর্জ্জুন উবাচ ॥ কথং ভীষ্মমহং সংখ্যে দ্রোণঞ্চ মধুসূদন। ইষুভিঃ প্রতিযোৎস্যামি পূজার্হাবরিসূদন ॥ ৪ ॥ গুরূন হত্বাহি মহানুভাবান্ শ্রেয়োভোক্তুং ভৈক্ষ্যমপীহলোকে। হত্বার্থ কামাংস্তু গুরূনিহৈব ভুঞ্জীয় ভোগান্ রুধিরপ্রদিগ্ধান্ ॥ ৫ ॥ ন চৈতদ্বিদ্মঃ কতরন্নোগরীয়োযদ্বা জয়েম যদিবা নো জয়েয়ুঃ। যানেব হত্বা ন জিজীবিষামস্তেঽবস্থিতাঃ প্রমুখে ধার্ত্তরাষ্ট্রাঃ। ৬। কার্পণ্য দোষোপহতস্বভাবঃ পৃচ্ছামি ত্বাং ধর্ম্মসংমূঢ়চেতাঃ। যচ্ছ্রেয়ঃ স্যান্নিশ্চিতংব্রূহি তন্মে শিষ্যস্তেঽহং শাধি মাংত্বাং প্রপন্নং। ৭। নহি প্রপশ্যামি মমাপনুদ্যাদ্যচ্ছোকমুচ্ছোষণমিন্দ্রিয়াণাম্। অবা-প্যভূমাবসপত্নমৃদ্ধং রাজ্যং সুরাণামপি চাধিপত্যং ॥ ৮ ॥ সঞ্জয়

স্বামিকৃত টীকা।

আর্য্যৈরসেবিতং অস্বর্গ্যং অধর্ম্ম্যং অযশঃ করঞ্চ। ২। তস্মান্মাক্লৈব্যমি ত্যাদি হে পার্থ ক্লৈব্যং কাতর্য্যং মাস্মগমঃ ন পাপ্নুহি যতস্ত্বয়্যেতন্নোপ-পদ্যতে যোগ্যং নভবতি ক্ষুদ্রং তুচ্ছং হৃদয়দৌর্ব্বল্যং কাতর্য্যং ত্যক্ত্বা যুদ্ধায়োত্তিষ্ঠ। হে পরন্তপ হে শত্রুতাপন ॥ ৩ ॥ নহি ক্লীবত্বেন যুদ্ধাদুপর তোস্মি কিন্তু যুদ্ধস্যান্যায্যত্বাদিত্যর্জ্জুন উবাচ কথমিত্যাদি। ভীষ্মদ্রোণৌ পূজার্হৌ পুষ্পাদ্যৈরর্চ্চনার্হৌ যোগ্যৌ তৌপ্রতি কথমহং যোৎস্যামি তত্রাপি ইষুভিঃ যত্র বাচা যোৎস্যামীতিবক্তুমনুচিতং তত্র বাণৈঃ কথং যোৎস্যামী ত্যর্থঃ অরিসূদন হে শত্রু বিমর্দ্দন। ৪। তর্হি তানহত্বা তবদেহযাত্রাপিন স্যাদিতিচেৎ তত্রাহগুরূনিত্যাদি। অহত্বা পরলোকবিরুদ্ধং গুরুবধমকৃত্বা ইহলোকে ভিক্ষান্নমপি ভোক্তুংশ্রেয় উচিতং। বিপক্ষেতুন কেবলং পরত্র দুঃখং ইহৈবচ নরকদুঃখমনুভবেয়মিত্যাহ গুরূন্হত্বা ইহৈব রুধিরেণ প্রদি গ্ধান্ প্রকর্ষেণ লিপ্তান্ অর্থকামাত্মকান ভোগানহং ভুঞ্জীয় অশ্নীয়াং। ৫। কিঞ্চ যদ্যপ্যধর্ম্মমঙ্গীকরিষ্যামঃ তথাপি কিমস্মাকং জয়ঃ পরাজয়োবা ভবেদিতি নজ্ঞায়ত ইত্যাহ নচৈতদিত্যাদি। দ্বয়োর্মধ্যে নোঽস্মাকং কতরৎ কিংনাম গরীয়োঽধিকতরং ভবিষ্যতীতি ন বিদ্মঃ। তদেবদ্বয়ং দর্শয়তি কিঞ্চাস্মাকং জয়োঽপি ফলতঃ পরাজয় এবেত্যাহ যানেব হত্বা জীবিতুং নেচ্ছামস্তএবৈতে সংমুখেঽবস্থিতাঃ। ৬। কার্পণ্যেত্যাদি এতান্হত্বা কথং জীবিষ্যাম ইতি কার্পণ্যং দোষশ্চ কুলক্ষয়কৃতঃ তাভ্যামুপহতোঽভিভূতঃ স্বভাবঃ শৌর্য্যলক্ষণোযস্য সোঽহং ত্বাং পৃচ্ছামি তথাধর্ম্মে সংমূঢং চেতো

যাহাতে অধর্ম্ম এবং অখ্যাতি জন্মে এমন সঙ্কট সময়ে কি কারণ তোমাতে সে মোহ উপস্থিত হইল। ২। হে বৈরিতাপন, তুমি এরূপ কাতর হইও না যেহেতুক এ প্রকার কাতরতা তোমার উপযুক্ত নহে অতএব তুচ্ছ যে হৃদয়ের কাতরতা তাহা ত্যাগ করিয়া যুদ্ধ করিতে গাত্রোত্থান কর॥ ৩॥ অর্জুন কহিতেছেন॥ হে মধুসূদন, দ্রোণাচার্য্য, ভীষ্ম, আমার পূজনীয় যাহাঁরদিগের সহিত বাগ্‌যুদ্ধ করাও অযুক্ত হয় আমি তাহাঁরদিগের সহিত বাণ দ্বারা কিরূপে যুদ্ধ করিব॥ ৪॥ দ্রোণাচার্য্য প্রভৃতি যে এই সকল মহানুভব গুরুতর লোক ইহাঁরদিগের হত্যা করা নরকের কারণ তাহা না করিয়া ইহলোকে ভিক্ষান্ন ভোজন করাও শ্রেয়ঃকল্প [আর তাহাতে কেবল পরকালেই নরক এমত নহে অর্থ এবং রাজ্যেতে আসক্ত ঐ সকল গুরু লোককে নষ্ট করিয়া ইহলোকেও তাহাঁরদিগের রক্ত মিশ্রিত নরকতুল্য বিষয় ভোগ করিতে হয়। ৫। আমরা তাহাঁরদিগকে জয় করি কিম্বা তাহাঁরাই আমারদিগকে জয় করেন এ দুয়ের মধ্যে কোন্ পক্ষ আমারদিগের গুরুতর হইবে তাহা জানা যায় না] আর যদি বা আমারদিগেরই জয় হয় তাহাও ফলতঃ পরাজয়, তাহার কারণ এই যে [যাহাঁরদিগের নিধনে আমরা প্রাণধারণ ইচ্ছা করি না ধৃতরাষ্ট্রের সেই সকল সন্তানেরাই যুদ্ধস্থলে পুরোভাগে উপস্থিত হইয়াছেন॥ ৬॥ কার্পণ্য [অর্থাৎ বন্ধুবর্গকে নষ্ট করিয়া কিরূপে প্রাণ ধারণ করিব] দোষ [অর্থাৎ কুলক্ষয়জন্য পাপ] এই দুয়েতে আমার শূরত্বস্বভাবকে হত করিয়াছে এবং যুদ্ধ না করিয়া ভিক্ষান্ন ভোজন ক্ষত্রিয়ের ধর্ম্ম কি অধর্ম্ম তদ্বিষয়ে চিত্ত মোহিত, অতএব হে কৃষ্ণ, তোমাকে জিজ্ঞাসা করি আমার পক্ষে যাহা শ্রেয়ো হয় তাহা নিশ্চয় করিয়া বল, আমি তোমার শাসনযোগ্য এবং শরণাগত ব্যক্তি অতএব আমাকে শিক্ষা দেও। ৭। আমি যদ্যপি পৃথিবীতে অতুল সমৃদ্ধিযুক্ত নিষ্কণ্টক রাজ্য আর দেবতার আধিপত্যও পাই তথাপি যে

স্বামিকৃত টীকা।

যস্য সঃ যুদ্ধং ত্যক্ত্বা ভিক্ষাটনমপি ক্ষত্রিয়স্য ধর্ম্মোবাহধর্ম্মোবেতি সন্দিগ্ধচিত্তঃ সন্নিত্যর্থঃ। অতো যন্নিশ্চিতং শ্রেয়োযুক্তং স্যাত্তৎব্রূহি। কিঞ্চ তেহং শিষ্যঃ শাসনার্হঃ অতস্ত্বাং প্রপন্নং শরণং গতং মাং শাধি শিক্ষয়। ৭। ত্বমেব বিচার্য্য যদ্যুক্তং তৎ কুর্ব্বিতিচেৎ তত্রাহ নহি প্রপশ্যামীতি ইন্দ্রিয়াণামুচ্ছোষণমিতি শোষণকরং মদীয়ং শোকং যৎকর্ম্মাপনুদ্যাৎ অপনয়েৎ তদহং ন পশ্যামি যদ্যপি ভূমৌনিষ্কণ্টকং সমৃদ্ধং রাজ্যং প্রাপ্স্যামি

উবাচ ॥ এবমুক্ত্বা হৃষীকেশং গুড়াকেশঃ পরন্তপঃ । ন যোৎস্য- ইতি গোবিন্দমুক্ত্বা তূষ্ণীং বভূবহ ॥ ৯ ॥ তমুবাচ হৃষীকেশঃ প্রহসন্নিব ভারত । সেনয়োরুভয়োর্ম্মধ্যে বিষীদন্তমিদং বচঃ ॥ ১০ ॥ শ্রীভগবানুবাচ ॥ অশোচ্যানন্বশোচস্ত্বং প্রজ্ঞাবাদাংশ্চ ভাষসে । গতাসূনগতাসূংশ্চ নানুশোচন্তি পণ্ডিতাঃ ॥ ১১ ॥ নত্বেবাহং জাতু নাসং ন ত্বংনেমে জনাধিপাঃ । ন চৈব ন ভবিষ্যামঃ সর্ব্বে বয়মতঃ পরম্ ॥ ১২ । দেহিনোঽস্মিন্ যথা দেহে কৌমারং যৌবনং জরা । তথা দেহান্তরপ্রাপ্তির্ধীরস্তত্র ন মুহ্যতি ॥ ১৩ ॥ মাত্রাস্প-

স্বামিকৃত টীকা ।

তথা সুরেন্দ্রত্বমপি যদি প্রাপ্স্যামি এবমেতৎসর্ব্বমবাপ্যাপি শোকাপনোদ নোপায়ং ন প্রপশ্যামীত্যন্বয়ঃ ।৮। এবমুক্ত্বার্জুনঃ কিংকৃতবানিত্যাহ সঞ্জয় উবাচ এবমিত্যাদি ।৯। ততঃকিং বৃত্তমিত্যাহ তমুবাচেত্যাদি প্রহসন্নিবেতি প্র সন্নমুখঃসন্নিত্যর্থঃ ।১০। দেহাত্মনোরবিবেকাদস্যৈবং শোকোভবতীতি ত- দ্বিবেকদর্শনার্থং শ্রীভগবানুবাচ। অশোচ্যানিত্যাদি শোকস্যাবিষয়ভূতানেব বন্ধূন্ অনুশোচঃ অনুশোচিতবানসি দৃষ্ট্বেমান স্বজনান্ কৃষ্ণ যুযুৎসূন্ সমু পস্থিতানিত্যাদিনা । তত্র কুতস্ত্বাং কশ্মলমিদং বিষমেসমুপস্থিতমিত্যাদিনা ময়াবোধিতোঽপি পুনশ্চ প্রজ্ঞাবতাং পণ্ডিতানাংবাদান্ শব্দান্ কথংভীষ্ম মহং সংখ্যে ইত্যাদীন্ কেবলং ভাষসে নতু পণ্ডিতোসি যতোগতাসূন্ গত প্রাণান্ বন্ধূন্ অগতাসূংশ্চ জীবতোপি বন্ধূন্ বন্ধুহীনা এতেকথং জীবিষ্যন্তী তিনানুশোচন্তীতি পণ্ডিতাবিবেকিনঃ ।১১। অশোচ্যত্বেহেতুমাহ নত্বেবাহমি ত্যাদি । যথাহং পরমেশ্বরো জাতুকদাচিৎ লীলাবিগ্রহস্যাবির্ভাবতিরোভা বেঽপি নাসমিতিনৈব অপিত্বাসমেব অনাদিত্বাৎ নচ ত্বং নাসীর্নাভূঃ অপি ত্বাসীরেব ইমে বা জনাধিপানৃপা নাসন্নিতি ন অপিত্বাসন্নেব মদংশত্বাৎ তথাতঃপরং ইতউপর্য্যপি ন ভবিষ্যামোনস্থাস্যাম ইতিচ নৈব অপিতুস্থা- স্যাম এব জন্মমরণ শূন্যত্বাদশোচ্যা ইত্যর্থঃ ॥ ১২ ॥ নত্বীশ্বরস্য তব জন্মাদি শূন্যত্বং সত্যমেব জীবানান্তু জন্মমরণে প্রসিদ্ধে তত্রাহ দেহিন ইত্যাদি । দে হিনো দেহাভিমানিনোজীবস্য যথাঽস্মিন স্থূলদেহে কৌমারাদ্যবস্থাস্তদ্দেহ নিবন্ধনা এব নতুস্বতঃ পূর্ব্বাবস্থানাশেনাবস্থান্তরোৎপত্তাবপি সএবাহমি তি প্রত্য ভিজ্ঞানাৎ তথৈব এতদ্দেহনাশে দেহান্তরপ্রাপ্তিরপি লিঙ্গদেহনি বন্ধনা ন তাবদাত্মনোনাশঃ জাতমাত্রস্য পূর্ব্বসংস্কারেণ স্তন্যাদৌ প্রবৃত্তিদ র্শনাৎ । অতোধীরোধীমান্ তত্রতয়োর্দেহনাশোৎপত্ত্যে ন মুহ্যতি। আত্মৈব জাতোমৃতশ্চেতি ন মন্যতে । ১৩ । ননুতানহং ন শোচামি কিন্তু তদ্বিয়োগা

শোকেতে আমার ইন্দ্রিয় সকল শুষ্ক হইতেছে তাহা নিবারণের কোন উপায় দেখি না ॥৮॥ [ইহার পরে অর্জুন কি করিলেন এই অপেক্ষাতে] সঞ্জয় কহিতেছেন। হে মহারাজ ধৃতরাষ্ট্র, শত্রুতাপন ধনঞ্জয় পূর্ব্বোক্ত বাক্য সকল কহিয়া 'আমি যুদ্ধ করিব না' গোবিন্দকে এই কথা বলিয়া মৌনাবলম্বী হইলেন। ৯। এই সময়ে উভয় সৈন্যের মধ্যস্থলে বিষাদাপন্ন অর্জুনকে ভগবান শ্রীকৃষ্ণ প্রসন্ন বদনে পরে লিখিতব্য বাক্য সকল কহিতেছেন॥ ১০ ॥ শ্রীকৃষ্ণের উক্তি। হে অর্জুন, শোকের অযোগ্য যে বন্ধুবর্গ তাহারদিগের নিমিত্ত তুমি শোক করিতেছ [অর্থাৎ এই বন্ধুবর্গকে দেখিয়া আমার হস্তপদাদি সকল ইন্দ্রিয় অবশ হইল ইত্যাদি যাহা পূর্ব্বে কথিত হইয়াছে] [তাহাতে এমন সঙ্কট সময়ে কি কারণ তোমার এরূপ মোহ উপস্থিত হইল ইত্যাদি বাক্যদ্বারা প্রবোধ জন্মাইলেও পণ্ডিতের ন্যায় কহিতেছ] [অর্থাৎ দ্রোণাচার্য্য ভীষ্ম আমার পূজনীয় ইত্যাদি] কিন্তু কার্য্যে পণ্ডিতের ন্যায় নহ যেহেতুক বন্ধুবর্গ জীবিত কি মৃত পণ্ডিতেরা তাহাতে শোকাচ্ছন্ন হয়েন না [অর্থাৎ বন্ধুহীন হইয়া কিরূপে প্রাণধারণ করিব বিবেকিরা এরূপ শোক করেন না] ॥১১॥ হে অর্জুন; আমার দেহের আবির্ভাব তিরোভাব আছে এই বলিয়া আমি পরমেশ্বর পূর্ব্বে থাকি নাই এমত নহে যেহেতুক আমি নিত্য, এবং তুমি আর এই সকল রাজগণ কি পূর্ব্বে থাকি নাই এমত নহে আর এদেহ নাশের পরেই কি সকলের স্থিতি হইবেক না এমত নহে [ফলত আত্মা জন্ম মৃত্যু রহিত সুতরাং শোকের অযোগ্য হয়েন] ॥ ১২ ॥ [যদি বল তুমি পরমেশ্বর তোমার জন্মমৃত্যু নাই একথা যথার্থ বটে, কিন্তু জীবের উৎপত্তি নাশ প্রসিদ্ধ আছে, ইহার উত্তর এই যে] দেহাভিমানি জীবাত্মার বাল্য যৌবন বার্দ্ধক্যাবস্থা যেমন কেবল এই স্থূলশরীরের দ্বারা হয় বাস্তবিক নহে সেইরূপ আত্মা এক দেহ নষ্ট হইলে পর লিঙ্গ শরীরের দ্বারা অন্য দেহে গমন করেন [এতাবতা আত্মার বিনাশ হয় এমত নহে] অতএব পণ্ডিতলোক আত্মার জন্ম মৃত্যু মানিয়া মোহিত হয়েন না। ১৩। বিষয়ের সহিত ইন্দ্রিয় সকলের যে সম্বন্ধ আছে তাহার স্বভাবে যথাকালে শীত, উষ্ণ, আত্মীয়গণের সংযোগ, বিযোগ, সুখ, দুঃখ, জন্মে কিন্তু সে ইন্দ্রিয় সম্বন্ধ অনিত্য এবং তজ্জন্য শীত উষ্ণাদিও

স্বামিকৃত টীকা।

দিদুঃখভাজং মামেবেতি চেত্তত্রাহ মাত্রাস্পর্শাইতি। মীয়ন্তে বিষয়া আভিরিতি মাত্রা ইন্দ্রিয়বৃত্তয়ঃ তাসাং স্পর্শা বিষয়েষু সম্বন্ধাঃ তে] শীতোষ্ণাদিপ্র

শাস্তু কৌন্তেয় শীতোষ্ণ সুখদুঃখদাঃ। আগমাপায়িনোঽনিত্যা-
স্তাংস্তিতিক্ষস্ব ভারত।। ১৪ ।। যংহি ন ব্যথয়ন্ত্যেতে পুরুষং পুরু-
ষর্ষভ। সমদুঃখসুখংধীরং সোঽমৃতত্ত্বায় কল্পতে।। ১৫ ।। নাসতো
বিদ্যতে ভাবো নাভাবো বিদ্যতে সতঃ। উভয়োরপি দৃষ্টোঽন্তস্ত্ব
নয়োস্তত্ত্বদর্শিভিঃ।। ১৬ ।। অবিনাশি তু তদ্বিদ্ধি যেন সর্ব্বমিদং
ততং। বিনাশমব্যয়স্যাস্য ন কশ্চিৎ কর্ত্তুমর্হতি।। ১৭ ।। অন্তবন্ত
ইমে দেহা নিত্যস্যোক্তাঃ শরীরিণঃ। অনাশিনোঽপ্রমেয়স্য তস্মা-
দ্যুধ্যস্ব ভারত।১৮। যএনং বেত্তি হন্তারং যশ্চৈনং মন্যতে হতং।
উভৌ তৌ ন বিজানীতো নায়ং হন্তি ন হন্যতে।। ১৯ ।। ন জায়-
তে ম্রিয়তে বা কদাচিন্নায়ং ভূত্বা ভবিতা বা ন ভূয়ঃ। অজোনিত্যঃ
শাশ্বতোঽয়ং পুরাণো ন হন্যতে হন্যমানে শরীরে।। ২০ ।। বেদা

স্বামিকৃত টীকা।

দা ভবন্তি তেত্বাগমাপায়িত্বাদনিত্যা অস্থিরা অতস্তান্ তিতিক্ষস্ব সহস্ব যথা
জলাতপাদিসংসর্গাস্তত্তৎ কালকৃতাঃ স্বভাবতঃ শীতোষ্ণাদি প্রয়চ্ছন্তি এবমি
ষ্টসংযোগ বিয়োগা অপি সুখদুঃখাদিপ্রয়চ্ছন্তি তেষাং চাস্থিরত্বাৎ সহনং
তব ধীরস্যোচিতং নতু তন্নিমিত্তহর্ষবিষাদপারবশ্যমিত্যর্থঃ॥ ১৪। তৎপ্রতী
কারপ্রযত্নাদপি তৎসহনমেবোচিতং মহাফলত্বাদিত্যাহ যংহীত্যাদি। এতে
মাত্রাস্পর্শা যং পুরুষং ন ব্যথয়ন্তি নাভিভবন্তি সমে দুঃখসুখে যস্য স তং তৈর
বিক্ষিপ্যমাণোধর্ম্মজ্ঞানদ্বারা অমৃতত্বায় মোক্ষায় কল্পতে যোগ্যো ভবতি। ১৫।
ননু তথাপি শীতোষ্ণাদিকমপি দুঃসহং কথং সোঢ়ব্যং অত্যন্তং তৎসহনে
চকদ.চিদাত্মনাশস্যাপি সম্ভবাদিত্যাশঙ্ক্য তত্ত্ববিচারতঃ সর্ব্বং সোঢ়ুংশক্য
মিত্যাশয়েনাহ নাসত ইত্যাদি। অসতোঽনাত্মধর্ম্মত্বাদবিদ্যমানস্য শীতো
ষ্ণাদেরাত্মনি ভাবঃ সত্তা ন বিদ্যতে। তথা সতঃ সৎস্বভাবস্যাত্মনোঽভাবো
নাশো ন বিদ্যতে এবমুভয়োঃ সদসতোরন্তঃ নির্ণয়োদৃষ্টঃ কৈস্তত্ত্বদর্শিভিঃ
বস্তুযাথার্থ্যবেদিভিঃ এবম্ভূতবিবেকেন সহস্বেত্যর্থঃ। ১৬। তত্র সৎস্বভাব
মবিনাশিবস্তু সামান্যেনোক্তং বিশেষতো দর্শয়তি। অবিনাশিত্বিতি। যেন
সর্ব্বমিদমাগমাপায়ধর্ম্মকং দেহাদি ততং সাক্ষিত্বেন ব্যাপ্তং তত্তু আত্মস্ব
রূপং অবিনাশি বিনাশশূন্যং তদ্বিদ্ধি জানীহি। তত্র হেতুমাহ বিনাশ
মিতি। ১৭। আগমাপায়ধর্ম্মকমসৎসন্দর্শয়তি অন্তবন্ত ইত্যাদি। নিত্যস্য
সর্ব্বদৈকরূপস্য অতএবানাশিনঃ। অপ্রমেয়স্যাপরিচ্ছিন্নস্যাত্মনঃ। ইমে
সুখদুঃখাদিধর্ম্মকা দেহা উক্তাস্তত্ত্বদর্শিভিঃ। তস্মাদেবমাত্মনো ন বিনাশঃ

চিরস্থায়ী নহে অতএব হে অর্জ্জুন, ঐ সকল ক্ষণিক শীতোষ্ণাদি সহ্য করাই তোমার কর্ত্তব্য তন্নিমিত্ত হয় বিষাদযুক্ত হওয়া উচিত নহে। ১৪। হে পুরুষ শ্রেষ্ঠ, ঐ সকল ইন্দ্রিয় সংসর্গ যে পুরুষের ক্লেশজনক না হইতে পারে সেই ধীর ব্যক্তি সুখ দুঃখে সমানভাবে থাকিয়া মোক্ষের যোগ্য হয়েন॥ ১৫॥ [যদি বল অতিশয় শীতোষ্ণাদি সহ্য করিতে আত্মনাশের আশঙ্কা হয় একথার উত্তর এই যে] অসৎ [অর্থাৎ অনিত্য যে শীতোষ্ণাদি তাহা আত্মাতে বর্ত্তে না এবং সৎস্বভাব যে আত্মা কদাচ তাহাঁর নাশ হয় না এই নিত্যানিত্য দুই বিষয়ের অন্ত জ্ঞানিলোকেরাই জানিতে পারেন [অর্থাৎ এই বিবেচনার দ্বারাই তাহাঁরা ঐ সকলকে সহ্য করিয়া থাকেন]॥ ১৬॥ [পূর্ব্ব শ্লোকে সামান্যাকারে সৎবস্তুর অবিনাশিত্ব কহিয়া বিশেষরূপে আত্মার বিনাশাভাব কহিতেছেন] [হে অর্জ্জুন] যে আত্মা এই জগৎকে ব্যাপিয়া বিরাজমান তাহাঁকে বিনাশরহিত জানিবা যেহেতুক তাহাঁর বিনাশ কোন প্রকারেই সম্ভাবিত নহে। ১৭। হে অর্জ্জুন, সর্ব্বদা একরূপ ও বিনাশরহিত এবং অপরিচ্ছিন্ন যে আত্মা তাহাঁর দেহেরই কেবল বিনাশ হয় অতএব তুমি শোক মোহ ত্যাগ করিয়া যুদ্ধে প্রবৃত্ত হও। ১৮। যে লোক আপনাকে আত্মার বিনাশকর্ত্তা জ্ঞান করে এবং যাহার নিশ্চয় বোধ আছে আত্মা মরেন তাহারা দুইজন কিছুই জানে না যেহেতু আত্মার হন্তা কেহ নাই এবং তাহাঁর বিনাশও হয় না॥ ১৯॥ জন্য বস্তুর ছয় প্রকার বিকার আছে তাহার প্রথম, জন্ম, দ্বিতীয়, জন্মের পর মৃত্যুর পূর্ব্বে অস্তিত্ব ব্যবহার, তৃতীয়, বৃদ্ধি, চতুর্থ, রূপান্তর গ্রহণ, পঞ্চম, হ্রাসতা, ষষ্ঠ, বিনাশ, কিন্তু আত্মার এসকল বিকার সম্ভব হয় না যেহেতু তিনি জন্মরহিত এবং

স্বামিকৃত টীকা।

নচ সুখ দুঃখাদি সম্বন্ধঃ। তস্মান্মোহজং শোকং ত্যক্ত্বা যুধ্যস্ব স্বধর্ম্মং মাত্যাক্ষীরিত্যর্থঃ। ১৮। তদেবং ভীষ্মাদিমৃত্যুনিমিত্ত শোকো নিবারিতঃ যচ্চাত্মনো হন্তৃত্বনিমিত্তং দুঃখমুক্তং এতান্ন হন্তুমিচ্ছামীত্যাদিনা তদপি তদ্বদেব নির্নিমিত্তমিত্যাহ য এনমিত্যাদি। এনমাত্মানং হননক্রিয়ায়াং কর্ম্মত্ববৎ কর্তৃত্বমপিনাস্তীত্যর্থঃ। তত্র হেতুর্নায়মিতি। ১৯। ন হন্যত ইত্যেতদেব ষড়্ভাববিকারশূন্যত্বে দ্রঢ়য়তি নজায়ত ইত্যাদি জন্মপ্রতিষেধঃ। নম্রিয়তে চেতি বিনাশ প্রতিষেধঃ বাশব্দশ্চার্থে। নচায়ং ভূত্বা উৎপদ্য ভবিতা ভবতি অস্তিত্বং ভজতে কিন্তু প্রাগেব স্বতঃ সদ্রূপ ইতি জন্মানন্তরাস্তিত্বলক্ষণ দ্বিতীয়বিকারপ্রতিষেধঃ তত্র হেতুঃ যস্মাদজঃ যোহি জায়তে সহি জন্মানন্তরমস্তিত্বং ভজতে নতু যঃ স্বতএবাস্তি স ভূয়োপ্যন্যদস্তিত্বং ভজত ইত্যর্থঃ

বিনাশিনং নিত্যং যএন মজমব্যয়ং। কথং স পুরুষঃ পার্থ কং ঘাতয়তি হন্তি কং॥ ২১॥ বাসাংসি জীর্ণানি যথা বিহায় নবানি গৃহ্লাতি নরোঽপরাণি। তথা শরীরাণি বিহায় জীর্ণান্যন্যানি সং যাতি নবানি দেহী।২২। নৈনং ছিন্দন্তি শস্ত্রাণি নৈনং দহতি পাবকঃ। ন চৈনং ক্লেদয়ন্ত্যাপো ন শোষয়তি মারুতঃ॥২৩॥ অচ্ছেদ্যোঽয়মদাহ্যোঽয়মক্লেদ্যোঽশোষ্য এবচ। নিত্যঃ সর্ব্বগতঃ স্থাণুরচলোঽয়ং সনাতনঃ॥২৪॥ অব্যক্তোঽয়মচিন্ত্যোঽয়মবিকার্য্যোঽয়মুচ্যতে। তস্মাদেবং বিদিত্বৈনং নানুশোচিতুমর্হসি। ২৫। অথ চৈনং নিত্যজাতং নিত্যং বা মন্যসে মৃতং। তথাপি ত্বং মহাবাহো নৈনং শোচিতুমর্হসি॥২৬॥ জাতস্য হি ধ্রুবোমৃত্যু-

স্বামিকৃত টীকা।

নিত্যঃ সর্ব্বদৈকরূপইতি বৃদ্ধিপ্রতিষেধঃ। শাশ্বতঃ শশ্বদ্ভব ইত্যপক্ষয় প্রতিষেধঃ। পুরাণ ইতি পরিণাম প্রতিষেধঃ। পুরাপি নবএব নতু পরিণামতো রূপান্তরং প্রাপ্য নবোভবতীত্যর্থঃ॥ ২০॥ অত এবং বৃদ্ধ্যাদ্যভাবেঽপি পূর্ব্বোক্তঃ সিদ্ধ ইত্যাহ বেদাবিনাশিনমিত্যাদি। নিত্যং বৃদ্ধিশূন্যং অব্যয়ং অপক্ষয়শূন্যং অজমবিনাশিনঞ্চ যোবেদ স পুরুষঃ কং হন্তি কথং হন্তি এবং ভূতস্য বধে সাধনাভাবাৎ। তথা স্বয়ং প্রযোজকোভূত্বা অন্যেন কং ঘাতয়তি ন কঞ্চিদপি ন কথঞ্চিদপীত্যর্থঃ। অনেন মমাপি প্রয়োজকত্বং তত্রাসদৃষ্টিং মা কার্ষীরিত্যুক্তং॥ ২১॥ নন্বাত্মনোঽবিনাশেঽপি তদীয়শরীরনাশং পর্য্যালোচ্য শোচামীতিচেৎ তত্রাহ বাসাংসীত্যাদি। কর্ম্মনিবন্ধনানাং দেহানামবশ্যংভাবিত্বাচ্চ তজ্জীর্ণদেহনাশে শোকানবকাশ ইত্যর্থঃ॥২২॥ কথং হন্তি ইত্যনেনোক্তং বধসাধনাভাবং দর্শয়ন্নবিনাশিত্বমাত্মনঃ স্ফুটীকরোতি নৈনমিত্যাদি॥ আপো ন ক্লেদয়ন্তি মৃদুকরণেন শিথিলং ন কুর্ব্বন্তি ॥২৩॥ তত্র হেতুনাহ অচ্ছেদ্য ইত্যাদিনা সার্দ্ধেন নিরবয়বত্বাৎ অচ্ছেদ্যোঽয়ং অক্লেদ্যশ্চ। অমূর্ত্তত্বাদদাহ্যঃ। দ্রবত্বাভাবাদশোষ্য ইতি।ইতশ্চ ক্লেদাদিযোগ্যো ন ভবতি যতোনিত্যঃ অবিনাশী সর্ব্বত্রগঃ সর্ব্বগতঃ। স্থাণুঃ স্থিরস্বভাবঃ রূপান্তরাপত্তিশূন্যঃ। অচলঃ পূর্ব্বরূপাপরিত্যাগী সনাতনোঽনাদিঃ॥২৪॥অব্যক্তশ্চক্ষুরাদ্যবিষয়ঃ অচিন্ত্যঃ মনসোপ্যবিষয়ঃ। অবিকার্য্যঃ কর্ম্মেন্দ্রিয়াণামপ্যগোচর ইত্যর্থঃ। উচ্যত ইতি নিত্যত্বাদাবভিযুক্তোক্তিং প্রমাণয়তি। উপসংহরতিতস্মাদেবমিত্যা-

সর্ব্বদা সমানরূপ হয়েন, শরীরের নাশে কদাচ তাঁহার নাশ হয় না॥ ২০॥ যে ব্যক্তি আত্মাকে হ্রাস, বৃদ্ধি, জন্ম, মৃত্যু, রহিত করিয়া জানে সে কাহাকে মারিতে প্রবর্ত্ত হইবে আর স্বয়ং প্রেরক হইয়া অন্য দ্বারাই বা কি প্রকারে কাহাকে নষ্ট করিতে সমর্থ হয় [অতএব তুমি যে আপনাকে বধের কর্ত্তা জ্ঞান করিতেছ এবং আমাকে প্রয়োজক মানিতেছ এভ্রমবুদ্ধি পরিত্যাগ কর]।২১। যদি বল আত্মাই যেন বিনাশরহিত হইলেন তাহার মরণ মানিয়া ব্যাকুল হই না কিন্তু শরীরের নাশ ভাবিয়া শোক করিতেছি ইহার উত্তর এই যে] লোকেরা যেরূপ জীর্ণবস্ত্র ত্যাগ করিয়া নবীনবস্ত্র পরিধান করেন আত্মা সেইরূপ জীর্ণ দেহ ছাড়িয়া অভিনব শরীর গ্রহণ করিয়া থাকেন [অর্থাৎ কর্ম্মাধীন শরীর পরিগ্রহ অবারিত, ইহাতে শরীরনাশ ভাবিয়া শোকের বিষয় কি]।২২। [বধের কারণাভাব দর্শাইয়া এইক্ষণে প্রকাশ করিয়া আত্মার অবিনাশিত্ব কহিতেছেন] এই আত্মা অস্ত্রদ্বারা ছিন্ন এবং অগ্নিদ্বারা দাহিত ও জলদ্বারা গলিত এবং বায়ুদ্বারা শুষ্ক হয়েন না। যেহেতুক আত্মা ছেদনের ও দাহের এবং গলনের ও শোষণের অযোগ্য হয়েন তাহার কারণ এই যে তিনি বিনাশরহিত এবং মনুষ্য, পশু, পক্ষী, স্থাবরজঙ্গম, সর্ব্বত্রস্থিত ও স্থিরস্বভাব এবং অচল ও আদিরহিত।২৩।২৪। পূর্ব্বং পণ্ডিতেরা কহিয়াছেন এই আত্মা চক্ষুরাদি বহিরিন্দ্রিয়ের অগোচর এবং মনও তাহাঁকে জানিতে পারে না আর হস্তপাদাদি কর্ম্মেন্দ্রিয়ের গ্রাহ্যও নহেন, অতএব হে অর্জুন, আত্মাকে এইরূপ জানিয়া শোক ত্যাগ কর।২৫। [আত্মার জন্মমৃত্যু নাই; এপক্ষে শোকের অকর্ত্তব্যতা দেখাইলেন পক্ষান্তরে শরীরের জন্মমৃত্যুতে আত্মার জন্মমৃত্যু স্বীকার করিলেও শোকচিন্তা অকর্ত্তব্য, অথ-ইত্যাদি শ্লোকদ্বারা ইহা দেখাইতেছেন] যদ্যপি শরীরের জন্মেতেই আত্মার জন্ম এবং শরীরের নাশেতেই তাঁহার নাশ হয় এরূপ স্বীকার কর, হে মহাবাহো, তথাপি তুমি এরূপ শোকাকুল হইতে পার না। ২৬। [ইহার কারণ এই যে] যে জন্মে তাহার মৃত্যু অবধা-

স্বামিকৃত টীকা।

দি॥২৫। এবমাত্মনো জন্মবিনাশাভাবান্ন শোকঃ কার্য্য ইত্যুক্তং ইদানীং দেহেন সহাত্মনো জন্ম তদ্বিনাশে চ বিনাশমঙ্গীকৃত্যাপি শোকো ন কার্য্য ইত্যাহ অথ চৈনমিত্যাদি। অথ যদ্যপি এনমাত্মানং নিত্যং সর্ব্বদা তত্তদ্দেহে জাতে জাতং মন্যসে তথা তত্তদ্দেহে মৃতে মৃতঞ্চ মন্যসে স্বপুণ্যপাপয়োস্তৎফলভূতয়োশ্চ জন্মমরণয়োরাত্মগামিত্বাৎ তথাপি ত্বং শোচিতুং নার্হসি॥ ২৬॥ কুত ইত্যত আহ জাতস্যহীত্যাদি। হি যস্মাজ্জাতস্যারব্ধকর্ম্ম

ধ্রুবং জন্ম মৃতস্য চ। তস্মাদপরিহার্য্যেঽর্থে ন ত্বং শোচিতুমর্হসি। ২৭। অব্যক্তাদীনি ভূতানি ব্যক্তমধ্যানি ভারত। অব্যক্তনিধনান্যেব তত্র কা পরিদেবনা। ২৮। আশ্চর্য্যবৎ পশ্যতি কশ্চিদেনমাশ্চর্য্যবদ্বদতি তথৈব চান্যঃ। আশ্চর্য্যবচ্চৈনমন্যঃ শৃণোতি শ্রুত্বাপ্যেনং বেদ নচৈব কশ্চিৎ।২৯। দেহী নিত্যমবধ্যোঽয়ং দেহে সর্ব্বস্য ভারত। তস্মাৎসর্ব্বাণিভূতানি নত্বংশোচিতুমর্হসি॥ ৩০॥ স্বধর্ম্মমপি চাবেক্ষ্য ন বিকম্পিতুমর্হসি। ধর্ম্ম্যাদ্ধি যুদ্ধাচ্ছ্রেয়োঽন্যৎক্ষত্রিয়স্য ন বিদ্যতে॥ ৩১॥ যদৃচ্ছয়া চোপপন্নং স্বর্গদ্বারমপাবৃতং। সুখিনঃ ক্ষত্রিয়াঃ পার্থ লভন্তে যুদ্ধমীদৃশং॥ ৩২॥ অথ চেত্ত্বমিমং ধর্ম্ম্যং সংগ্রামং ন করিষ্যসি। ততঃ স্বধর্ম্মং কীর্ত্তিঞ্চ

স্বামীকৃত টীকা।

ক্ষয়ে মৃত্যুধ্রুবোনিশ্চিতঃ। মৃতস্য তদ্দেহকৃতেন কর্ম্মণা জন্মাপি ধ্রুবমেব। তস্মাদেবমপরিহার্য্যার্থেঽবশ্যংভাবিনি জন্মমরণলক্ষণেঽর্থেত্বং বিদ্বান্ন শোচিতুমর্হসি শোচিতুং যোগ্যোন ভবসি॥২৭॥ কিঞ্চ দেহাদীনাং স্বভাবং পর্য্যালোচ্য তদুপাধিকে আত্মনো জন্মমরণে শোকো ন কার্য্য ইত্যত আহ অব্যক্তাদিনীত্যাদি। অব্যক্তং প্রধানং তদেবাদিরুৎপত্তেঃ পূর্ব্বরূপং যেষাং তান্যব্যক্তাদীনি ভূতানি শরীরাণিকারণাত্মনাস্থিতানামেবোৎপত্তেঃ। তথা ব্যক্তং অভিব্যক্তং মধ্যং জন্মমরণান্তরালস্থিতিলক্ষণং যেষাং তানি ব্যক্তমধ্যানি। অব্যক্তং নিধনং বিনাশঃ প্রলয়োযেষাং তানি অব্যক্তনিধনানি স্বকারণে লীনানি। তানীমান্যেবং ভূতান্যেব তত্র তেষু কা পরিদেবনা কঃ শোকনিমিত্তোবিলাপঃ। প্রতিবুদ্ধস্য স্বপ্নদৃষ্টবন্ধুষ্বিব শোকো ন যুজ্যত ইত্যর্থঃ॥২৮॥ কুতস্তর্হি বিদ্বাংসোঽপিলোকে শোচন্তি আত্মজ্ঞানাদেব ইত্যাশয়েনাত্মনো দুর্ব্বিজ্ঞেয়তামাহ আশ্চর্য্যবদিত্যাদি। কশ্চিদেনমাত্মানং শাস্ত্রাচার্য্যোপদেশাভ্যাং পশ্যন্নাশ্চর্য্যবৎ পশ্যতি সর্ব্বগতস্যনিত্যজ্ঞানানন্দস্বভাবস্যাত্মনোঽলৌকিকত্বাদৈন্দ্রজালিকবদঘটমানং পশ্যন্নিব বিস্ময়েন পশ্যতি অসম্ভাবনাভিভূতত্বাৎ। তথা আশ্চর্য্যবদেবান্যোবদতি। শৃণোতি চান্যঃ কশ্চিৎ পুনর্ব্বিপরীতভাবনাভিভূতঃ শ্রুত্বাপি নৈব বেদ। চ শব্দাদুক্ত্বাপি দৃষ্ট্বাপি ন সম্যগ্বেদেতি দ্রষ্টব্যং॥২৯। তদেবং দুর্ব্বোধনাত্মকত্বং সংক্ষেপেণোপদিশন্নশোচ্যত্বমুপসংহরতি দেহীত্যাদি। ৩০। যথোক্তমর্জ্জুনেন বেপথুশ্চ শরীরে মে রোমহর্ষশ্চ জায়তে ইতি তদপ্যযুক্তমিত্যাহ স্বধর্ম্মমপীত্যাদি। আত্মনোনাশাভাবাদেবৈতেষাং হননেঽপি বিকম্পিতুং নার্হসীতিসম্বন্ধঃ।

রিত আছে এবং মৃত ব্যক্তির জন্ম অবশ্যই হয় অতএব যে জন্মমরণের পরিহার নাই তুমি জ্ঞানবান হইয়া এমত বিষয়ে শোক করণের যোগ্য নহ।২৭। শরীরসকল জন্মের পূর্ব্বে অব্যক্ত [অর্থাৎ প্রকৃতিতে লীন থাকে] তৎপরে কারণবশত জন্মিয়া মৃত্যুপর্য্যন্ত প্রকাশিত হয় পুনশ্চ মরিয়া সেই অব্যক্তকারণেতে লয় পায় অতএব এমন দেহের নাশনিমিত্ত বিলাপ কি আছে।২৮। [তবে যে পণ্ডিত লোকেরা এরূপ বিষয়ে মোহিত হয়েন তাহার কারণ এই যে] কোনং ব্যক্তি শাস্ত্র দেখিয়া এবং আচার্য্যের নিকট উপদেশ পাইয়াও ইন্দ্রিয়ের অগোচরত্বপ্রযুক্ত নিত্যজ্ঞানানন্দস্বভাব আত্মাকে আশ্চর্য্যের ন্যায় [অর্থাৎ কুহকের ন্যায় অঘটমান দেখেন, আর এইরূপ এক ব্যক্তি বাক্যে উপদেশ করেন এবং শ্রোতা ব্যক্তিও শ্রবণ করিয়া আশ্চর্য্য ভাবেন অতএব দেখিয়া বলিয়া শুবণ করিয়া ও কোনং ব্যক্তি অঘটমান বোধে আত্মাকে বিশেষরূপে জানিতে পারেন না।২৯। পুনশ্চ অর্জুনকে সংক্ষেপে আত্মোপদেশ কহিতেছেন] হে ভারত, সকল শরীরেতেই আত্মা নিত্য এবং অবধ্যরূপে বিরাজমান অতএব প্রাণির প্রতি শোকাকুল হওয়া তোমার অকর্ত্তব্য হয়।৩০। [আত্মার নাশাভাব স্থির হইল এইক্ষণে অর্জুন যে প্রথমাধ্যায়ে কহিয়াছেন 'আমার শরীরে কম্প হইতেছে, যুদ্ধ ক্ষত্রিয়ের ধর্ম্ম কি না তাহাতে চিত্ত মোহিত' ভগবান ইহার উত্তর করিতেছেন] হে ধনঞ্জয়, যুদ্ধ ক্ষত্রিয়ের স্বধর্ম্ম তাহা না দেখিয়া কম্পিত হওয়া অনুচিত যেহেতুক ন্যায়োপাত্ত যুদ্ধ অপেক্ষা আর কিছুই ক্ষত্রিয়ের প্রধানধর্ম্ম নহে।৩১। প্রার্থনা ব্যতীত স্বয়ং উপস্থিত যে যুদ্ধ তাহা অবারিত স্বর্গদ্বারস্বরূপ, হে পার্থ, সৌভাগ্যশালি ক্ষত্রিয়েরা এরূপ যুদ্ধ প্রাপ্ত হয়েন।৩২। ইহাতেও যদ্যপি তুমি ধর্ম্মজনক এই সংগ্রাম না কর তবে স্বধর্ম্ম আর কীর্ত্তি পরিত্যাগ করিয়া পাপাশ্রিত হইবা।৩৩। এবং লোকেরা তোমার এই অক্ষয় অকী

স্বামীকৃত টীকা।

যচ্চোক্তং নচ শ্রেয়োঽনুপশ্যামি হত্বা স্বজনমাহবে ইতি তত্রাহ ধর্ম্ম্যাদিতি ধর্ম্মাদনপেতাৎ ন্যায্যাদ্‌যুদ্ধাদন্যৎ॥৩১॥ কিঞ্চ মহতি শ্রেয়সি স্বয়মেবোপাগতে কুতোবিকম্পস্ব ইত্যাহ যদৃচ্ছয়েত্যাদি। যদৃচ্ছয়া অপ্রার্থিতমেবোপপন্নং প্রাপ্তমীদৃশমেব যুদ্ধং সুখিনঃ সভাগ্যা এব লভন্তে যতো নিরাবরণং স্বর্গদ্বারমেবৈতৎ। এতেন স্বজনং হি কথম্ হত্বা সুখিনঃস্যাম মাধবেতি যদুক্তং তন্নিরস্তম্ ভবতি।৩২। বিপর্য্যয়ে দোষমাহ অথচেত্যাদি।৩৩।

হিত্বা পাপমবাপ্স্যসি ।৩৩। অকীর্ত্তিঞ্চাপি ভূতানি কথয়িষ্যন্তি তেঽব্যয়াং। সম্ভাবিতস্য চাকীর্ত্তির্মরণাদতিরিচ্যতে ॥ ৩৪॥ ভয়াদ্রণাদুপরতং মংস্যন্তে ত্বাং মহারথাঃ। যেষাঞ্চ ত্বং বহুমতো ভূত্বা যাস্যসি লাঘবং ॥ ৩৫॥ অবাচ্যবাদাংশ্চ বহূন্ বদিষ্যন্তি তবাহিতাঃ। নিন্দন্তস্তব সামর্থ্যং ততো দুঃখতরং নু কিম্।৩৬। হতো বা প্রাপ্স্যসে স্বর্গং জিত্বা বা ভোক্ষ্যসে মহীম্। তস্মাদুত্তিষ্ঠ কৌন্তেয় যুদ্ধায় কৃতনিশ্চয়ঃ। ৩৭। সুখদুঃখে সমে কৃত্বা লাভালাভৌ জয়াজয়ৌ। ততোযুদ্ধায় যুজ্যস্ব নৈনং পাপমবাপ্স্যসি ॥ ৩৮ ॥ এষাতেঽভিহিতা সাংখ্যে বুদ্ধির্যোগে ত্বিমাং শৃণু। বুদ্ধ্যা যুক্তো যয়া পার্থ কর্ম্মবন্ধং প্রহাস্যসি ॥ ৩৯॥ নেহাতিক্রমনাশোঽস্তি প্রত্যবায়ো ন বিদ্যতে। স্বল্পমপ্যস্য ধর্ম্মস্য ত্রায়তে মহতোভয়াৎ ॥ ৪০ ॥ ব্যবসায়াত্মিকা বুদ্ধিরেকেহ কুরুনন্দন। বহুশাখা হ্যনন্তাশ্চ

স্বামীকৃত টীকা।

কিঞ্চাকীর্ত্তিমিত্যাদি। অব্যয়াং শাশ্বতীং সম্ভাবিতস্য বহুমতস্য অতিরিচ্যতে অধিকাভবতি।৩৪। যেষাং বহুগুণত্বেন ত্বং পূর্ব্বং সম্মতোঽভূঃ তএব ভয়েন সংগ্রামাৎ ত্বাং নিবৃত্তং মন্যেরন্ ততশ্চ পূর্ব্বং বহুমতো ভূত্বা লাঘবং যাস্যসি।৩৫। কিঞ্চ অবাচ্যবাদাংশ্চেত্যাদি। অবাচ্যান্ বাদান্ বচনানর্হান্ শব্দান্ তবাহিতাঃ শত্রবো বদিষ্যন্তি। ৩৬। যদুক্তং নচৈতদ্বিদ্মঃ কতরন্নোগরীয়ো যদ্বা জয়েম যদিবা নো জয়েয়ুরিতি তত্রাহ হতোবেত্যাদি। পক্ষদ্বয়েঽপি তব লাভএবেত্যর্থঃ। ৩৭। যদপ্যুক্তং পাপমেবাশ্রয়েদস্মান্ হত্বৈতানাততায়িন ইতি তত্রাহ সুখদুঃখ ইত্যাদি। সুখদুঃখে সমে কৃত্বা তথা তয়োশ্চ কারণভূতৌ লাভালাভাবপি তৎকারণভূতৌ জয়াজয়াবপি সমৌকৃত্বা এতেষাং সমত্বকারণ হর্ষবিষাদরাহিত্যং যুদ্ধায় সন্নদ্ধোভব লাভসুখাদ্যভিভাবং হিত্বা স্বধর্ম্মবুদ্ধ্যা যুধ্যমানঃ পাপং নপ্রাপ্স্যসীত্যর্থঃ। ৩৮। উপদিষ্টং জ্ঞানযোগমুপসংহরন্ তৎসাধনং কর্ম্মযোগং প্রস্তৌতি এষেত্যাদি। সম্যক্ খ্যায়তে প্রকাশ্যতে বস্তুতত্ত্বমনয়েতিসংখ্যা সম্যক্‌জ্ঞানং তস্মিন্ প্রকাশমানমাত্মতত্ত্বং সাংখ্যং তস্মিন্ করণীয়া বুদ্ধিরেষা তবাভিহিতা এবমভিহিতায়ামপি তবচেদাত্মতত্ত্বমপরোক্ষং ন ভবতি তর্হ্যন্তঃকরণশুদ্ধিদ্বারা আত্মতত্ত্বাপরোক্ষার্থং কর্ম্মযোগেত্বিমাং বুদ্ধিং শৃণু।৩৯। ননুকৃষ্যাদি কর্ম্মণাং কদাচিদ্বিঘ্নবাহুল্যেন ফল ব্যভিচারান্মন্ত্রাদ্যঙ্গবৈগুণ্যেন চ প্রত্যবায়সম্ভবাৎ

ত্তি কহিবেন কিন্তু সম্ভাবিত ব্যক্তির যে অকীর্ত্তি সে মরণ হইতেও অধিক হয়। ৩৪। বিশেষত এই সকল বীরগণ তোমাকে যুদ্ধ হইতে ভয়প্রযুক্ত নিরত্ত জ্ঞান করিবেন সুতরাং পূর্ব্বে যাহারা তোমাকে অধিক পরাক্রমী জানিত এইক্ষণে তাহারদিগের নিকট লঘুতা প্রাপ্ত হইবা। ৩৫। এবং তোমার বিপক্ষেরা বিস্তর অযোগ্য বাক্য কহিবে আর তোমাকে নিন্দা করিবে ইহা হইতে অধিক দুঃখ আর কি আছে। ৩৬। [প্রথমাধ্যায়ে অর্জুন কহিয়াছেন "জয় পরাজয় দুয়ের মধ্যে আমারদিগের কোন্ পক্ষ শ্রেষ্ঠ তাহা জানি না," এইক্ষণে শ্রীকৃষ্ণ এই শ্লোকের দ্বারা তাহার উত্তর করিতেছেন] এই যুদ্ধে যদ্যপি মৃত্যু হয় তবে স্বর্গবাস হইবে আর যদি জয়যুক্ত হইতে পার তবে পৃথিবী লাভ করিবা, অতএব হে কুন্তীনন্দন, যুদ্ধের প্রতিজ্ঞা করিয়া গাত্রোত্থান কর। ৩৭। [প্রথমাধ্যায়ে অর্জুন আরো কহিয়াছেন "এই সকল আততায়িকে নষ্ট করিলে আমারদিগকে পাপ আশ্রয় করিবে," এইক্ষণে তাহারো উত্তর করিতেছেন] সুখ; দুঃখ এবং তাহার কারণ লাভালাভ, ও লাভালাভের মূলীভূত জয় পরাজয় এসকলকে সমান জ্ঞান করিয়া [অর্থাৎ তন্নিমিত্ত হর্ষ বিষাদরহিত হইয়া] স্বধর্ম্ম বোধে যুদ্ধে সন্নদ্ধ হও, এরূপ করিলে হত্যাজনিত পাপ হইবেক না। ৩৮। আত্মতত্ত্ব বিষয়ে যেরূপ জ্ঞান করিতে হয় তোমাকে তাহা কহিলাম এইক্ষণে তাহার কারণীভূত নিষ্কাম কর্ম্মযোগ বিষয়ে যে জ্ঞানের দ্বারা কর্ম্ম বন্ধন মুক্ত হইবেক তাহা বলিতেছি শ্রবণ কর। ৩৯। কামনারহিত হইয়া আরম্ভ করিলে একর্ম্ম নিষ্ফল হয় না এবং পরমেশ্বরের উদ্দেশে যে কর্ম্ম করা যায় মন্ত্রাদিরূপ অঙ্গহানি হইলেও তাহাতে পাপনাই বরঞ্চ পরমেশ্বরোদ্দেশে আচরিত অল্প কর্ম্মও সংসারস্বরূপ মহাবন্ধন হইতে রক্ষা করে [অর্থাৎ সম্পূর্ণ না হইলেও নিষ্কামকর্ম্ম কাম্যকর্ম্মের ন্যায় নিষ্ফল হয় না] ॥ ৪০॥ [নিষ্কাম কর্ম্ম কি হেতুক নিষ্ফল হয় না এই অভিপ্রায়ে নিষ্কাম ও সকাম কর্ম্মের, বৈলক্ষণ্য দেখাইতেছেন] হে কুরুনন্দন,

স্বামীকৃত টীকা।

কুতঃ কর্ম্মযোগে কর্ম্মবন্ধপ্রহাণং তত্রাহ নেহেত্যাদি ইহ নিষ্কামকর্ম্মযোগে ইতি ক্রমস্য প্রারব্ধস্য নাশো নিষ্ফলত্বং নাস্তি প্রত্যবায়শ্চ ন বিদ্যতে ঈশ্বরোদ্দেশেনৈববিঘ্নবৈগুণ্যাদ্যসম্ভবাৎ। কিঞ্চাস্যধর্ম্মস্য স্বল্পমপি কৃতং মহতোভয়াৎ সংসারাৎ ত্রায়তে রক্ষতি নতু কাম্যকর্ম্মবৎ কিঞ্চিদ্বৈগুণ্যাদিনা নৈষ্ফল্যমস্যেত্যর্থঃ। ৪০ ॥ কুত ইত্যাশঙ্কায়ামুভয়োর্ব্বৈষম্যমাহ ব্যবসায়াত্মি

বুদ্ধয়োঽব্যবসায়িনাম্ ॥ ৪১ ॥ যামিমাং পুষ্পিতাং বাচং প্রবদন্ত্য বিপশ্চিতঃ। বেদবাদরতাঃ পার্থ নান্যদস্তীতিবাদিনঃ ॥ ৪২ ॥ কামাত্মানঃ স্বর্গপরা জন্ম কর্ম্মফলপ্রদাং। ক্রিয়াবিশেষ বহুলাং ভোগৈশ্বর্য্যগতিং প্রতি ॥ ৪৩। ভোগৈশ্বর্য্যপ্রসক্তানাং তয়াপহৃত-চেতসাং। ব্যবসায়াত্মিকা বুদ্ধিঃ সমাধৌ ন বিধীয়তে ॥ ৪৪। ত্রৈগুণ্যবিষয়া বেদা নিস্ত্রৈগুণ্যো ভবার্জুন। নির্দ্বন্দ্বো নিত্যসত্ত্বস্থো নির্যোগক্ষেম আত্মবান্ ॥ ৪৫ ॥ যাবানর্থ উদপানে সর্ব্বতঃ সংপ্লু-

স্বামীকৃত টীকা।

কা পরমেশ্বরভক্ত্যৈব ধ্রুবং তরিষ্যামীতি নিশ্চয়াত্মিকা একৈকনিষ্ঠৈব বুদ্ধির্ভবতি। অব্যবসায়িনাং তদ্বহির্মুখানাং কামিনাং কামানামানন্ত্যাৎ অনন্তাস্তত্রাপি কর্ম্মফলগুণফলাদিপ্রকারভেদাদ্বহুশাখাশ্চ বুদ্ধয়োভবন্তি। ঈশ্বরারাধনার্থং হি নিত্যং নৈমিত্তিকং কর্ম্ম কিঞ্চিদঙ্গবৈগুণ্যেনাপি ন নশ্যতি যথা শক্নুয়াৎ তথা কুর্য্যাদিতি তদ্বিধীয়তে নচ বৈগুণ্যমপি ঈশ্বরোদ্দেশেনৈব বৈগুণ্যোপশমাৎ নতু তথা কাম্যং কর্ম্ম অতোমহদ্বৈষম্যমিতিভাবঃ ॥ ৪১ ॥ ননু কামিনোঽপি কষ্টান্ কামান্ বিহায় ব্যবসায়াত্মিকামেববুদ্ধিং কিং ন কুর্ব্বন্তি তত্রাহ যামিত্যাদি। পুষ্পিতবিষলতাবদাপাততরমণীয়াং প্রকৃষ্টাং পরমার্থফলপরামেব বদন্তি বাচং স্বর্গাদিফলশ্রুতিং তেষাং তয়া বাচাঽপহৃতচেতসাং ব্যবসায়াত্মিকাবুদ্ধিস্তু ন বিধীয়তে ইতি তৃতীয়েনান্বয়ঃ। কিমিতি তথা বদন্তি যতোঽবিপশ্চিতোমূঢ়াস্তত্র হেতুঃ বেদে যে বাদা অর্থবাদা অক্ষয্যং হবৈ চাতুর্ম্মাস্যযাজিনঃ সুকৃতং ভবতি তথা অপামসোমমমৃতা অভূম ইত্যাদ্যাঃ। তেষ্বেব রতাঃ প্রীতাঃ অতএব অতঃ পরমন্যদীশ্বরতত্ত্বং প্রাপ্যং নাস্তীতিবদনশীলাঃ। ৪২। অতএব কামাত্মানঃ কামাকুলিতচিত্তাঃ অতএব স্বর্গ এব পরঃ পুরুষার্থো যেষাং তে। জন্ম চ তত্র কর্ম্মাণি চ তৎফলানি চ প্রদদাতীতি তথা তাং ভোগৈশ্বর্য্যয়োর্গতিং প্রাপ্তিংপ্রতি সাধনভূতা যে ক্রিয়াবিশেষাস্তে বহুলা যস্যাং তাং প্রবদন্তীত্যনুষঙ্গঃ।৪৩। ততশ্চ ভোগৈশ্বর্য্য প্রসক্তানামিত্যাদি। ভোগৈশ্বর্য্যয়োঃ প্রসক্তানাম ভিনিবিষ্টানাং তয়া পুষ্পিতয়া বাচাপহৃতমাকৃষ্টং চেতোযেষাং। সমাধিশ্চিত্তৈকাগ্র্যং পরমেশ্বরৈকমুখ্যত্বং তস্মিন্নিশ্চয়াত্মিকা বুদ্ধিস্তু ন বিধীয়তে কর্ম্মকর্ত্তরি প্রয়োগঃ নোৎপদ্যত ইতিভাবঃ ॥ ৪৪॥ ননু স্বর্গাদিকং পরমং ফলং ন ভবতি তর্হি কিমিতি বেদৈস্তৎ সাধনতয়া

নিষ্কামকর্ম্ম বিষয়ে পরমেশ্বরভক্তি দ্বারা অবশ্য পরিত্রাণ পাইব এই রূপ নিশ্চয় বুদ্ধি কেবল পরমেশ্বরনিষ্ঠা হইয়া থাকে আর কামনা, কর্ম্মফল, গুণফল, অনন্ত একারণ পরমেশ্বরনিষ্ঠারহিত ব্যক্তিরদিগের বুদ্ধি নানাপ্রকার হয় ॥ ৪১ ॥ বিষলতার ন্যায় আপাততঃ মনোরঞ্জক বাক্য [অর্থাৎ স্বর্গ অথবা পুত্রধনাদি কামনাতে যাগ করিলে স্বর্গ ও পুত্র ধনাদি লাভ হয় ইত্যাদি বোধক যে বেদ বাক্য] তাহাকে প্রতিপন্ন করে যে মূঢ় ব্যক্তিরা হে অর্জ্জুন, তাহারা ঐ সকল ফলপ্রদর্শক বেদ বাক্যে দার্ঢ্য করিয়া বলে যে প্রাপ্তব্য পরমেশ্বর তত্ত্ব ইহার অতিরিক্ত নাই ॥ ৪২ ॥ ঐ সকল লোকেরদের চিত্ত কামনাতে ব্যাকুল তাহারা স্বর্গকেই পরমপুরুষার্থ জ্ঞান করে অতএব যে সকলকর্ম্মানুষ্ঠান করিলে পুনর্ব্বার জন্ম হয় এবং পুনরায় কর্ম্ম আর তজ্জন্য ফল পাওয়া যায় ঐ সকল কর্ম্ম প্রতিপাদক বেদবাক্য যাহা ঐশ্বর্য্য সুখভোগের লোভপ্রদর্শক হয় তাহাকেই প্রধান বলে ॥ ৪৩ ॥ যে সকল ব্যক্তির কেবল ঐশ্বর্য্য সুখভোগেতে আসক্তি এবং পূর্ব্বোক্ত মনোরঞ্জক বেদ বাক্যের দ্বারা চিত্ত আকর্ষিত হইয়াছে পরমেশ্বর মুখ্যবোধে তাহারদিগের নিষ্ঠা হয় না [অর্থাৎ কেবল পরমেশ্বর ভক্তি দ্বারাই পরিত্রাণ পাইব তাহারদিগের একপ নিশ্চয়বোধ হয় না] ॥ ৪৪ ॥ [যদি বল স্বর্গাদি ফল যদ্যপি প্রধান না হয় তবে বেদের মধ্যে তাহার বিধান কি নিমিত্ত হইল একথার উত্তর এই যে] যাহারা কর্ম্ম জন্যফল ইচ্ছা করে তাহারদিগের প্রতিই স্বর্গাদিফল প্রদর্শক বেদ সকল কথিত হইয়াছে কিন্তু হে অর্জ্জুন, তুমি নিষ্কামী হও ॥ ৪৫ ॥ অল্প জলবিশিষ্ট নানা কূপতড়াগাদিতে ভ্রমণদ্বারা যে সকল কার্য্য হইয়া থাকে এক মহাহ্রদেতেই যেমন সে সমুদায়

স্বামিকৃত টীকা।

কর্ম্মাণি বিধীয়ন্তে তত্রাহ ত্রৈগুণ্য বিষয়া ইত্যাদি ত্রিগুণাত্মকা সকামা যেহধিকারিণস্তদ্বিষয়াঃ কর্ম্মফলসম্বন্ধপ্রতিপাদকা বেদাঃ ত্বন্তু নিস্ত্রৈগুণ্যোভব। তত্রোপায়মাহ নির্দ্বন্দ্বঃসুখদুঃখশীতোষ্ণাদিযুগলানি দ্বন্দ্বানি তদ্রহিতোভব তানি সহস্বেত্যর্থঃ। কথমিত্যত্রাহ নিত্যসত্ত্বস্থঃ সন্ ধৈর্য্যমবলম্ব্যেত্যর্থঃ। তথা নির্যোগক্ষেমঃ অপ্রাপ্তস্বীকারোযোগঃ প্রাপ্তপরিপালনং ক্ষেমঃ তদ্রহিতঃআত্মবান্ অপ্রমত্তঃ নহি দ্বন্দ্বাকুলস্য যোগক্ষেমব্যাকুলিতস্যচ প্রমাদিনস্ত্রৈগুণ্যাতিক্রমঃ সম্ভবতীতি। ৪৫ নমু বেদোক্তকামনাপরিত্যাগেন নিষ্কামতয়া ঈশ্বরারাধনব্যবসায়াত্মিকাবুদ্ধিঃ কুবুদ্ধিরেবেত্যাশঙ্ক্যাহ যাবানর্থ ইত্যাদি। উদকং পীয়তে যস্মিংস্তদুদপানং বাপীকূপাদি তস্মিন স্বল্পোদকে একত্র কৃৎস্নস্যার্থস্যাসম্ভবাৎ তত্র পরিভ্রমণেচ বিভাগশোযা-

তোদকে। তাবান্ সর্ব্বেষু বেদেষু ব্রাহ্মণস্য বিজানতঃ॥ ৪৬॥ কর্ম্মণ্যেবাধিকারস্তে মা ফলেষু কদাচন। মা কর্ম্মফলহেতুর্ভূর্মা তে সঙ্গোঽস্ত্বকর্ম্মণি॥ ৪৭॥ যোগস্থঃ কুরু কর্ম্মাণি সঙ্গং ত্যক্ত্বা ধনঞ্জয়। সিদ্ধ্যসিদ্ধ্যোঃ সমো ভূত্বা সমত্বং যোগ উচ্যতে।৪৮। দূরেণ হ্যবরং কর্ম্ম বুদ্ধিযোগাদ্ধনঞ্জয়। বুদ্ধৌ শরণমন্বিচ্ছ কৃপণাঃ ফল-হেতবঃ।৪৯। বুদ্ধিযুক্তো জহাতীহ উভে সুকৃতদুষ্কৃতে। তস্মা-দ্যোগায় যুজ্যস্ব যোগঃ কর্ম্মসু কৌশলং॥ ৫০॥ কর্ম্মজং বুদ্ধিযুক্তা হি ফলং ত্যক্ত্বা মণীষিণঃ। জন্মবন্ধবিনির্ম্মুক্তাঃ পদংগচ্ছন্ত্যনাময়ং।৫১। যদা তে মোহকলিলং বুদ্ধির্ব্যতিতরিষ্যতি। তদা গন্তা

স্বামিকৃত টীকা।

বান্ স্নানপানাদিরর্থঃ প্রয়োজনং ভবতি তাবান্ সর্ব্বোপ্যর্থঃ সর্ব্বতঃ সংপ্লু-তোদকে মহাহ্রদে একত্রৈব যথা ভবতি এবং যাবান্ সর্ব্বেষু বেদেষু তত্তৎ কর্ম্মফলভূতোঽর্থ স্তাবান্ সর্ব্বোঽপি বিজানতো ব্যবসায়াত্মকবুদ্ধিযুক্তস্য ব্রাহ্মণস্য ব্রহ্মনিষ্ঠস্য ভবত্যেব ব্রহ্মানন্দে ক্ষুদ্রানন্দানামন্তর্হিতত্বাৎ।এতস্যৈ-বানন্দস্য অন্যানি ভূতানি মাত্রামুপজীবন্তীতিশ্রুতেঃ। তস্মাদিয়মেব সুবুদ্ধি-রিত্যর্থঃ॥৪৬॥ তর্হি সর্ব্বকর্ম্মফলানি পরমেশ্বরারাধনাদেব ভবিষ্যন্তীত্য-ভিসন্ধায় প্রবর্ত্তেতেত্যাশঙ্ক্য তদ্বারয়ন্নাহ কর্ম্মণীত্যাদি। তত্ত্বজ্ঞানার্থিনঃ কর্ম্মণ্যেবাধিকারঃ তৎফলেষু বন্ধহেতুষ্বধিকারোমাস্তু ননুকর্ম্মণি কৃতে তৎফলংস্যাদেব ভোজনে কৃতে তৃপ্তিবদিত্যাশঙ্ক্যাহ মা কর্ম্মফলহেতুর্ভূঃ ক র্ম্মফলং প্রবৃত্তির্হেতুর্যস্য তথা মাভূঃ কাম্যমানস্যৈব স্বর্গাদের্নিয়োজ্যবিশেষণ ত্বেন ফলত্বাদকামিতং ফলং ন স্যাদিতিভাবঃ। অতএব ফলং বন্ধনং ভ-বিষ্যতীতি ভয়াদকর্ম্মণি কর্ম্মাকরণেঽপি তব সঙ্গোনিষ্ঠা মাস্তু।৪৭॥ কিংতর্হি যোগস্থ ইত্যাদি যোগঃ পরমেশ্বরৈকপরত্ব। তত্র স্থিতঃ কর্ম্মাণি কুরু তথা সঙ্গংকর্তৃত্বাভিনিবেশং ত্যক্ত্বা কেবলমীশ্বরাশ্রয়েণৈব কুরু তস্য ফলস্য জ্ঞানস্যাপি সিদ্ধ্যসিদ্ধ্যোঃ সমোভূত্বা কেবলমীশ্বরার্পণেনৈব কুরু যত এবং ভূতং সমত্বমেব যোগ উচ্যতে সদ্ভিঃ চিত্তসমাধানরূপত্বাৎ॥৪৮॥ কাম্যন্তু কর্ম্মাতিনিকৃষ্টমিত্যাহ দূরেণহ্যবরংকর্ম্মেত্যাদি। বুদ্ধ্যা ব্যবসায়াত্মিকয়া কৃতঃ কর্ম্মযোগোবুদ্ধিযোগঃ বুদ্ধিসাধনভূতো বা তস্মাৎসকাশাদন্যৎকাম্যং কর্ম্ম দূরেণাবরং অত্যন্তমপকৃষ্টং হি যস্মাদেবং তস্মাদ্বুদ্ধৌ জ্ঞানে শরণ-মাশ্রয়ং কর্ম্মযোগমন্বিচ্ছ অনুতিষ্ঠ॥৪৯॥ বুদ্ধিযোগশ্চশ্রেষ্ঠইত্যাহ বুদ্ধি

রিষপন্ন হয় সেইরূপ, কেবল পরমেশ্বর ভক্তিতেই পরিত্রাণ পাইব এই বুদ্ধি যুক্ত ব্রহ্মনিষ্ঠ ব্যক্তি বেদবিহিত সকল কর্ম্মজন্য ফল প্রাপ্ত হয়েন [অর্থাৎ ব্রহ্মানন্দলাভেতেই তদন্তঃপাতি ক্ষুদ্রানন্দ লাভ হয়]॥৪৬॥ [যদি বল কেবল পরমেশ্বর ভক্তিদ্বারা সকল কর্ম্মের ফলপ্রাপ্ত হইব এই বুদ্ধি করিয়া কর্ম্মা নুষ্ঠানেতেই কেন প্রবর্ত্ত না হই এপ্রশ্নের সিদ্ধান্ত এই যে] তুমি তত্ত্ব জ্ঞানার্থী হইয়াও কর্ম্ম করিতে পার কিন্তু কর্ম্মের ফল কামনাতে কদাচ তো মার অধিকার নাই যেহেতু কামনা ত্যাগ করিয়া কর্ম্ম করিলে তাহা জন্ম মরণাদিরূপ বন্ধনের কারণ হয় না অতএব কর্ম্ম বন্ধনের কারণ এই ভাবিয়া কর্ম্মানুষ্ঠানেতে বিরত হও॥ ৪৭॥ [তবে কি কর্ত্তব্য তাহা বলিতেছেন] কর্ম্মের ব্যবহিত ফল যে তত্ত্বজ্ঞান তাহার সিদ্ধি অসিদ্ধিকে সমানবোধ করি য়া কর্তৃত্বাভিমান ত্যাগ পূর্ব্বক কেবল পরমেশ্বরারাধনার্থ কর্ম্মানুষ্ঠান কর যেহেতু কর্ম্মফলের সিদ্ধি অসিদ্ধিতে যে সমতাবোধ তাহাকেই যোগ কহেন ॥৪৮॥ কেবল পরমেশ্বরারাধনার্থ যে কর্ম্ম তদপেক্ষা সকামকর্ম্ম অত্যন্ত নিন্দিত হয়, অতএব, হে অর্জুন, তুমি ফল ত্যাগ করিয়া জ্ঞানের নিমিত্ত কর্ম্মানুষ্ঠান কর যেহেতুক ফলাভিলাষী হইয়া যাহারা কর্ম্ম করে তাহারা ক্ষুদ্র হয়॥ ৪৯॥ স্বর্গ নরকাদি ভোগের কারণ যে পুণ্য পাপ, জ্ঞানবান ব্যক্তি পরমেশ্বর প্রসাদাৎ সে উভয়কে এজন্মেই পরিত্যাগ করেন, অতএব তুমি নিষ্কাম কর্ম্মে প্রবর্ত্ত হও, যে কর্ম্ম বন্ধনের কারণ সেই কর্ম্ম পরমেশ্বরা রাধনার্থ করিয়া মোক্ষ সম্পাদন এই যে কৌশল ইহাকেই যোগ কহি॥৫০॥ বুদ্ধিযুক্ত জ্ঞানি ব্যক্তিরা ফল কামনা ত্যাগ করিয়া কেবল পরমেশ্বরারাধ নার্থ কর্ম্মানুষ্ঠান দ্বারা জ্ঞান পাইয়া জন্ম মরণাদিরূপবন্ধনমুক্ত হইয়া সকল উপদ্রব রহিত ব্রহ্মপদ প্রাপ্ত হয়েন॥৫১॥ এইরূপে ক্রমশঃ পরমেশ্বরারা

স্বামীকৃত টীকা।

যুক্তইত্যাদি। সুকৃতং স্বর্গাদিপ্রাপকং দুষ্কৃতং নিরয়প্রাপকং তে উভে ই- হৈব জন্মনি পরমেশ্বরপ্রসাদেন ত্যজতি। তস্মাত্তদর্থায় কর্ম্মযোগায় যুজ্যস্ব ঘটস্ব যতঃকর্ম্মসু যৎকৌশলং বন্ধকানামপি তেষামীশ্বরারাধনেন মোক্ষ- পরত্ব সম্পাদনচাতুর্য্যং স এব যোগঃ। ৫০। কর্ম্মণাং মোক্ষসাধনত্বপ্রকার- মেবাহ কর্ম্মজমিত্যাদি। কর্ম্মজং ফলং ত্যক্ত্বা কেবলমীশ্বরারাধনার্থং কর্ম্ম কুর্ব্বাণামনীষিণোজ্ঞানিনোভূত্বা জন্মরূপেণ বন্ধেন বিনির্মুক্তাঃ সন্তো- হনাময়ং সর্ব্বোপদ্রবরহিতং বিষ্ণোঃ পদং মোক্ষাখ্যং গচ্ছন্তি॥৫১॥ কদাচিত্তৎপদমহং প্রাপস্যামীত্যপেক্ষায়ামাহ যদেত্যাদি দ্বাভ্যাং। যদে-

সি নির্ব্বেদং শ্রোতব্যস্য শ্রুতস্য চ। ৫২। শ্রুতিবিপ্রতিপন্না তে যদা স্থাস্যতি নিশ্চলা। সমাধাবচলাবুদ্ধিস্তদা যোগ মবাপ্স্যসি ।৫৩। অর্জুন উবাচ। স্থিতপ্রজ্ঞস্য কা ভাষা সমাধিস্থস্য কেশব। স্থিতধীঃ কিং প্রভাষেত কিমাসীত ব্রজেত কিং। ৫৪। ভগবানুবাচ। প্রজহাতি যদা কামান্ সর্ব্বান্ পার্থ মনোগতান্। আত্মন্যেবাত্মনা তুষ্টঃ স্থিতপ্রজ্ঞস্তদোচ্যতে ॥ ৫৫ ॥ দুঃখেষ্বনুদ্বিগ্নমনাঃ সুখেষু বিগতস্পৃহঃ। বীতরাগভয়ক্রোধঃস্থিতধীর্মুনিরুচ্যতে ॥ ৫৬ ॥ যঃ সর্ব্বত্রানভিস্নেহস্তত্তৎ প্রাপ্য শুভাশুভং। নাভিনন্দতি ন দ্বেষ্টি তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা ॥ ৫৭ ॥ যদা সংহরতে চায়ং কূর্ম্মোঽঙ্গানীব

স্বামীকৃত টীকা।

ত্যাদি মোহো দেহাদিষ্বাত্মবুদ্ধিঃ স এব কলিলং, কলিলং গহনং দুর্গমিতিকো ষস্মৃতেঃ। ততশ্চায়মর্থঃ এবং পরমেশ্বরারাধনে ক্রিয়মাণে যদা তৎ প্রসাদেন তব বুদ্ধিঃ দেহাভিমানলক্ষণং মোহময়ং গহনং দুর্গং বিশেষেনাতিতরিষ্যতি। তদা শ্রোতব্যস্য শ্রুতস্যার্থস্য নির্বেদং বৈরাগ্যং গন্তাসি প্রাপ্স্যসি। তয়োরনুপাদেয়ত্বেন জিজ্ঞাসাং নকরিষ্যসীত্যর্থঃ। ৫২। ততশ্চ শ্রুতিবিপ্রতিপন্নেত্যাদি। শ্রুতিভির্নানালৌকিকবৈদিকানর্থশ্রবণৈর্বিপ্রতিপন্না ইতঃপূর্ব্বং বিক্ষিপ্তা সতী তব বুদ্ধির্যদা সমাধৌ স্থাস্যসি সমাধীয়তে চিত্তমস্মিন্নিতি সমাধিঃ পরমেশ্বরঃ। তস্মিন্নিশ্চলা বিষয়ান্তরানাকৃষ্টা অত এবাচলা অভ্যাসপাটবেন তত্রৈব স্থিতা সতী যদা যোগং যোগফলং তত্ত্বজ্ঞানমবাপ্স্যসি ॥ ৫৩ ॥ পূর্ব্বশ্লোকোক্তস্যার্থতত্ত্বস্য লক্ষণং জিজ্ঞাসুরর্জুন উবাচ স্থিতপ্রজ্ঞস্যেত্যাদি। স্বাভাবিকযোগকে সমাধৌ স্থিতস্য অতএব স্থিতা নিশ্চলা প্রজ্ঞা বুদ্ধির্যস্য তস্য কা ভাষা ভাষ্যতে অনয়েতি ভাষা লক্ষণমিতি যাবৎ। কেন লক্ষণেন স্থিতপ্রজ্ঞ উচ্যতইত্যর্থঃ তথা স্থিতধীঃ কথং ভাষণমাসনং ব্রজনঞ্চকুর্য্যাদিত্যর্থঃ ॥ ৫৪ ॥ অত্রচ যানি সাধকস্য জ্ঞানসাধনানি ভানেপ্রশ্বাভাবিকানি সিদ্ধস্য লক্ষণানি অতঃ সিদ্ধস্য লক্ষণানি কথয়ন্নেবান্তরঙ্গসাধনান্যাহ যাবদধ্যায়সমাপ্তিং। তত্রচ প্রথমপ্রশ্নোত্তরমাহ প্রজহাতীতিদ্বাভ্যাং। প্রজহাতীত্যাদি। মনসিস্থিতান্ কামান্ যদা প্রকর্ষেণ জহাতীতি ত্যাগহেতুমাহ আত্মন্যেব স্বস্মিন্নেব পরমানন্দরূপে আত্মনা স্বয়মেব তুষ্ট ইতি আত্মারামঃ সন্ যদা ক্ষুদ্রবিষয়াভিলাষাংস্ত্যজতি তদা তেন লক্ষণেন মুনিঃ স্থিতপ্রজ্ঞ উচ্যত ইত্যর্থঃ ৫৫। কিঞ্চ দুঃখেষ্বনুদ্বিগ্নেত্যা

ধনার্থে কর্ম্ম করিয়া যখন তোমার বিশেষ বোধ হইবে যে শরীর হইতে আত্মা পৃথক তখন যাহা শ্রবণ করিয়াছ এবং যত শুনিবা সে সকলেতেই অত্যন্ত বৈরাগ্য জন্মিবে ॥ ৫২ ॥ লোক হইতে ও বেদ হইতে নানাপ্রকার শ্রবণ দ্বারা অস্থির হইয়াছে যে তোমার বুদ্ধি তাহা যখন বিষয়ান্তরে আকৃষ্ট না হইয়া অভ্যাসাধীন কেবল পরমেশ্বরেতে নিশ্চলরূপে অবস্থিত হইবেক তখন তত্ত্বজ্ঞান প্রাপ্ত হইবা ॥ ৫৩ ॥ [এইক্ষণে অর্জুন শ্রীকৃষ্ণকে জিজ্ঞাসা করিতেছেন] হে কেশব, পরমেশ্বরেতে নিশ্চল বুদ্ধিযুক্ত স্থিরপ্রজ্ঞ [অর্থাৎ ঈশ্বরনিষ্ঠ] ব্যক্তির চিহ্ন কি, আর তিনি কিরূপ কথা কহেন এবং কিপ্রকার থাকেন ও কিরূপই বা গমন করেন, আমাকে এসকল বিশেষ করিয়া বল ॥ ৫৪ ॥ [ভগবান দুই শ্লোকের দ্বারা প্রথম প্রশ্নের উত্তর করিতেছেন] হে পার্থ, যখন মনোগত সকল বিষয়াভিলাষ দূর হয় আর পরমানন্দ স্বরূপ আত্মাতে স্বয়ং সন্তোষ জন্মে তখন সেই ব্যক্তিকে স্থিরপ্রজ্ঞ করিয়া কহেন ॥ ৫৫ ॥ দুঃখ পাইলে যাহার বিষাদ না হয় আর সুখভোগেতেও ইচ্ছা না থাকে এবং বিষয়ানুরাগ, ভয়, ক্রোধ, এসকল পরিত্যাগ করেন তখন সেই মুনিকে স্থিরপ্রজ্ঞ কহেন ॥ ৫৬ ॥ [স্থিতপ্রজ্ঞ কিরূপ কথা কহেন তাহার উত্তর এই যে] যে ব্যক্তি পুত্র মিত্রাদির প্রতি অন্তরে স্নেহ শূন্য হয়েন; আর অবশ্য ভাবি সুখ দুঃখেতে হৃষ্টদ্বেষ রহিত হইয়া নির্ভয়ে উদাসীনের ন্যায় বাক্য কহেন তাহাঁরই বুদ্ধি ঈশ্বরনিষ্ঠা হয় ॥ ৫৭ ॥ কচ্ছপ যেমন হস্ত পাদাদি সকল ইন্দ্রিয়কে স্বভাবতঃ শরীরের মধ্যে লুক্কায়িত করে সেইরূপ জ্ঞানবান ব্যক্তি যখন বিষয় হইতে সকল ইন্দ্রিয়কে অনায়াসে

স্বামীকৃত টীকা।

দি। দুঃখেষু প্রাপ্তেষ্বপি অনুদ্বিগ্নং অক্ষুভিতং মনো যস্য সঃ। সুখেষু বিগতা স্পৃহা যস্য সঃ। তত্রহেতু বীতা অপগতা রাগভয়ক্রোধাযস্মাৎ তত্র রাগঃ প্রীতিঃ। স মুনিঃ স্থিতপ্রজ্ঞউচ্যতে ॥৫৬॥ কথং প্রভাষেতেত্যস্য উত্তরমাহ যইত্যাদি। যঃ সর্ব্বত্র পুত্রমিত্রাদিষ্বপি অনভিস্নেহঃ স্নেহশূন্যঃ। অতএব বাধিতধৃত্যা তত্তচ্ছুভং অনুকূলং প্রাপ্য নাভি নন্দতি ন প্রশংসতি অশুভং প্রতিকূলং প্রাপ্য নদ্বেষ্টি ন নিন্দতি কিন্তু কেবলমুদাসীন এব ভাষতে তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতেত্যর্থঃ ॥ ৫৭ ॥ কিঞ্চ যদেত্যাদি। যদা চায়ং যোগী ইন্দ্রিয়ার্থেভ্যঃ শব্দাদিভ্যঃ সকাশাদিন্দ্রিয়াণি সংহরতে প্রত্যাহরতি। অনায়াসেন সংহারেদৃষ্টান্তঃ অঙ্গানি মুখচরণাদীনি কূর্ম্মোযথা স্বভাবেনৈবাকর্ষতি

সর্ব্বশঃ। ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেভ্যস্তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা।৫৮। বিষয়া বিনিবর্ত্তন্তে নিরাহারস্য দেহিনঃ। রসবর্জ্জং রসোঽপ্যস্য পরংদৃষ্ট্বা নিবর্ত্ততে॥ ৫৯॥ যততোহ্যপি কৌন্তেয় পুরুষস্য বিপশ্চিতঃ। ইন্দ্রিয়াণি প্রমাথীনি হরন্তি প্রসভং মনঃ॥ ৬০॥ তানি সর্ব্বাণি সংযম্য যুক্তআসীত মৎপরঃ। বশে হি যস্যেন্দ্রিয়াণি তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা॥ ৬১॥ ধ্যায়তোবিষয়ান্ পুংসঃ সঙ্গস্তেষূপজায়তে। সঙ্গাৎ সংজায়তে কামঃ কামাৎক্রোধোঽভিজায়তে॥ ৬২॥ ক্রোধাদ্ভবতি সংমোহঃ সংমোহাৎ স্মৃতিবিভ্রমঃ। স্মৃতিভ্রংশাদ্বুদ্ধিনাশোবুদ্ধিনাশাৎপ্রণশ্যতি॥ ৬৩॥ রাগদ্বেষবিমুক্তৈস্তু বিষয়ানিন্দ্রি-

স্বামিকৃত টীকা।

তদ্বৎ॥ ৫৮॥ ননুনেন্দ্রিয়াণাং বিষয়েষ্বপ্রবৃত্তিঃ স্থিতপ্রজ্ঞস্য লক্ষণং ভবিতুমর্হতি। জড়ানামাতুরাণামুপবাসপরাণাঞ্চৈব বিষয়েষ্বপ্রবৃত্তের বিশেষাত্তত্রাহ বিষয়াইত্যাদি। ইন্দ্রিয়ৈর্বিষয়াণামাহরণং গ্রহণ মাহারঃ। নিরাহারস্য ইন্দ্রিয়ৈর্বিষয়গ্রহণমকুর্ব্বতোদেহিনো দেহাভিমানিনোঽজ্ঞস্যাবিষয়া বিনিবর্ত্তন্তে তদনুভবা বিনিবর্ত্তন্ত ইত্যর্থঃ। কিন্তুরসোরাগোভিলাষস্তদ্বর্জং অভিলাষস্তু ন নিবর্ত্তত ইত্যর্থঃ।রসোরাগোপি পরং পরমাত্মানং দৃষ্ট্বা অস্যস্থিতপ্রজ্ঞস্য সতোনিবর্ত্ততে নশ্যতীত্যর্থঃ॥ ৫৯॥ ইন্দ্রিয় সংযমং বিনা স্থিতপ্রজ্ঞতা নভবত্যতঃ সাধকাবস্থায়াং তত্র মহান্ প্রযত্নঃ কর্ত্তব্য ইত্যাহ যততোহ্যপীতি দ্বাভ্যাং। যততোহ্যপীত্যাদি। যততোমোক্ষে প্রয়তমানস্যাপি বিপশ্চিতো বিবেকিনোপি মন ইন্দ্রিয়াণি প্রসভং বলাদ্ধরন্তি যতঃ প্রমাথীনি প্রমথনশীলানি ক্ষোভকানি। ৬০। যস্মাদেবং তস্মাত্তানি সর্ব্বাণি সংযম্য যুক্ত আসীত ইত্যাদি। যুক্তোযোগী তানীন্দ্রিয়াণি সংযম্য মৎপরঃ সন্নাসীত। যস্যবশে বশবর্ত্তীনি এতেনচ কথমাসীতেতি প্রশ্নস্য বশীকৃতেন্দ্রিয়ঃ সন্ আসীতেত্যুত্তরমুক্তম্ভবতি॥ ৬১॥ বাহ্যেন্দ্রিয় সংযমাভাবে দোষমুক্ত্বা মনঃ সংযমাভাবে দোষমাহ ধ্যায়তইত্যাদি দ্বাভ্যাং গুণবুদ্ধ্যাবিষয়ান্ধ্যায়তঃ পুরুষস্য তেষু সঙ্গ আসক্তির্ভবতি আসক্ত্যাচ তেষ্বধিকঃ কামোভবতি। কামাচ্চ যেন কেনচিৎ প্রতিহতাৎক্রোধোভবতি॥ ৬২॥ কিঞ্চ ক্রোধাদিত্যাদি ক্রোধাৎসংমোহঃ কার্য্যাকার্য্যবিবেকাভাবঃ। ততশ্চ শাস্ত্রাচার্য্যোপদিষ্টার্থস্মৃতে র্বিভ্রমঃ বিচলনং ভ্রংশঃ ততো বুদ্ধেশ্চেতনায়া নাশঃবৃক্ষাদিষ্বিবাভিভবঃ। ততপ্রণশ্যতি মৃততুল্যোভবতি।

নিবর্ত্ত করিতে ক্ষম হয়েন তখন তাঁহাকে তত্ত্বজ্ঞানী কহি ॥ ৫৮ ॥ [যদি বল তত্ত্বদিন্দ্রিয় রহিত ব্যক্তিরদিগেরও বিষয় নিবৃত্তি দৃষ্ট হইতেছে তবে তাহারদের হইতে জ্ঞানিদিগের বিশেষ কি, এ আশঙ্কার উত্তর করিতেছেন] ইন্দ্রিয় রহিত অজ্ঞানি লোকদিগের বিষয় হইতে নিবৃত্তি হয় ইহা যথার্থ বটে কিন্তু তাহারদিগের মনোগত অভিলাষ দূর হয় না। পরন্তু পরমেশ্বর দৃষ্টি দ্বারা ঈশ্বরনিষ্ঠ ব্যক্তিরদিগের সকল অভিলাষ নিবৃত্তি হয় ॥ ৫৯ ॥ [বিষয় হইতে ইন্দ্রিয় সকলের নিবৃত্তি না হইলে তত্ত্বজ্ঞান হয় না একারণ দুই শ্লোকের দ্বারা ইন্দ্রিয়দমনের আবশ্যকতা দর্শাইতেছেন] বিবেকি ব্যক্তিও যদ্যপি মোক্ষের প্রতি যত্ন আরম্ভ করেন তথাপি ক্ষোভকারক ইন্দ্রিয়বর্গ মনকে বলপূর্ব্বক বিষয়েতে আকর্ষণ করে। অতএব যত্নপূর্ব্বক ঐ সকল ইন্দ্রিয়কে দমন করিয়া যোগিব্যক্তি আমাতে [অর্থাৎ পরমেশ্বরেতে একমনা হইয়া থাকিবেন যেহেতু ইন্দ্রিয়গণ যাহার বশীভূত হয় তাহাকেই তত্ত্বজ্ঞ কহা যায়। এই শ্লোকের দ্বারা ঈশ্বরনিষ্ঠ ব্যক্তি কিরূপ থাকেন এ জিজ্ঞাসারও উত্তর করা হইল [অর্থাৎ ইন্দ্রিয়গণকে বশীভূত করিয়া পরমেশ্বরনিষ্ঠ হইয়া স্থিতি করেন] ॥ ৬০ ॥ ৬১ ॥ চক্ষুরাদি বহিরিন্দ্রিয়দমনাভাবে দোষ দর্শাইয়া মনের দমনাভাবে দোষ কহিতেছেন] যে পুরুষ নিরন্তর বিষয় ভাবনা করেন তাহার সেই সকল বিষয়েতে আসক্তি হইয়া ঐ আসক্তি হইতে অভিলাষ জন্মে তৎপরে অভিলাষের কোন ব্যাঘাত হইলে সেই অভিলাষে ক্রোধ উপস্থিত করে ক্রোধ হইলেই কার্য্যাকার্য্য বিবেচনা থাকে না, বিবেচনাশূন্য হইলে শাস্ত্রীয় বিধি নিষেধ এবং আচার্য্যের উপদেশবাক্য স্মরণ থাকে না; স্মরণের অভাবে চেতনা ত্যাগ পায় সুতরাং চৈতন্যশূন্য হইলে মৃততুল্য হয় ॥ ৬২ ॥ ৬৩ ॥ [যদি বল ইন্দ্রিয়গণ স্বভাবত বিষয়াসক্ত অতএব বিষয় হইতে ইন্দ্রিয় সকলকে নিবর্ত্ত করা অতি কঠিন, এ কথার উত্তর এই যে] মনকে বশীভূত করিয়া মনের অধীন অথচ রাগদ্বেষ রহিত যে ইন্দ্রিয় সকল তদ্দ্বারা বিষয় উপভোগ করিলেও ব্যক্তি

স্বামিকৃত টীকা।

৬৩। নন্বিন্দ্রিয়াণাং বিষয়প্রবলস্বভাবানাং নিরোদ্ধুমশক্যত্বাদয়ং দোষো দুষ্পরিহর ইতি চ স্থিতপ্রজ্ঞত্বং কথং স্যাদিত্যাশঙ্ক্যাহ রাগদ্বেষবিযুক্তৈরিত্যাদি দ্বাভ্যাং। রাগদ্বেষরহিতৈর্বিগতদর্পৈরিন্দ্রিয়ৈর্বিষয়াংশ্চরন্ উপভুঞ্জানোপি প্রসাদং শান্তিং প্রাপ্নোতি। রাগদ্বেষরাহিত্যমেবাহ আত্মনো মনসোব-

ৈয়শ্চরন্। আত্মবশ্যৈর্ব্বিধেয়াত্মা প্রসাদমধিগচ্ছতি ॥ ৬৪। প্রসাদে সর্ব্বদুঃখানাং হানিরস্যোপজায়তে। প্রসন্নচেতসোহ্যাশুবুদ্ধিঃ পর্য্যবতিষ্ঠতে ॥ ৬৫ ॥ নাস্তি বুদ্ধিরযুক্তস্য নচাযুক্তস্য ভাবনা। নচাভাবয়তঃ শান্তিরশান্তস্য কুতঃসুখং ॥ ৬৬ ॥ ইন্দ্রিয়াণাং হি চরতাং যন্মনোহনুবিধীয়তে। তদস্য হরতি প্রজ্ঞাং বায়ুর্নাবমিবাম্ভসি ॥ ৬৭ ॥ তস্মাদ্যস্য মহাবাহো নিগৃহীতানি সর্ব্বশঃ। ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেভ্যস্তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা ॥ ৬৮ ॥ যা নিশা সর্ব্বভূতানাং তস্যাং জাগর্ত্তি সংযমী। যস্যাং জাগ্রতি ভূতানি সা নিশা পশ্যতো মুনেঃ ॥ ৬৯॥ আপূর্য্যমাণমচলপ্রতিষ্ঠং সমুদ্রমাপঃ প্রবি-

স্বামীকৃত টীকা।

শ্যৈর্ব্বিধেয়ো বশবর্ত্তী আত্মামনোযস্যেতি অনেনৈবকথং ভুঙ্‌ক্তেত্যস্য চতুর্থপ্রশ্নস্য স্বাধীনৈরিন্দ্রিয়ৈর্বিষয়ান গচ্ছতীত্যুত্তরমুক্তং ভবতীতি। ৬৪। প্রসাদে সতি কিংস্যাদিত্যাহ প্রসাদ ইত্যাদি প্রসাদে সতি দুঃখনাশঃ ততঃ প্রসন্নচেতসোবুদ্ধিঃ প্রতিষ্ঠিতা ভবতীতি। ৬৫ ॥ ইন্দ্রিয়নিগ্রহস্য স্থিতপ্রজ্ঞতাসাধনত্বং ব্যতিরেকমুখেনোপপাদয়তি নাস্তীত্যাদি। অযুক্তস্যাবশীকৃতেন্দ্রিয়স্য নাস্তি বুদ্ধিঃ শাস্ত্রাচার্য্যোপদেশাভ্যাং আত্মবিষয়াবুদ্ধিঃ প্রজ্ঞৈব নোৎপদ্যতে কুতস্তস্যাঃ প্রতিষ্ঠাবার্ত্তা ইত্যাহ নচাযুক্তস্য ভাবনেতি ভাবনা ধ্যানভাবনয়াহি বুদ্ধেরাত্মনি প্রতিষ্ঠা ভবতি সাচাযুক্তস্য যতোনাস্তি নচাভাবয়তঃ আত্মধ্যানমকুর্ব্বতঃ শান্তিঃ আত্মচিত্তোপরমঃ সুখং মোক্ষানন্দ ইত্যর্থঃ। ৬৬ ॥ নাস্তিবুদ্ধিরযুক্তস্যেত্যত্র হেতুমাহ ইন্দ্রিয়াণাং হি চরতামিত্যাদি। ইন্দ্রিয়াণামবশীকৃতানাং স্বৈরংবিষয়েষু চরতাং মধ্যে যদেবৈকমিন্দ্রিয়ং মনোহনুবিধীয়তে অবশীকৃতং সৎইন্দ্রিয়েণ সহ গচ্ছতি তদেবেন্দ্রিয়মস্য মনসঃ পুরুষস্য বা প্রজ্ঞাং হরতি বিষয়বিক্ষিপ্তাং করোতি কিমুত বক্তব্যং বহূনি প্রজ্ঞাং হরন্তীতি যথাপ্রমত্তস্য কর্ণধারস্য নাবং বায়ুঃ সমুদ্রে সর্ব্বতঃ পরিভ্রাময়তি তদ্বৎ। ৬৭। ইন্দ্রিয়সংযমস্য স্থিতপ্রজ্ঞতাসাধনত্বং লক্ষণত্বঞ্চোপসংহরতি। তস্মাদিত্যাদি। প্রতিষ্ঠিতা ভবতীত্যর্থঃ লক্ষণত্বোপসংহারে তস্যপ্রজ্ঞা প্রতিষ্ঠিতাজ্ঞাতব্যেত্যর্থঃ। মহাবাহো ইতিসম্বোধয়ন্ বৈরিনিগ্রহে সমর্থস্য তবাত্রাপি সামর্থ্যং ভবেদিতি সূচয়তি। ৬৮॥ ননু কশ্চিদপি প্রসুপ্তইব দর্শনাদিব্যাপারশূন্যঃ সর্ব্বাত্মনা নিগৃহীতেন্দ্রিয়ো লোকে

শান্তি প্রাপ্ত হয়েন॥ ৬৪॥ শান্তি হইলে সকল দুঃখের নাশজন্মে পরে প্রসন্ন চিত্ত ব্যক্তির বুদ্ধি অতিশীঘ্রই পরমেশ্বরনিষ্ঠ হয় ॥ ৬৫ ॥ [ইন্দ্রিয় নিগ্রহব্যতীত যে তত্ত্বজ্ঞান হয় না দুই শ্লোকের দ্বারা এইক্ষণে তাহাই দর্শাইতেছেন] যে ব্যক্তির ইন্দ্রিয়গণ বশীভূত নহে আচার্য্যের উপদেশ দ্বারা তাহার বুদ্ধি পরমেশ্বর বিষয়িনী হয় না যেহেতু সে ব্যক্তি পরমেশ্বরকে চিন্তাকরিতে পারে না অতএব পরমেশ্বর ভাবনারহিত ব্যক্তির শান্তিলাভ কিরূপে হইবে [অর্থাৎ তাহা হইতে পারে না সুতরাং শান্তির অভাবেই মোক্ষানন্দ স্বরূপ সুখের অভাব হয়] ॥ ৬৬॥ বিষয়েতে অবারিত ইন্দ্রিয় সকলের মধ্যে কোন এক ইন্দ্রিয় বিষয়গামী হইলে মন পুরুষের অবশ হইয়া সেই এক ইন্দ্রিয়ের সঙ্গেই বিষয় প্রাপ্ত হয় তখন ঐ একইন্দ্রিয় পুরুষের বুদ্ধিকে পরমেশ্বর নিষ্ঠ হইতে দেয় না অতএব সকল ইন্দ্রিয় বিষয়গামী হইলে যে বুদ্ধিকে পরমেশ্বর হইতে চ্যুত করিয়া বিষয়নিষ্ঠ করিবে ইহাতে বক্তব্য কি, যেমন বায়ু অশিক্ষিত নাবিকের নৌকাকে জলেতে চতুর্দিগে চালায় ॥ ৬৭॥ অতএব হে অর্জ্জুন, সকলইন্দ্রিয়কে যে ব্যক্তি বিষয় হইতে ক্ষান্ত রাখিতে পারেন তাহাঁর তত্ত্বজ্ঞানের স্থিরতা হয় ॥ ৬৮ ॥ যে প্রকারে জ্ঞানির লক্ষণ উক্তহইল লোকেতে এরূপ জ্ঞানবান দৃষ্ট হয় না অতএব এলক্ষণের অসম্ভব হয়, পরশ্লোকে এই আশঙ্কার উত্তর করিতেছেন] অজ্ঞানি প্রাণি সকলের পরব্রহ্মবিষয়কনিষ্ঠা রাত্রি তুল্য হয় [অর্থাৎ তাহারা তদ্বিষয়ে কিছুই দেখিতে পায় না] কিন্তু ইন্দ্রিয় দমনশীল ব্যক্তিদিগের বুদ্ধি কেবল সেই ব্রহ্মনিষ্ঠাতেই থাকে আর যে বিষয় সুখেতেসর্ব্ব প্রাণির বুদ্ধিলিপ্ত তত্ত্বজ্ঞানি মুনিদিগের তাহা রাত্রি তুল্য হয় [অর্থাৎ মুনিরা বিষয় সুখের প্রতি দৃষ্টি করেন না] ॥ ৬৯ ॥ [যেসকল ব্যক্তি আপনারদিগকে তত্ত্ব

স্বামিকৃত টীকা।

ন দৃশ্যতে অতোঽসম্ভাবিতমিদং লক্ষণমিত্যাশঙ্ক্যাহ যা নিশেত্যাদি। সর্ব্বেষাং ভূতানাং যা নিশা নিশেব নিশা আত্মনিষ্ঠা। অজ্ঞানধ্বান্তাবৃতমতীনাং তস্যাং দর্শনাদিব্যবহারাভাবাৎ তস্যামাত্মনিষ্ঠায়াং সংযমী নিগৃহীতন্দ্রিয়ো জাগর্ত্তি প্রবুদ্ধ্যত। যস্যাস্তু বিষয় নিষ্ঠায়াং ভূতানি জাগ্রতি প্রবুদ্ধ্যন্তে সা আত্মতত্ত্বং পশ্যতোমুনের্নিশা তস্যাং দর্শনাদিব্যাপারাভাবস্য নাস্তীত্যর্থঃ এতদুক্তং ভবতি। যথা দিবান্ধানামুলূকাদীনাং রাত্রাবেব দর্শনং নতুদিবসে। এবং ব্রহ্মজ্ঞস্যোন্মীলিতাক্ষস্যাপি ব্রহ্মণ্যেব দৃষ্টির্নতু বিষয়েষু অতোনাসম্ভাবিতমিদং লক্ষণমিতি॥ ৬৯ ॥ ননুবিষয়েষু দৃষ্ট্যভাবে কথমসৌ তান্

শন্তি যদ্বৎ। তদ্বৎ কামা যংপ্রবিশন্তি সর্ব্বে স শান্তিমাপ্নোতি ন কামকামী ॥৭০॥ বিহায় কামান্ যঃ সর্ব্বান্ পুমাংশ্চরতি নিস্পৃহঃ। নির্ম্মমোনিরহঙ্কারঃ স শান্তিমধিগচ্ছতি ॥ ৭১ ॥ এষা ব্রাহ্মীস্থিতিঃ পার্থ নৈনাং প্রাপ্য বিমুহ্যতি। স্থিত্বাস্যামন্তকালেঽপি ব্রহ্মনির্ব্বাণ মৃচ্ছতি ॥ ৭২ ॥ ইতি শ্রীমহাভারতে শ্রীভগবদ্গীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জুন সংবাদে সাংখ্যযোগোনাম দ্বিতীয়োঽধ্যায়ঃ।

অর্জুন উবাচ।

জ্যায়সী চেৎ কর্ম্মণস্তে মতা বুদ্ধির্জনার্দন। তৎকিং কর্ম্মণি ঘোরে মাংনিযোজয়সি কেশব ॥ ১ ॥ ব্যামিশ্রেণেব বাক্যেন বুদ্ধিং মোহয়সীব মে। তদেকংবদ নিশ্চিত্য যেন শ্রেয়োঽহমাপ্নুয়াং। ২।

স্বামিকৃত টীকা।

ভুঙক্তে ইত্যপেক্ষায়ামাহ আপূর্য্যমাণমিত্যাদি। আপূর্য্যমাণমপি অচল-প্রতিষ্ঠং অনতিক্রান্তমর্য্যাদমেব সমুদ্রং পুনরন্যা আপো যথা প্রবিশন্তি তথা বিষয়া যং মুনিমন্তর্দৃষ্টিং ভোগৈরপ্যক্রিয়মাণমেব প্রারব্ধকর্ম্মভিরা ক্ষিপ্তাঃ সন্তঃ প্রবিশন্তি স শান্তিং কৈবল্যং প্রাপ্নোতি নতু কামকামী ভোগকামনাশীলঃ ॥ ৭০ ॥ যস্মাদেবং তস্মাৎ বিহায়েত্যাদি। প্রাপ্তান্ কামান্ বিহায় ত্যক্ত্বা উপেক্ষ্য অপ্রাপ্তেষু চ নিস্পৃহঃ যতোনিরহঙ্কারঃ অতএব তদ্ভোগসাধনেষু নির্ম্মমঃ সন্ অন্তর্দৃষ্টির্ভূত্বা যশ্চরতি প্রারব্ধবশেন ভোগান্ ভুঙক্তে যত্র কাপি গচ্ছতীতি বা স শান্তিং প্রাপ্নোতি ॥ ৭১ ॥ উক্তাং জ্ঞাননিষ্ঠাং স্তুবন্নুপসংহরতি এষেত্যাদি। ব্রাহ্মীস্থিতি ব্র্হ্মজ্ঞানে নিষ্ঠা এষা এবংবিধা। এনাং পরমেশ্বরারাধনেন বিশুদ্ধান্তঃকরণং প্রাপ্য পুমান্ ন মুহ্যতি পুনঃ সংসারমোহং ন প্রাপ্নোতি যতোঽন্তকালে মৃত্যুসময়েঽপি অস্যাং ক্ষণমাত্রং স্থিত্বা ব্রহ্মনির্ব্বাণং লয়মৃচ্ছতি কিংপুনর্বক্তব্যং বাল্য-মারভ্য স্থিত্বা প্রাপ্নোতীতি ॥ ৭২ ॥ ইতি দ্বিতীয়োঽধ্যায়ঃ।

বুদ্ধিকর্ম্মণোর্মধ্যে বুদ্ধেঃ শ্রেষ্ঠত্বং ভগবতোঽভিমতং মন্বানোঽর্জুনউবাচ। জ্যায়সীচেদিত্যাদি। কর্ম্মণঃ সকাশাৎ মোক্ষান্তরঙ্গত্বেন বুদ্ধির্জ্যায়সী অধিকতরা শ্রেষ্ঠা চেত্তব সম্মতা। তর্হি কিমর্থং তস্মাদ্যুদ্ধ্যস্বতস্মাদুত্তিষ্ঠেতি চ বারংবারং বদন্ ঘোরেহিংসাত্মকে কর্ম্মণি মাং প্রবর্ত্তয়সি ॥ ১॥ ননু ধর্ম্ম্যাদ্ধিযুদ্ধাৎ শ্রেয়োঽন্যৎ ক্ষত্রিয়স্য ন বিদ্যতে ইত্যাদিনা কর্ম্মণোঽপি শ্রেষ্ঠত্বমুক্তমেবেত্যাশঙ্ক্যাহ ব্যামিশ্রেণেবেত্যাদি। কৃচিৎকর্ম্মপ্রশংসা কৃচিৎ

জ্ঞানী বলিয়া অঙ্গীকার করেন তাহারদিগেরও বিষয় সম্ভোগ দৃষ্ট হই তেছে তবে তাঁহারা কিরূপে জ্ঞানী হয়েন একথার উত্তর এই যে] নানা নদ নদীর জল সমুদ্রেতে প্রবেশ করে তথাচ তদ্দ্বারা পূর্ণ হইলেও যেমন সমুদ্রের স্বাভাবিক সীমার অতিক্রম হয় না সেইরূপ প্রারব্ধকর্ম্ম বশত বিষয় সকল স্বয়ং উপস্থিত হইয়া যেব্যক্তিকে পরমেশ্বরনিষ্ঠা হইতে চ্যুত করিয়া আসক্ত করিতে সমর্থ হয় না সেই পুরুষ মোক্ষপ্রাপ্তির যোগ্য হয়েন, বিষয়কামনাশীল ব্যক্তি তাহার যোগ্য নহে ।। ৭০ ।। অতএব যেপুরুষ প্রাপ্ত বিষয়ের উপেক্ষা করেন আর অপ্রাপ্ত বিষয়ের স্পৃহা না রাখেন এবং অহঙ্কার রহিত ও ভোগ সাধনে নিস্মায়ী হইয়া কেবল পরমেশ্বরে চিত্তার্পণ পূর্ব্বক প্রারব্ধ কর্ম্মের ফলভোগ মাত্র করেন তাঁহারই মোক্ষ হয় ।। ৭১ ।। হে পার্থ; ইহারই নাম ব্রহ্মজ্ঞাননিষ্ঠা এই নিষ্ঠা প্রাপ্ত হইলে পুরুষ আর সংসারে মোহিত হয়েন না, মৃত্যুকালে ক্ষণমাত্র এই নিষ্ঠাতে থাকিলেও পরমেশ্বরেতে লীন হয়েন অতএব বাল্যাবধি এই নিষ্ঠাতে অবস্থিত হইলে তাহার ফল আর কি কহিব ।। ৭২ ।।

ব্যাসের কৃত শতসহস্র [অর্থাৎ লক্ষশ্লোক সংহিতা মহাভারতের অন্তর্গত ভীষ্ম পর্ব্বের মধ্যস্থিত যে ব্রহ্মবিদ্যা প্রকাশক উপনিষদ স্বরূপ ভগবদ্গীতা নামক যোগশাস্ত্র তাহার সাংখ্যযোগ নামক দ্বিতীয়াধ্যায়ের এই শেষ হইল।

[জ্ঞান ও কর্ম্ম এদুয়ের মধ্যে শ্রীকৃষ্ণের মতে জ্ঞানই শ্রেষ্ঠ এই অভিপ্রায়ে অর্জ্জুন জিজ্ঞাসা করিতেছেন] হে জনার্দ্দন, যদ্যপি তোমার মত এই হইল যে কর্ম্ম হইতে জ্ঞানই শ্রেষ্ঠ তবে কেন তস্মাৎ যুধ্যস্ব, তস্মাদুত্তিষ্ঠ, ইত্যাদি বাক্যদ্বারা আমাকে ভয়ঙ্কর কর্ম্মেতে প্রবৃত্ত করিতেছ ।। ১ ।। হে কেশব; তোমার বাক্য বস্তুত ভ্রমজনক নহে কিন্তু কোনস্থলে কর্ম্মের প্রশংসা কোনস্থলে জ্ঞানের প্রশংসা এইরূপ করিবাতে ব্যামিশ্র [অর্থাৎ সংশয়জনকবাক্যের ন্যায় হইয়া] আমার বুদ্ধিকে দোলায়িত করিয়া মোহিতের ন্যায় করিতেছে অতএব জ্ঞান কর্ম্ম উভয়ের মধ্যে কাহার দ্বারা মোক্ষপ্রাপ্ত হইব তাহা নিশ্চয় করিয়া বল। ২। [এইক্ষণে ভগবান উত্তর করিতেছেন] হে ধনঞ্জয়,

স্বামিকৃত টীকা।

জ্ঞানপ্রশংসা ইত্যেবং ব্যামিশ্রং সন্দেহোৎপাদকমিব যদ্বাক্যং তেন মে মতিমুভয়ত্র দোলায়িতাং কুর্ব্বন্মোহয়সীব। পরমকারুণিকস্য তব মোহকত্বং নাস্ত্যেব তথা ভ্রান্ত্যামমৈবমাভাতীতি ইবশব্দেনোক্তং অত উভয়োর্মধ্যে যদ্ভদ্রং তদেকং নিশ্চিত্য বদেতি ।। ২ ।। অত্রোত্তরং শ্রীভগবানুবাচ। লোক

শ্রীভগবানুবাচ। লোকেঽস্মিন্ দ্বিবিধা নিষ্ঠা পুরা প্রোক্তা ময়াঽনঘ। জ্ঞানযোগেন সাংখ্যানাং কর্ম্মযোগেন যোগিনাং ॥৩॥ ন কর্ম্মণামনারম্ভান্নৈষ্কর্ম্ম্যং পুরুষোঽশ্নুতে। নচ সন্ন্যসনাদেব সিদ্ধিং সমধিগচ্ছতি ॥৪॥ নহি কশ্চিৎক্ষণমপি জাতু তিষ্ঠত্যকর্ম্মকৃৎ। কার্য্যতে হ্যবশঃ কর্ম্ম সর্ব্বঃ প্রকৃতিজৈর্গুণৈঃ ॥৫॥ কর্ম্মেন্দ্রিয়াণি সংযম্য য আস্তে মনসা স্মরন্। ইন্দ্রিয়ার্থান্ বিমূঢ়াত্মা মিথ্যাচারঃ স উচ্যতে ॥৬। যস্ত্বিন্দ্রিয়াণি মনসা নিয়ম্যারভতেঽর্জুন। কর্ম্মেন্দ্রিয়ৈঃ কর্ম্মযোগমসক্তঃ স বিশিষ্যতে ॥৭॥ নিয়তং কুরু কর্ম্ম ত্বং কর্ম্ম জ্যায়ো হ্যকর্ম্মণঃ। শরীরযাত্রাপি চ তে ন প্রসিদ্ধ্যেদকর্ম্মণঃ ।৮।

স্বামিকৃত টীকা।

লোকেঽস্মিন্ দ্বিবিধেত্যাদি। অয়মর্থঃ যদি ময়া পরস্পরনিরপেক্ষং মোক্ষসাধনত্বেন কর্ম্মজ্ঞানযোগরূপং নিষ্ঠাদ্বয়মুক্তং স্যাৎ তর্হি দ্বয়োর্মধ্যে যদ্ভদ্রং তদেকং বদেতি দ্বিতীয়ঃ প্রশ্নঃ সঙ্গচ্ছতে নতু ময়া তথোক্তং কিন্তু দ্বাভ্যামেকৈব ব্রহ্মনিষ্ঠোক্তা গুণপ্রধানভূতয়োস্তয়োঃ স্বাতন্ত্র্যানুপপত্তেঃ। একস্যা এব তু প্রকারভেদমাত্রমধিকারিভেদেনোক্তমিত্যাশয়েন শুদ্ধাশুদ্ধান্তঃকরণতয়া দ্বিবিধে লোকেঽধিকারিজনে দ্বিবিধে প্রকারৌ যস্যাঃ সা দ্বিবিধা নিষ্ঠা মোক্ষপরতা পুরা পূর্ব্বাধ্যায়ে ময়া সর্ব্বজ্ঞেন প্রোক্তা স্পষ্টমেবোক্তা। প্রকারদ্বয়মেব নির্দ্দিশতি সাংখ্যানাং শুদ্ধান্তঃকরণানাং জ্ঞানভূমিকামারূঢ়ানাং জ্ঞানপরিপাকার্থং জ্ঞানযোগেন ধ্যানাদিনা নিষ্ঠা ব্রহ্মপরতোক্তা তানি সর্ব্বাণি সংযম্য যুক্ত আসীত মৎপর ইত্যাদিনা সাংখ্যযোগভূমিকামনারূঢ়ানান্তু অন্তঃকরণশুদ্ধিদ্বারা তদারোহার্থং তদুপায়ভূতকর্ম্মযোগাধিকারিণাং যোগিনাং কর্ম্মযোগেন নিষ্ঠোক্তা। ধর্ম্ম্যাদ্ধি যুদ্ধাৎ শ্রেয়োঽন্যৎ ক্ষত্রিয়স্য ন বিদ্যতে ইত্যাদিনা অতএব তব চিত্তশুদ্ধাশুদ্ধিরূপাবস্থাভেদেন দ্বিবিধাপি নিষ্ঠোক্তা এষা তেঽভিহিতা সাংখ্যে বুদ্ধির্যোগে ত্বিমাং শৃণ্বিতি ।৩। অতঃ সম্যক্‌চিত্তশুদ্ধ্যা জ্ঞানোৎপত্তিপর্য্যন্তং বর্ণাশ্রমোচিতানি কর্ম্মাণি কর্ত্তব্যানি। অন্যথা চিত্তশুদ্ধ্যভাবেন জ্ঞানানুৎপত্তেরিত্যাহ ন কর্ম্মণামিত্যাদি। কর্ম্মণামনারম্ভাদননুষ্ঠানাৎ নৈষ্কর্ম্ম্যং জ্ঞানং নাশ্নুতে ন প্রাপ্নোতি। ননুচ এতমেব প্রব্রাজিনো লোকমীপ্সন্তঃ প্রব্রজন্তীতি সংন্যাসস্য মোক্ষাঙ্গত্বশ্রুতেঃ সংন্যাসাদেব মোক্ষো ভবিষ্যতীতি কিং কর্ম্মভিরিত্যাশঙ্ক্যোক্তং নচেতি নচ চিত্তশুদ্ধিং বিনা কৃতাৎ সংন্যসনাদেব জ্ঞানশূন্যাৎ সিদ্ধিং মোক্ষং সমধিগচ্ছতি প্রাপ্নোতি ॥৪॥ কর্ম্মণাঞ্চ সংন্যাসঃ তেষ্বনাসক্তিমাত্রং

লোকের মধ্যে ভিন্নং অধিকারির প্রতি পূর্ব্বাধ্যায়ে দুইপ্রকার মোক্ষোপায় কহিয়াছি যাহারদিগের অন্তঃকরণ শুদ্ধ হইয়াছে জ্ঞানের পরিপাকার্থ আত্মার শ্রবণ মননাদিতে তাহারদিগের অধিকার আর যাহারদের চিত্তশুদ্ধি হয় নাই তাহারা কামনা রহিত হইয়া কেবল জ্ঞানের নিমিত্ত কর্ম্মানুষ্ঠান করিবে।৩। কর্ম্মানুষ্ঠান চিত্তশুদ্ধির প্রতি কারণ তাহা না করিলে জ্ঞানোৎপত্তি হয়না এবং জ্ঞান ব্যতীত কর্ম্ম ত্যাগ করিলেও মোক্ষ হইতে পারেনা। ৪। জ্ঞানবান বা অজ্ঞান ব্যক্তি যিনিই হউন কর্ম্ম না করিয়া কেহ থাকিতে পারেন না যেহেতুক স্বাভাবিক রাগদ্বেষাদিকারণ হইয়া অবশকরিয়া সকলকেই কর্ম্মেতে প্রবর্ত্ত করে।৫। তাহার মধ্যে যে ব্যক্তি পরমেশ্বর ধ্যানচ্ছলে হস্তপাদাদি কর্ম্মেন্দ্রিয় সকলকে কর্ম্মচ্যুত করিয়া মনেতে বিষয় ভাবনা করে সেই মূর্খকে কপটাচারী কহি।৬। কিন্তু হে অর্জ্জুন, যেব্যক্তি চক্ষুরাদি জ্ঞানেন্দ্রিয় সকলকে মনের দ্বারা কেবল পরমেশ্বর বিষয়ে নিয়োজিত করিয়া ফলাভিলাষ পরিত্যাগ পূর্ব্বক হস্তপদাদি কর্ম্মেন্দ্রিয় দ্বারা কর্ম্মানুষ্ঠান করেন তিনিই জ্ঞানবান হন।৭। কর্ম্মত্যাগ করণাপেক্ষা কর্ম্মানুষ্ঠান করণ শ্রেষ্ঠ, অতএব সন্ধ্যোপাসনাদি যেসকল নিত্যকর্ম্ম তুমি তাহা কর নতুবা সকল কর্ম্ম পরিত্যাগ করিলে তোমার শরীর রক্ষা হইবেক না।। ৮।।

স্বামিকৃত টীকা।

নতু স্বরূপেণাশক্যত্বাদিত্যাহ নহি কশ্চিৎ ক্ষণমপীত্যাদি। জাতু কস্যাঞ্চিদবস্থায়াং ক্ষণমাত্রমপি কশ্চিদপি জ্ঞানীবা অজ্ঞানোবা অকর্ম্মকৃৎ কর্ম্মাণ্য কুর্ব্বাণস্তিষ্ঠতি। অত্রহেতুঃ প্রকৃতিজৈঃ স্বভাবপ্রভবৈঃ রাগদ্বেষাদিভির্গুণৈঃ সর্ব্বোহপি জনঃ কর্ম্ম কার্য্যতে কর্ম্মণি প্রবর্ত্ততে অবশঃ অস্বতন্ত্রঃ সন্।। ৫।। অতোহঙ্গ কর্ম্মত্যাগিনং নিন্দতি। কর্ম্মেন্দ্রিয়াণিসং যম্যেত্যাদি। বাক্পাণ্যাদীনি কর্ম্মেন্দ্রিয়াণি নিগৃহ্য যোমনসা ভগবদ্ধ্যানচ্ছলেন ইন্দ্রিয়ার্থান্ বিষয়ান্ স্মরন্নাস্তে। অবিশুদ্ধতয়া মনসা আত্মনি স্থৈর্য্যাভাবাৎ স মিথ্যাচারঃ কপটাচারঃ দাম্ভিকউচ্যত ইত্যর্থঃ॥ ৬। এতদ্বিপরীতঃ কর্ম্মকর্ত্তাতু শ্রেষ্ঠ ইত্যাহ যস্ত্বিন্দ্রিয়াণি মনসেত্যাদি। যস্তু জ্ঞানেন্দ্রিয়াণি মনসা নিয়ম্য ঈশ্বর প্রবর্ণাণি কৃত্বা কর্ম্মেন্দ্রিয়ৈঃ কর্ম্মরূপং যোগমুপায়মারভতে অনুতিষ্ঠতি অসক্তঃ ফলাভিলাষরহিতঃ স বিশিষ্যতে স বিশিষ্টো ভবতি চিত্তশুদ্ধ্যা জ্ঞানবান্ভবতীত্যর্থঃ॥৭॥ যস্মাদেবং তস্মান্নিয়তমিত্যাদি। নিয়তং নিত্যং কর্ম্ম সন্ধ্যোপাসনাদি কুরু হি যস্মাদকর্ম্মণঃ কর্ম্মণোহকরণাৎ সকাশাৎ কর্ম্মজ্যায়ঃ অধিকতরং অন্যথা হ্যকর্ম্মণঃ সর্ব্বকর্ম্মশূন্যস্য তব শরীর নির্ব্বাহোহপি

যজ্ঞার্থাৎ কর্ম্মণোঽন্যত্র লোকোঽয়ং কর্ম্মবন্ধনঃ। তদর্থং কর্ম্ম কৌন্তেয় মুক্তসঙ্গঃ সমাচর॥ ৯॥ সহযজ্ঞাঃ প্রজাঃ সৃষ্ট্বা পুরোবাচ প্রজাপতিঃ। অনেন প্রসবিষ্যধ্ব মেষবোঽস্ত্বিষ্টকামধুক্॥ ১০॥ দেবান্ ভাবয়তানেন তে দেবা ভাবয়ন্তবঃ। পরস্পরং ভাবয়ন্তঃ শ্রেয়ঃ পরমবাপ্স্যথ॥ ১১॥ ইষ্টান্ ভোগান্ হি বোদেবা দাস্যন্তে যজ্ঞভাবিতাঃ। তৈর্দত্তানপ্রদায়ৈভ্যোযোভুঙ্‌ক্তে স্তেন এব সঃ॥ ১২॥ যজ্ঞশিষ্টাশিনঃ সন্তোমুচ্যন্তে সর্ব্বকিল্বিষৈঃ। ভুঞ্জতে তে ত্বঘং পাপা যে পচন্ত্যাত্মকারণাৎ॥ ১৩॥ অন্নাদ্ভবন্তি ভূতানি

স্বামিকৃত টীকা।

ন ভবেৎ॥ ৮॥ সাঙ্খ্যাস্তু সর্ব্বমপি কর্ম্ম বন্ধকত্বান্ন কার্য্যমিত্যাহুঃ তন্নিরা কুর্ব্বন্নাহ যজ্ঞার্থাদিত্য দ্ধি। যজ্ঞোবৈ বিষ্ণুরিতি শ্রুতেস্তদারাধনার্থাৎ কর্ম্মণোঽন্যত্র তদেবং বিনাঽয়ং লোকঃ কর্ম্মবন্ধনঃ কর্ম্মভির্বধ্যতে নত্বীশ্বরারাধনার্থেন অতস্তদর্থং বিষ্ণুপ্রীত্যর্থং মুক্তসঙ্গঃ নিষ্কামঃ সন্ কর্ম্ম সম্যগাচর ৯॥ প্রজাপতিবচনাদপি কর্ম্মকর্ত্তৈব শ্রেষ্ঠ ইত্যাহ সহযজ্ঞা ইতি চতুর্ভিঃ। সহেত্যাদি যজ্ঞেন সহ বর্ত্তন্ত ইতি সহযজ্ঞাঃ যজ্ঞাধিকৃতাঃ ব্রাহ্মণাদ্যাঃ প্রজাঃ পুরা সর্গাদৌ সৃষ্ট্বা ইদমুবাচ ব্রহ্মা অনেন যজ্ঞেন প্রসবিষ্যধ্বং প্রসূয়ধ্বং প্রসবোবৃদ্ধিঃ উত্তরোত্তরামতিবৃদ্ধিং লভধ্বমিত্যর্থঃ। তত্র হেতুঃ এষ যজ্ঞঃ বো যুষ্মাকং ইষ্টকামধুক্ ইষ্টান্ কামান্ দোগ্ধি ইতি তথা। অভীষ্টভোগ প্রদোঽস্ত্বিত্যর্থঃ। অত্রচ যজ্ঞগ্রহণমাবশ্যক কর্ম্মোপলক্ষণার্থং কাম্য কর্ম্মপ্রশংসাতু প্রকরণাসঙ্গতাপি সামান্যতোঽকর্ম্মণঃ কর্ম্ম শ্রেষ্ঠমিত্যেতদর্থেত্যদোষঃ। ১০॥ কথমিষ্টকাম দোগ্ধা যজ্ঞোভবেদিত্যাহ দেবানিত্যাদি অনেন যজ্ঞেন যূয়ং দেবান্ ভাবয়ত হবির্ভাগৈঃ সংবর্দ্ধয়ত। তেচ দেবা বো যুষ্মান্ সংবর্দ্ধয়ন্তু বৃষ্ট্যাদিনা অন্নোৎপত্তিদ্বারেণ। এবমন্যোন্যং সংবর্দ্ধয়ন্তো দেবাযূয়ঞ্চ পরস্পরং শ্রেয়োভীষ্টমর্থং প্রাপ্স্যথ॥ ১১॥ এতদেব স্পষ্টীকুর্ব্বন্ কর্ম্মাকরণে দোষমাহ ইষ্টানিত্যাদি। যজ্ঞৈর্ভাবিতা দেবা বৃষ্ট্যাদিদ্বারা বো যুষ্মভ্যং ভোগান্ দাস্যন্তি হি যতো দেবৈর্দত্তানন্নাদীন্ এভ্যোদেবেভ্যঃ পঞ্চযজ্ঞাদিভিরদত্ত্বা যোভুঙ্‌ক্তে সতু চৌর এব জ্ঞেয়ঃ। ১২॥ ইত-

[সাঙ্খ্যেরা বলেন সকল কর্ম্মই বন্ধনের কারণ এইক্ষণে শ্রীকৃষ্ণ তাহার উত্তর করিতেছেন] পরমেশ্বরের আরাধনা ব্যতিরিক্ত যেসকল কর্ম্ম তাহাই বন্ধনের কারণ কিন্তু পরমেশ্বরের উদ্দেশে কর্ম্ম করিলে লোক বদ্ধ হয়েন না অতএব হে কুন্তী নন্দন, তুমি ফলাভিলাষ পরিত্যাগ করিয়া কেবল পরমেশ্বরের প্রীত্যর্থ কর্ম্ম কর।। ৯॥ [কর্ম্মানুষ্ঠান যে কর্ত্তব্য এতদ্বিষয়ে প্রজাপতির বাক্যও প্রমাণ দেখাইতেছেন, সৃষ্টির প্রথমে প্রজাপতি যজ্ঞাধিকারি বিপ্রাদি প্রজার সৃষ্টি করিয়া পূর্ব্বে বলিয়াছেন হে প্রজাগণ] এই যজ্ঞ তোমারদিগের অভিলষিত ফলদাতা হউক তোমরা এই যজ্ঞেরদ্বারা উত্তরোত্তর বৃদ্ধি প্রাপ্ত হও [চিত্তশুদ্ধির দ্বারা মোক্ষসাধন নিষ্কাম কর্ম্ম প্রকরণে যদ্যপি কাম্যকর্ম্মের প্রশংসা অসঙ্গত হয় তথাপি নিতান্ত কর্ম্মের অকরণাপেক্ষা কাম্যকর্ম্ম করা ও ভদ্রদায়ক বটে এই অভিপ্রায়ে কাম্যকর্ম্মের প্রশংসা করিয়াছেন]। ১০। এই যজ্ঞদত্ত আহুতির দ্বারা তোমরা দেবতারদিগের সম্বর্দ্ধনা কর এবং দেবতারাও বৃষ্ট্যাদির দ্বারা অন্নের উৎপত্তি করিয়া তোমারদিগের সম্বর্দ্ধনা করুন এই প্রকারে পরস্পর সম্বর্দ্ধনা করিলেই দেবগণের ও তোমারদিগের ইষ্ট সিদ্ধি হইবে। ১১। যজ্ঞের দ্বারা দেবতাদিগের সম্বর্দ্ধনা করিলে তাঁহারা তোমারদিগের অভিলষিত ফলপ্রদান করিবেন অতএব দেবতারা প্রদান করেন যে অন্নাদি, পঞ্চযজ্ঞাদির দ্বারা দেবতাকে তাহা না দিয়া যে ভোজন করে তাহাকে চোর বলিয়া জানিবা। ১২। যাহারা বিশ্বদেবাদির উদ্দেশে দান করিয়া তাহার অবশিষ্টান্নভোজন করেন তাঁহারা পঞ্চশূনাজনিত সকল পাপ হইতে মুক্ত হয়েন কিন্তু যাহারা কেবল আপনার নিমিত্ত পাক করে ঐসকল পাপিষ্ঠ ব্যক্তিরদেরকেবল পাপান্ন ভোজন হয় [শূনাশব্দে চুলা, শিলনোড়া, ঝাঁটা, উদূখল, মুষল, জলেরকলসী, এই পাঁচপ্রাণিবধ স্থানকে বুঝায় এই সকলের দ্বারা কর্ম্ম করিয়া গৃহস্থেরা পাপেতে লিপ্ত হয়েন]। ১৩। শুক্রশোণিত রূপে

স্বামিকৃত টীকা।

শ্চ যজন্ত এব শ্রেষ্ঠানেত্যরে ইত্যাহ যজ্ঞশিষ্টাশিনইত্যাদি। বৈশ্বদেবাদি যজ্ঞাবশিষ্টং যেহশ্নন্তি পঞ্চশূনাকৃতৈঃ সর্ব্বৈঃ কিল্বিষৈর্মুচ্যন্তে। পঞ্চশূনাশ্চ স্মৃতাবুক্তাঃ। কণ্ডনী পেষণী চুল্লীউদকুম্ভশ্চ মার্জনী। পঞ্চশূনাগৃহস্থস্য তাভিঃ স্বর্গং নগচ্ছতীতি। যেত্বাত্মনো ভোজনার্থমেব পচন্তি নতু বৈশ্বদেবাদ্যর্থং তে পাপাচারা অঘমেব ভুঞ্জতে॥১৩॥ জগচ্চক্রপ্রবৃত্তিত্বাদপি কর্ম্ম-

পর্জ্জন্যাদন্নসম্ভবাঃ। যজ্ঞাদ্ভবতি পর্জ্জন্যোযজ্ঞঃ কর্ম্ম সমুদ্ভবঃ॥ ১৪॥ কর্ম্মব্রহ্মোদ্ভবং বিদ্ধি ব্রহ্মাক্ষরসমুদ্ভবম্। তস্মাৎ সর্ব্বগতং ব্রহ্ম নিত্যং যজ্ঞে প্রতিষ্ঠিতম্॥ ১৫॥ এবং প্রবর্ত্তিতং চক্রং নানুবর্ত্তয়তীহ যঃ। অঘায়ুরিন্দ্রিয়ারামোমোঘং পার্থ স জীবতি॥ ১৬॥ যস্ত্বাত্মরতিরেবস্যাদাত্মতৃপ্তশ্চ মানবঃ। আত্মন্যেব চ সন্তুষ্টস্তস্য কার্য্যং ন বিদ্যতে॥ ১৭॥ নৈব তস্য কৃতেনার্থো নাকৃতেনেহ কশ্চন। নচাস্য সর্ব্বভূতেষু কশ্চিদর্থব্যপাশ্রয়ঃ॥ ১৮॥ তস্মাদসক্তঃ সততং কার্য্যং কর্ম্ম সমাচর। অসক্তোহ্যাচরন্ কর্ম্ম পরমাপ্নোতি পুরুষঃ॥ ১৯॥ কর্ম্মণৈব হি সংসিদ্ধিমাস্থিতা জনকা

স্বামিকৃত টীকা।

কর্ত্তব্যমিত্যাহ অন্নাদিতিত্রিভিঃ। অন্নাৎ শুক্রশোণিতরূপেণ পরিণতাৎ ভূতানি উৎপদ্যন্তে অন্নস্যচ সম্ভবঃ পর্জ্জন্যাদ্বৃষ্টেঃ সচ পর্জ্জন্যোযজ্ঞাদ্ভবতি সচ যজ্ঞঃ কর্ম্মসমুদ্ভবঃ কর্ম্মণাযজমানাদিব্যাপারেণ সম্যক্নিষ্পদ্যত ইত্যর্থঃ। অগ্নৌপ্রস্তাহুতিঃ সম্যগাদিত্যমুপতিষ্ঠতে। আদিত্যাজ্জায়তে বৃষ্টির্ব্বৃষ্টেরন্নং ততঃ প্রজেতিশ্রুতেঃ॥ ১৪। তথা কর্ম্মেত্যাদি। তচ্চ যজমানাদিব্যাপার রূপং কর্ম্ম। ব্রহ্ম বেদঃ তস্মাৎ প্রবৃত্তং জানীহি ব্রহ্মবেদাখ্যং অক্ষরাৎ পরব্রহ্মণঃ সমুদ্ভূতং বিদ্ধি। অস্য মহতোভূতস্য নিশ্বসিতমেতদৃগ্বেদোযজুর্বেদঃ সামবেদ ইতিশ্রুতেঃ। যতএবমক্ষরাদেব যজ্ঞপ্রবৃত্তিরভিপ্রেতোযজ্ঞঃ। তস্মাৎ সর্ব্বগতমপ্যক্ষরং ব্রহ্ম নিত্যং সর্ব্বদা যজ্ঞে প্রতিষ্ঠিতমুচ্যতে ইতি উদ্যমস্থা সদা লক্ষ্মীরিতিবৎ। ১৫। যস্মাদেবং পরমেশ্বরেণৈব ভূতানাং পুরুষার্থসিদ্ধয়ে কর্ম্মাদিচক্রং প্রবর্ত্তিতং। তস্মাদকুর্ব্বতোব্যর্থা জীবিতমিত্যাহ এবমিত্যাদি। পরমেশ্বরবাক্যভূতাৎ বেদাখ্যাদ্ব্রহ্মণঃ পুরুষাণাং কর্ম্মণি প্রবৃত্তিঃ ততঃ কর্ম্ম নিষ্পত্তিঃ ততঃ পর্জ্জন্যঃ ততোহন্নং ততোভূতানি ভূতানাঞ্চ পুনস্তদেব কর্ম্মপ্রবৃত্তিরিত্যেবং প্রবর্ত্তিতং চক্রং যোনানুবর্ত্তয়তি অঘং পাপমায়ুর্যস্য সঃ যত ইন্দ্রিয়ৈর্বিষয়েষ্বারমতি নত্বীশ্বরারাধনার্থে কর্ম্মণি ততোমোঘং ব্যর্থং স জীবতি। ১৬॥ তাদবং ন কর্ম্মণামনারম্ভাদিত্যাদিনা অজ্ঞস্যান্তঃকরণশুদ্ধ্যর্থং কর্ম্মযোগমুক্ত্বা জ্ঞানিনঃ কর্ম্মানুপযোগমাহ যস্ত্বিতিদ্বাভ্যাং। আত্মন্যেবরতিঃ প্রীতির্যস্য ততশ্চাত্মন্যেবতৃপ্তঃ স্বানন্দানুভবেন নির্ব্বৃতঃ অতএব আত্মন্যেব সন্তুষ্টঃ ভোগাপেক্ষারহিতোযস্তস্য কর্ত্তব্যং নাস্তীতি। ১৭। তত্র হেতুমাহ নৈবেত্যাদি। কৃতেন কর্ম্মণা তস্যার্থঃ পুণ্যং নৈবাস্তি নচাকৃতেন কশ্চন কোপিপ্রত্যবায়োহস্তি নিরহঙ্কারত্বেন বিধিনিষেধাতীতত্বাৎ। তথাপি তদেষাং ন প্রিয়ং যদেতন্মনুষ্যাবিদুরিতিশ্রু-

অন্নের পরিণাম হইলে তাহা হইতে প্রাণির উৎপত্তি হয় সে অন্ন মেঘবর্ষণ দ্বারা জন্মে এবং যাগ হইতে সে মেঘের উৎপত্তি আর যজমানাদির ব্যাপার স্বরূপ কর্ম্ম হইতে যাগের নিষ্পত্তি হয়।১৪। যজমানাদির ব্যাপারাত্মক যে কর্ম্ম বেদ হইতে তাহার উৎপত্তি জানিবা এবং নিত্য যে পরমেশ্বর তাহা হইতে বেদের উদ্ভব অতএব সর্ব্বব্যাপক যে পরব্রহ্ম যাগরূপ উপায় দ্বারা তিনি সর্ব্বদা প্রাপ্ত হয়েন।১৫।এই যে প্রবর্ত্তিত সংসারচক্র [অর্থাৎ পরমেশ্বরের বাক্যাত্মক বেদ হইতে কর্ম্মে প্রবৃত্তি তৎপরে কর্ম্ম নিষ্পত্তি, কর্ম্ম হইতে মেঘ, মেঘ হইতে অন্ন, অন্নহইতে প্রাণি, পুনশ্চ কর্ম্মপ্রবৃত্তি, এইরূপ যে পরমেশ্বরের নিয়ম, যে ব্যক্তি তাহার অনুষ্ঠান না করিয়া কেবল ইন্দ্রিয়ের সুখার্থ বিষয়ভোগ করে হে পার্থ, তাহার আয়ু পাপস্বরূপ ও জীবনবৃথা জানিবা।১৬। [অজ্ঞানির চিত্তশুদ্ধির নিমিত্ত কর্ম্মানুষ্ঠানের আবশ্যকতা দর্শাইয়া কর্ম্মানুষ্ঠানে জ্ঞানি ব্যক্তির অনুপযোগিতা দর্শাইতেছেন] যাহার কেবল আত্মাতেই প্রীতি এবং আত্মানন্দানুভব দ্বারাই পুলকিত হৃদয় আর বিষয় অপেক্ষা না করিয়া কেবল আত্মাতেই যেব্যক্তির সন্তোষ তাহার কর্ম্মেতে প্রয়োজন নাই যেহেতুক এপ্রকার জ্ঞানিব্যক্তির সৎকর্ম্ম করিলে পুণ্য হয় নাআর কর্ম্ম না করিলেওপাপহইতে পারেনা এবং মোক্ষপ্রাপ্তির নিমিত্ত ও ত্রিভুবনের মধ্যে কোন সহকারির আবশ্যক রাখে না।১৭॥১৮।[উক্তপ্রকার জ্ঞানিব্যক্তির পক্ষেই কর্ম্মকরণের প্রয়োজননাই কিন্তু এতাদৃশ জ্ঞান রহিত ব্যক্তিদিগের কর্ম্মানুষ্ঠান কর্ত্তব্য] অতএব হে ধনঞ্জয়, শাস্ত্রেতে অবশ্যকর্ত্তব্য বলিয়া যে সকল কর্ম্মের বিধান আছে তুমি ফলকামনাত্যাগপূর্ব্বক তাহার অনুষ্ঠান কর যেহেতুক ফলাভিলাষ রহিত হইয়া কর্ম্ম করিলে মনুষ্য চিত্তশুদ্ধি ও তত্ত্বজ্ঞান দ্বারা মোক্ষপ্রাপ্ত হয়েন।১৯। [এতদ্বিষয়ে পূর্ব্বং সাধু ব্যক্তিদিগের আচার প্রমাণ দেখাইতে

স্বামিকৃত টীকা।

তেঃ মোক্ষে দেবকৃতবিঘ্নসম্ভবাৎ তৎপরিহারার্থং কর্ম্মভির্দেবাঃ সেব্যা ইত্যাশঙ্ক্যোক্তং। সর্ব্বভূতেষু ব্রহ্মাদিস্থাবরান্তেষু কশ্চিদপ্যর্থব্যপাশ্রয় আশ্রয় এব ব্যপাশ্রয়ঃ অর্থে মোক্ষে আশ্রয়ণীয়োস্য নাস্তীত্যর্থঃ। বিঘ্নাভাবস্য শ্রুত্যৈবোক্তত্বাৎ॥ ১৮॥ যদেবং ভূতস্য জ্ঞানিনএব কর্ম্মানুপযোগোনান্যস্য তস্মাত্ত্বং কর্ম্ম কুর্ব্বিত্যাহ তস্মাদিতি। অসক্তঃ ফলসঙ্গরহিতঃ সন্ কার্য্যমবশ্যং কর্ত্তব্যতয়া বিহিতং নিত্যনৈমিত্তিকং কর্ম্ম সম্যগাচর হি যস্মাদসক্তঃ কর্ম্মাচরন্ পুরুষঃ পরং মোক্ষং চিত্তশুদ্ধিদ্বারা প্রাপ্নোতি॥ ১৯॥ অত্র সদা

দয়ঃ।, লোকসংগ্রহমেবাপি সংপশ্যন্ কর্ত্তুমর্হসি ॥২০॥ যদ্যদা চরতি শ্রেষ্ঠস্তত্তদেবেতরোজনঃ। স যৎ প্রমাণং কুরুতে লোকস্তদনু বর্ত্ততে ॥ ২১ ॥ নমে পার্থাস্তি কর্ত্তব্যং ত্রিষুলোকেষু কিঞ্চন। নান বাপ্তমবাপ্তব্যং বর্ত্তএবচ কর্ম্মণি ॥ ২২ ॥ যদিহ্যহং ন বর্ত্তেয়ং জাতু কর্ম্মণ্যতন্দ্রিতঃ। মম বর্ত্মানুবর্ত্তন্তে মনুষ্যাঃপার্থ সর্ব্বশঃ ॥ ২৩ ॥ উৎসীদেয়ুরিমে লোকা ন কুর্য্যাং কর্ম্মচেদহম্। সঙ্করস্য চ কর্ত্তা স্যামুপহন্যামিমাঃ প্রজাঃ ॥ ২৪ ॥ সক্তাঃ কর্ম্মণ্যবিদ্বাংসো যথা কুর্ব্বন্তি ভারত। কুর্য্যাদ্বিদ্বাংস্তথাঽসক্তশ্চিকীর্ষুর্লোকসংগ্রহম্ ॥২৫ ন বুদ্ধিভেদং জনয়েদজ্ঞানাং কর্ম্মসঙ্গিনাং। জোষয়েৎ সর্ব্বকর্ম্মাণি বিদ্বান্ যুক্তঃ সমাচরন্ ॥ ২৬ ॥ প্রকৃতেঃ ক্রিয়মাণানি গুণৈঃ কর্ম্মা

স্বামিকৃত টীকা।

চারং প্রমাণয়তি কর্ম্মণৈবেত্যাদি। কর্ম্মণৈব শুদ্ধসত্ত্বাঃ সংসিদ্ধিং সম্যক্‌জ্ঞানং প্রাপ্তা ইত্যর্থঃ। যদ্যপি সম্যক্ জ্ঞানিনমেবাত্মানং মন্যসে তথাপি কর্ম্মাচরণং ভদ্রমেবেত্যাহ লোকসংগ্রহ মিত্যাদি। লোকস্য সংগ্রহঃ স্বধর্ম্মে প্রবর্ত্তনং ময়া কর্ম্মাণি কৃতে জনঃ সর্ব্বোঽপি করিষ্যত্যন্যথা জ্ঞানিদৃষ্টান্তেনাজ্ঞঃ কর্ম্মত্যজেৎ নির্দ্ধর্ম্মতাজন্যতইত্যেবং লোকরক্ষণমপি তাবৎ প্রয়োজনং সংপশ্যন্ কর্ম্মকর্ত্তুমেবার্হসি ন ত্যক্তুমিত্যর্থঃ ॥ ২০ ॥ কর্ম্ম করণে লোকসংগ্রহো যথাস্যাত্তদাহ যদ্যদিত্যাদি। ইতরঃ প্রাকৃতোজনোঽপি তত্তদাচরতি। স শ্রেষ্ঠোজনঃ কর্ম্মশাস্ত্রং তন্নিবৃত্তিশাস্ত্রং বা যৎ প্রমাণং মন্যতে তদেব লোকোঽপ্যনুসরতি ॥ ২১ ॥ তত্রাহমেব দৃষ্টান্ত ইত্যাহ নমে ইত্যাদিত্রিভিঃ। হে পার্থ মে কর্ত্তব্যং নাস্তি যতস্ত্রিষ্বপি লোকেষু অপ্রাপ্তং সৎপ্রাপ্তব্যং নাস্তি তথাপি কর্ম্মণিবর্ত্তএব কর্ম্ম করোম্যেবেত্যর্থঃ॥ ২২ ॥ অকরণে লোকস্য নাশং দর্শয়তি যদীতি। জাতুকদাচিৎ অতন্দ্রিতোঽনলসঃ সন্ যদি কর্ম্মণি ন বর্ত্তেয়ং কর্ম্ম নানুতিষ্ঠেয়ং তর্হি মমৈব বর্ত্মমার্গং মনুষ্যা অনুবর্ত্তন্তেঽনুবর্ত্তেরন্নিত্যর্থঃ ॥ ২৩ ॥ ততঃ কিমতআহ উৎসীদেয়ুরিত্যাদি। উৎসীদেয়ুর্ধর্ম্মলোপেন নশ্যেয়ুস্ততশ্চ যোবর্ণসঙ্করো ভবেৎ তস্যাপ্যহমেবকর্ত্তা স্যাং ভবেয়ং। এবমহমেব প্রজা উপহন্যাং মলিনীকুর্য্যাং ॥ ২৪ ॥ তস্মাদাত্মবিদাপি লোকসংগ্রহার্থং তৎকৃপয়া কর্ম্মকার্য্য মিত্যুপসংহরতি সক্তাইত্যাদি। কর্ম্মণিসক্তা অভিনিবিষ্টাঃ সন্তোঽজ্ঞা যথা কর্ম্মকুর্ব্বন্তি অসক্তঃ সন্ বিদ্বানঽপি তথৈব কুর্য্যাৎ লোকসংগ্রহং কর্ত্তুমিচ্ছুঃ ॥ ২৫ ॥ ননু কৃপয়া তত্ত্বজ্ঞানমেবোপদেষ্টুং যুক্তং নেত্যাহ ন বুদ্ধি-

ছেন] জনকাদি জ্ঞানিলোকেরা কর্ম্মদ্বারাই জ্ঞানপ্রাপ্ত হইয়াছেন অতএব তুমিও কর্ম্ম কর আর যদ্যপি তোমার বোধ হইয়া থাকে তুমি জ্ঞানী হইয়াছ তথাপি স্বধর্ম্মেতে লোকের প্রবৃত্তি নিমিত্ত তোমার কর্ম্ম করা উচিত নতুবা জ্ঞানির কর্ম্ম পরিত্যাগ দেখিয়া অজ্ঞলোকেরাও কর্ম্মত্যাগ করিবে তাহা হইলে একেবারে কর্ম্মলোপ হইবে॥ ২০॥ প্রধানব্যক্তি যে ব্যবহার করেন অন্যলোকেরাও তাঁহাই করে আর,কর্ম্মশাস্ত্র বা তন্নিবর্ত্তক শাস্ত্র এ দুয়ের মধ্যে শ্রেষ্ঠব্যক্তি যে শাস্ত্রপ্রমাণে চলেন অন্যলোকেরাও সেই শাস্ত্রা-বলম্বী হয়॥ ২১॥ [শ্রীকৃষ্ণ এবিষয়ে আপনাকেই দৃষ্টান্ত দেখাইতেছেন] হে পার্থ, আমার কর্ত্তব্য কিছুই নাই যেহেতুক ত্রিভুবনের মধ্যে এমত কোন বস্তু অপ্রাপ্ত নাই যে তদর্থে আমার কর্ম্মানুষ্ঠান করিতে হয় কিন্তু তথাচ আমি কর্ম্মেতেপ্রবর্ত্ত আছি। ২২। [তাহার কারণ এই যে] আমি যদ্যপি আলস্যশূন্য হইয়া কখনও কর্ম্মানুষ্ঠান না করি হে,অর্জুন, তবে আমার কর্ম্ম ত্যাগ দেখিয়া সকলেই কর্ম্ম পরিত্যাগ করিবে। ২৩। [যদি বল সকলে কর্ম্ম ত্যাগ করিলে হানি কি,একথার উত্তর এই যে] আমি কর্ম্ম না করিলে প্রজারা সকলেই কর্ম্মত্যাগ করিয়া আচারভ্রষ্ট হইবে, তাহা হইলে আমিই বর্ণসঙ্কর উৎপত্তির মূল হইয়া এই প্রজাগণকে পাপযুক্ত করিব॥ ২৪॥ অতএব হে অর্জুন; ফলাভিলাষী হইয়া অজ্ঞানি লোকেরা যেরূপ কর্ম্মানুষ্ঠান করে লোক সংগ্রহ ইচ্ছুক জ্ঞানবান ব্যক্তিরও কামনা ত্যাগপূর্ব্বক সেইরূপ কর্ম্মা-নুষ্ঠান কর্ত্তব্য হয়। ২৫। জ্ঞানবান ব্যক্তি আপনি সাবধানে নিষ্কাম কর্ম্মের অনুষ্ঠান করিয়া অজ্ঞলোক সকলকে কর্ম্মেতেই নিযোজিত করিবেন,[জ্ঞানোপদেশ করাই কর্ত্তব্য বটে কিন্তু] অত্যন্নমূখলোকের প্রতি তাহা উচিত নহে যেহেতুক কর্ম্ম হইতে অজ্ঞান লোকের বুদ্ধিচালন করিলে তাহাতে জ্ঞানোদয় না হইয়া কর্ম্মেতেই কেবল তাহারদিগের অশ্রদ্ধা হইবে সুতরাং তাহারদিগের কর্ম্ম ব্রহ্ম উভয়ভ্রষ্ট হইবার সম্ভাবনা॥ ২৬॥ [যদি বল জ্ঞান

স্বামিকৃত টীকা।

ভেদমিত্যাদি। অজ্ঞানামতএব কর্ম্মসঙ্গিনাং কর্ম্মাসক্তানাং অকর্ত্রাত্মোপদেশেন বুদ্ধের্ভেদং ন জনয়েৎ কর্ম্মণঃ সকাশাদ্বিচালনং ন কুর্য্যাৎ অপিতু জোষয়েৎ সেবয়েৎ অজ্ঞান্ কর্ম্মাণি কারয়েদিত্যর্থঃ। কথং যুক্তঃ অবহিতো ভূত্বা স্বয়মাচরন্ সন্ বুদ্ধিচালনে কৃতেসতি কর্ম্মসু শ্রদ্ধানিবৃত্তেঃ জ্ঞানস্যচানুৎপত্তে স্তেষামুভয়ত্র ভ্রংশঃ স্যাদিতিভাবঃ। ২৬ ॥ ননু বিদুষাঽপিচেৎ

ণি সর্ব্বশঃ। অহঙ্কারবিমূঢ়াত্মা কর্ত্তাহমিতি মন্যতে ॥ ২৭ ॥ তত্ত্ববিত্তু মহাবাহো গুণকর্ম্মবিভাগয়োঃ। গুণা গুণেষু বর্ত্তন্ত ইতি মত্বা ন সজ্জতে ॥ ২৮ ॥ প্রকৃতেগুর্ণসংমূঢ়াঃ সজ্জন্তে গুণকর্ম্মসু। তানকৃৎস্নবিদোমন্দান্ কৃৎস্নবিন্নবিচালয়েৎ। ২৯। ময়ি সর্ব্বাণি কর্ম্মাণি সংন্যস্যাধ্যাত্মচেতসা। নিরাশীর্নির্ম্মমোভূত্বা যুধ্যস্ব বিগতজ্বরঃ॥ ৩০ ॥ যে মে মতমিদং নিত্যমনুতিষ্ঠন্তি মানবাঃ। শ্রদ্ধাবন্তোঽনসূয়ন্তোমুচ্যন্তে তেঽপি কর্ম্মভিঃ। ৩১। যেত্বেতদভ্যসূয়ন্তো নানুতিষ্ঠন্তি মে মতম্। সর্ব্বজ্ঞানবিমূঢ়াংস্তান্ বিদ্ধি নষ্টানচেতসঃ ॥ ৩২ ॥ সদৃশং চেষ্টতে স্বস্যাঃ প্রকৃতের্জ্ঞানবানঽপি। প্রকৃতিং যান্তি ভূতানি নিগ্রহঃ কিং করিষ্যতি ॥ ৩৩॥ ইন্দ্রিয়স্যেন্দ্রিয়স্যার্থে

স্বামিকৃত টীকা।

কর্ম্মকর্ত্তব্যং তর্হিবিদ্বদবিদুষোঃ কো বিশেষ ইত্যাশঙ্ক্যোভয়োর্বিশেষং দর্শয়তি প্রকৃতেরিতি দ্বাভ্যাং। প্রকৃতের্গুণৈঃ প্রকৃতিকার্য্যৈরিন্দ্রিয়ৈঃ সর্ব্বপ্রকারেণ ক্রিয়মাণানি যানি কর্ম্মাণি তান্যহমেব কর্ত্তা করোমীতি মন্যতে অত্রহেতুঃ অহঙ্কারেণেন্দ্রিয়াদিষ্বাত্মাধ্যাসেন বিমূঢ়বুদ্ধিঃ সন্ ॥ ২৭॥ বিদ্বাংস্তু ন তথা মন্যতে ইত্যাহ তত্ত্ববিদিত্যাদি। নাহং গুণাত্মক ইতি গুণেভ্য আত্মনোবিভাগঃ। নমেকর্ম্মাণীতি কর্ম্মভ্যোপ্যাত্মনোবিভাগঃ। তয়োর্গুণকর্ম্মবিভাগয়োর্যস্তত্ত্বং বেত্তি সতু ন সজ্জতে কর্তৃত্বাভিনিবেশং ন করোতি। অত্রহেতুঃ গুণাইন্দ্রিয়াণি গুণেষু বিষয়েষু প্রবর্ত্তেরন্নাহমিতি মত্বা ॥ ২৮ ॥ ন বুদ্ধিভেদ মিত্যাদ্যুপসংহরতি প্রকৃতেরিত্যাদি। যে প্রকৃতের্গুণৈঃ সত্ত্বাদিভিঃ সংমূঢ়াঃ সন্তোর্গুণেষ্বিন্দ্রিয়েষু তত্তৎকর্ম্মসু সজ্জন্তে তান্ অকৃৎস্নবিদোমন্দমতীন কৃৎস্নবিৎ সর্ব্বজ্ঞো ন বিচালয়েৎ ॥ ২৯ ॥ তদেবং তত্ত্ববিদাপি কর্ম্মকর্ত্তব্যং ত্বন্তু নাদ্যাপি তত্ত্ববিৎ অতঃ কর্ম্মৈব কুর্ব্বিত্যাহ ময়ীত্যাদি। সর্ব্বাণি কর্ম্মাণি ময়িসংন্যস্য সমর্প্য অধ্যাত্মচেতসা অন্তর্যাম্যধীনোঽহং করোমীতি দৃষ্ট্যা নিরাশীর্নিষ্কামঃ মৎফলসাধনং মদর্থমিদং কর্ম্মেত্যেবং মমতাশূন্যশ্চভূত্বা যুধ্যস্ব ॥ ৩০ ॥ এবং কর্ম্মানুষ্ঠানে গুণমাহ যেমেইত্যাদি। মদ্বাক্যে শ্রদ্ধাবন্তঃ অনসূয়ন্তঃ দুঃখাত্মকে কর্ম্মণি প্রবর্ত্তয়তীতি দোষদৃষ্টিমকুর্ব্বন্তশ্চ যে মদীয় মতমনুতিষ্ঠন্তি তেঽপি শনৈঃসম্যগ্জ্ঞানিবৎ কর্ম্মভিমুর্চ্যন্তে বিগতজ্বরস্ত্যক্তশোকশ্চভূত্বা ॥৩১॥ বিপক্ষে দোষমাহ যেত্বিত্যাদি। যেতু নানুতিষ্ঠন্তি তানচেতসো বিবেকশূন্যান্ অতএব সর্ব্বস্মিন্ কর্ম্মণি ব্রহ্মবিষয়ে যজ্জ্ঞানং তত্র বিমূঢ়ান্ নষ্টান্ বিদ্ধি ॥ ৩২ ॥ নন তর্হিমহাফল-

বানেরও যদ্যপি কর্ম্ম করিতে হইল তবে জ্ঞানির অজ্ঞানির প্রভেদ কি, দুই শ্লোকের দ্বারা ইহার সিদ্ধান্ত করিতেছেন] স্বভাবের কার্য্য যে ইন্দ্রিয় সকল তাবৎকর্ম্ম তাহারাই করে কিন্তু ইন্দ্রিয়াদিতে আত্ম দৃষ্টির দ্বারা মোহিত ব্যক্তিসকল অভিমান করেন এই সকল কর্ম্মের কর্ত্তা আমরাই হই ।। ২৭ ।। কিন্তু হে মহাবাহো; যাঁহারা আত্মাকে ইন্দ্রিয়াদি হইতে ভিন্ন এবং অকর্ত্তা জানেন তাঁহারা ইন্দ্রিয়সকল আপনং বিষয়ে স্বয়ং প্রবর্ত্ত হইয়া থাকে এইরূপ জ্ঞান করিয়া কর্ম্মেতে আসক্ত হয়েন না।। ২৮।। প্রকৃতির সত্ত্বাদি গুণদ্বারা মোহিত ব্যক্তিরা ইন্দ্রিয়াদিকেই আত্মা জ্ঞান করে এবং ইন্দ্রিয় সকলের কর্ম্মেতেই আত্মার কর্ত্তৃত্ব মানে জ্ঞানবান ব্যক্তি সেই অল্পবুদ্ধি অজ্ঞানিদিগের বুদ্ধিচালন করিবেন না।। ২৯ ।। [লোক সংগ্রহের নিমিত্ত তত্ত্বজ্ঞানিরও কর্ম্মানুষ্ঠানের আবশ্যকতা দর্শাইয়া ভগবান তত্ত্বজ্ঞানার্থি অর্জ্জুনকে কর্ম্মানুষ্ঠানের সন্ধান কহিতেছেন] হে ধনঞ্জয়, আমাতে [অর্থাৎ পরমেশ্বরেতে] সকল কর্ম্ম সমর্পণ করিয়া, পরমেশ্বরের অধীন হইয়া কর্ম্ম করিতেছি, এই বোধে ফলাভিলাষ, মায়া, শোক ত্যাগ পূর্ব্বক তুমি যুদ্ধে প্রবর্ত্ত হও।। ৩০।। [এরূপে কর্ম্মানুষ্ঠানের কি গুণ তাহা বলিতেছেন] যাঁহারা দোষ দৃষ্টি না করিয়া আমার বাক্যেতে শ্রদ্ধাপূর্ব্বক সর্ব্বদা এইমত আশ্রয় করেন তাঁহারা কর্ম্ম করিতেং ক্রমশ কর্ম্মবন্ধন হইতে মুক্ত হয়েন। ৩১।। কিন্তু আমার এই মতের উপর দোষ দৃষ্টি করিয়া যাহারা কর্ম্মানুষ্ঠান না করে তাহারা সকল কর্ম্মবিষয়ে ও ব্রহ্মবিষয়ে যেরূপ জ্ঞান কর্ত্তব্য তাহা রহিত, অতএব তাহারদিগকে বিবেচনাশূন্য এবং কর্ম্ম বন্ধনগ্রস্ত জানিবা ।। ৩২ ।। [যদি বল নিষ্কামকর্ম্মেতেএই মহৎফল আছে তবে ইন্দ্রিয়নিগ্রহ করিয়া নিষ্কামী হইয়া সকলেই কেন স্বধর্ম্মানুষ্ঠানে প্রবর্ত্ত না হয়েন, একথার উত্তর এই যে] কর্ম্মের দোষগুণ জানিয়া জ্ঞানবান ব্যক্তিরাও স্বীয়২ জন্মান্তরীয় কর্ম্মজন্য সংস্কারানুসারে চেষ্টা করেন তাহাতে অজ্ঞানির প্রতি বক্তব্য কি, যেহেতুক প্রাণিমাত্রেই প্রারব্ধের পশ্চাদ্বর্ত্তি হয়েন।৩৩। [যদি বল প্রাণিম-

স্বামিকৃত টীকা।

ত্বাদিন্দ্রিয়াণি নিগৃহ্য নিষ্কামঃ সন্তঃসর্ব্বেহপি স্বধর্ম্মমেবকিং নানুতিষ্ঠন্তি তত্রাহ সদৃশমিত্যাদি। প্রকৃতিঃ প্রাচীনকর্ম্মসংস্কারাধীনস্বভাবঃ স্বস্যাঃ স্বকীয়ায়াঃ প্রকৃতেঃ স্বভাবস্য সদৃশমনুরূপমেব গুণদোষজ্ঞানবানহপি চেষ্টতে কিংপুনর্বক্তব্যমজ্ঞশ্চেষ্টত ইতি যস্মাদ্ভূতানি সর্ব্বেহপি প্রাণিনঃ প্রকৃতিং যান্তি অনুবর্ত্তন্তে এবঞ্চ সতি ইন্দ্রিয়নিগ্রহঃ কিং করিষ্যতি প্রকৃতের্বলীয়স্ত্বাদিত্যর্থঃ ।। ৩৩ ।। নন্বেবং প্রকৃত্যধীনৈবচেৎ পুরুষস্য প্রবৃত্তিঃ

রাগদ্বেষৌ ব্যবস্থিতৌ। তয়োর্নবশমাগচ্ছেৎ তৌ হ্যস্য পরিপন্থি-
নৌ ॥ ৩৪ ॥ শ্রেয়ান্ স্বধর্ম্মোবিগুণঃ পরধর্ম্মাৎ স্বনুষ্ঠিতাৎ। স্বধর্ম্মে
নিধনং শ্রেয়ঃ পরধর্ম্মো ভয়াবহঃ ॥ ৩৫ ॥ অর্জুনউবাচ। অথ কেন
প্রযুক্তোঽয়ংপাপঞ্চরতি পূরুষঃ। অনিচ্ছন্নপি বার্ষ্ণেয় বলাদিব
নিযোজিত ॥ ৩৬ ॥ ভগবানুবাচ। কামএষ ক্রোধএষ রজোগুণ-
সমুদ্ভবঃ। মহাশনো মহাপাপ্মা বিদ্ধ্যেন মিহ বৈরিণং ॥ ৩৭ ॥

স্বামিকৃত টীকা।

তর্হি বিধিনিষেধশাস্ত্রস্য বৈয়র্থ্যং প্রাপ্তমিত্যাশঙ্ক্যাহ ইন্দ্রিয়স্যেত্যাদি। বীপ্সয়ায়াং প্রত্যেকং সর্ব্বেষামিন্দ্রিয়াণামিত্যুক্তং। অর্থে স্বস্ববিষয়ে অনুকূলে রাগঃ প্রতিকূলে দ্বেষইত্যেবং রাগদ্বেষৌ ব্যবস্থিতৌ অবশ্যং ভাবিনৌ ততশ্চতদনুরূপা প্রবৃত্তিরিতি ভূতানাং প্রকৃতিঃ তথাপি তয়োর্বশবর্ত্তী ন ভবেদিতি শাস্ত্রেণ নিয়ম্যতে হি যস্মাদস্য মুমুক্ষোস্তৌ পরিপন্থিনৌ প্রতিপক্ষৌ। অয়ং ভাবঃ বিষয়স্মরণাদিনা রাগদ্বেষাবুৎপাদ্যানর্থাহিতং পুরুষমনর্থেঽপি গভীরস্রোতইব প্রকৃতির্বলাৎ প্রবর্ত্তয়তি শাস্ত্রং ততঃ প্রাগেব বিষয়েষু রাগদ্বেষপ্রতিবন্ধকেপরমেশ্বর ভজনাদৌ প্রবর্ত্তয়তি ততশ্চ গভীরস্রোতঃপাতাৎ পূর্ব্বমেবনাবমাশ্রিতইব নানর্থং প্রাপ্নোতীতি ॥ ৩৪ ॥ তদেবং স্বাভাবিকীং পশ্বাদিসদৃশীং প্রবৃত্তিং ত্যক্ত্বা ধর্ম্মে প্রবর্ত্তিতব্যমিত্যুক্তং। তর্হি স্বধর্ম্মস্য যুদ্ধাদেদুঃখরূপস্য যথাবৎকর্ত্তুমশক্যত্বাৎ পরধর্ম্মস্য চাহিংসাদেঃ সুকরত্বাদ্ধর্ম্মত্বাবিশেষাচ্চ তত্র প্রবর্ত্তিতুমিচ্ছন্তং প্রত্যাহ শ্রেয়ানিত্যাদি স্বাঙ্গহীনোঽপি স্বধর্ম্মঃ শ্রেয়ান্ প্রশস্ততরঃ স্বনুষ্ঠিতাৎ সকলাঙ্গসংপূর্ত্ত্যা কৃতাদপি পরধর্ম্মাৎ সকাশাৎ তত্রহেতুঃ স্বধর্ম্মে যুদ্ধাদৌ প্রবর্ত্তমানস্য নিধনং মরণমপি শ্রেষ্ঠং স্বর্গাদিপ্রাপকত্বাৎ পরধর্ম্মস্তু পরস্যতু ভয়াবহঃ নিষিদ্ধত্বেন নরকপ্রাপকত্বাৎ ॥ ৩৫ ॥ তয়োর্নবশমাগচ্ছেদিত্যুক্তং তদেতদশক্যং মন্বানো অর্জুনউবাচ। অথেত্যাদি। বৃষ্ণেবংশেঽবতীর্ণো বার্ষ্ণেয়ঃ হে বা[illegible]র্ষ্ণেয়, অনর্থরূপং পাপং কর্ত্তুমনিচ্ছন্নপি কেন প্রযুক্তঃ প্রেরিতোঽয়ং [illegible]ষঃ পাপং চরতি কামক্রোধৌ বিবেকবলেন নিরুদ্ধতোঽপি পুরুষস্য পাপে পুনঃপ্রবৃত্তিদর্শনাৎ অন্যোঽপিতয়োর্মূলভূতঃ কশ্চিৎ প্রবর্ত্তকো ভবেদিতি সম্ভাবনয়াপ্রশ্নঃ ॥ ৩৬ ॥ অত্রোত্তরং শ্রীভগবানুবাচ। কামএষ ইত্যাদি। যস্ত্বয়াপৃষ্টোহেতুরেষ কামএব। ননু ক্রোধোঽপি পূর্ব্বং ত্বয়োক্তঃ। সত্যং নাসৌ ততঃ পৃথক্ কিন্তু ক্রোধোঽপ্যেষ এব কামএব হি কেনচিৎ প্রতিহতঃ ক্রোধাত্মনা পরিণমতে। পূর্ব্বং পৃথক্ত্বেনোক্তোঽপি ক্রোধঃ কামজয় এব ক্রোধজয় ইত্যভিপ্রায়েণ কামেন একীকৃত্যোচ্যতে রজোগুণাৎ সমুদ্ভবতীতি

প্রারব্ধের অধীন হইয়া কর্ম্ম করে তবে শাস্ত্রের বিধিনিষেধের প্রয়োজন কি, ইহার উত্তর] ইন্দ্রিয়মাত্রেরই প্রতিকূলবিষয়ে দ্বেষ এবং অনুকূলবিষয়ে অভিলাষ অবশ্য হইয়া থাকে [যেমন ঘ্রাণেন্দ্রিয়ের বিষয়গন্ধ তাহার মধ্যে দুর্গন্ধের প্রতি দ্বেষ, সদ্গন্ধের প্রতি অভিলাষ ইত্যাদি] অতএব শাস্ত্রে এই নিয়ম করেন অভিলাষ দ্বেষের বশীভূত হইবেক না যেহেতুক ঐ অভিলাষদ্বেষ পুরুষের প্রবলশত্রু স্বরূপ হয়। [জন্মান্তরীয় সংস্কার, বিষয় চিন্তনের দ্বারা অভিলাষদ্বেষকে উৎপন্ন করাইয়া গভীরস্রোতে পতিতের ন্যায় পুরুষকে প্রবর্ত্ত করায় কিন্তু শাস্ত্র অভিলাষদ্বেষের প্রতিবন্ধকীভূত পরমেশ্বরারাধনাতে প্রবৃত্তি দেন তথাচ গভীরস্রোতে পতনের পূর্ব্বে যে ব্যক্তি নৌকারোহণ করে তাহার ন্যায় অভিলাষদ্বেষের বশ না হইতে পরমেশ্বরারাধনায় প্রবর্ত্ত হইলে অনর্থ ঘটিতে পারে না] ॥ ৩৪॥ [এই সকল শ্লোকের তাৎপর্য্য এই স্থির হইল যে স্বভাবানুযায়ি প্রবৃত্তি ত্যাগ করিয়া, স্বধর্ম্মই করিবে, ইহাতে এই আপত্তি হইতে পারে দুঃখদায়ক যুদ্ধাদি রূপ স্বধর্ম্ম না করিয়া অহিংসাদিরূপ যেপরধর্ম্ম তাহাই কেন না করি, ইহার উত্তর এই যে] সর্ব্বাঙ্গসম্পন্ন যে পরধর্ম্ম তদপেক্ষা অঙ্গহীন স্বধর্ম্মও শ্রেষ্ঠ, যেহেতুক যুদ্ধাদি রূপ স্বধর্ম্মেতে প্রাণবিয়োগ হইলেও তাহাতে স্বর্গলাভ হয় কিন্তু একজাতির ধর্ম্ম অন্য জাতির প্রতি নিষিদ্ধপ্রযুক্ত তাহা করিলে পাপ জন্মে ।৩৫। [এইরূপে অর্জ্জুন রাগ দ্বেষকে বশীভূত করণ অশক্য বোধ করিয়া শ্রীকৃষ্ণকে জিজ্ঞাসা করিতেছেন] হে বৃষ্ণিবংশাবতীর্ণ, পাপকার্য্য করিতে ইচ্ছা না থাকিলেও যেন অন্য কেহ বলপূর্ব্বক তাহাতে নিযোজিত করে অতএব পাপকর্ম্মেতে প্রবর্ত্তক অন্য কেহ আছে কি, ॥ ৩৬॥ শ্রীকৃষ্ণের উত্তর । হে অর্জুন, তুমি যে কারণ জিজ্ঞাসা করিলা সে কেবল অভিলাষ, কোন কারণবশত অভিলাষের ব্যাঘাত হইলে ঐ অভিলাষই ক্রোধরূপে উৎপন্ন হয়, অভিলাষ রজোগুণের কার্য্য তথাচ সত্ত্বগুণকে অবলম্বন করিলে রজো বিনাশ পায় তাহা হইলে আর অভিলাষ জন্মিতে পারে না এই উগ্রতর অভিলাষের পরিপূরণ অতি দুঃসাধ্য অতএব ইহাকেই মোক্ষপথের বৈরি

স্বামিকৃত টীকা।

তথা অনেন সত্ত্ববৃদ্ধ্যা রজসি ক্ষয়ং নীতে সতি কামোজীয়ত ইতি সূচিতং। এবং কামমিহমোক্ষমার্গে বৈরিণংবিদ্ধি অয়ঞ্চ বক্ষ্যমাণক্রমেণ হন্তব্যএব যতোনাসৌ দানেন সন্ধাতুংশক্য ইত্যাহ মহাশনঃ মহদশনংযস্য দুষ্পূর ইত্যর্থঃ। নচ সাম্না সন্ধাতুংশক্যঃ যতোমহাপাপ্মা অত্যুগ্রঃ॥৩৭॥ কামস্য

ধূমেনাব্রিয়তে বহ্নির্যথাদর্শো মলেন চ। যথোল্বেনাবৃতোগর্ভ স্তথা তেনেদমাবৃতং ॥ ৩৮ ॥ আবৃতং জ্ঞানমেতেন জ্ঞানিনোনিত্যবৈরিণা। কামরূপেণ কৌন্তেয় দুষ্পূরেণানলেন চ ॥ ৩৯ ॥ ইন্দ্রিয়াণি মনোবুদ্ধিরস্যাধিষ্ঠানমুচ্যতে। এতৈর্বিমোহয়ত্যেষ জ্ঞানমাবৃত্য দেহিনং ॥ ৪০ ॥ তস্মাত্ত্বমিন্দ্রিয়াণ্যাদৌ নিয়ম্য ভরতর্ষভ। পাপ্মানং প্রজহি হ্যেনং জ্ঞানবিজ্ঞান নাশনং ॥ ৪১ ॥ ইন্দ্রিয়াণি পরাণ্যাহুরিন্দ্রিয়েভ্যঃ পরংমনঃ। মনসস্তু পরাবুদ্ধির্বুদ্ধের্যঃ পরতস্তুসঃ ।৪২। এবংবুদ্ধেঃ পরং বুদ্ধ্বা সংস্তভ্যাত্মানমাত্মনা। জহি শত্রুং মহাবাহো কামরূপং দুরাসদং॥ ৪৩। ইতি শ্রীভগবদ্গীতাসু কর্ম্মযোগো নাম তৃতীয়োঽধ্যায়ঃ।

স্বামিকৃত টীকা।

বৈরিত্বং দর্শয়তি ধূমেন সহজেন বহ্নিরাব্রিয়তে আচ্ছাদ্যতে যথাচাদর্শোমলেনাগন্তুকেন যথা উল্বেন গর্ভবেষ্টনচর্ম্মণা গর্ভঃ সর্ব্বতোনিরুদ্ধ্যাবৃতঃ তথা প্রকারত্রয়েণাপি তেন কামেনাবৃতমিদং ॥ ইদংশব্দনির্দ্দিষ্টং দর্শয়ন্ বৈরিত্বংস্ফুটয়তি আবৃতমিত্যাদি। ইদং বিবেকজ্ঞানং এতেনাবৃতং অজ্ঞস্য খলু ভোগসময়ে কামঃ সুখহেতুরেব পরিণামেতু বৈরিতাং প্রতিপদ্যতে। জ্ঞানিনঃ পুনঃ তৎকালমপ্যর্থানুসন্ধানাদ্দুঃখহেতুরেবেতি নিত্যবৈরিণেত্যুক্তং। কিঞ্চ বিষয়ৈঃ পূর্য্যমাণোঽপি যোদুষ্পূরঃ আপূর্য্যমাণস্তু শোকসন্তাপহেতুত্বাদনলতুল্যঃ অনেন সর্ব্বান্ প্রতি নিত্যবৈরিত্বমুক্তং ॥৩৯॥ ইদানীং তস্যাধিষ্ঠানং কথয়ন্ জয়োপায়মাহ ইন্দ্রিয়াণীতি দ্বাভ্যাং। ইন্দ্রিয়াণীত্যাদি বিষয়দর্শনশ্রবণাদিভিঃ সঙ্কল্পেনাধ্যবসায়েনচ কামস্যাবির্ভাবাৎ ইন্দ্রিয়াণিচ [illegible]শ্চ বুদ্ধিশ্চাধিষ্ঠানমুচ্যতে এতৈরিন্দ্রিয়াদিভির্দর্শনাদিব্যাপারবদ্ভিরাশ্রয় [illegible] বিবেকজ্ঞানমাবৃত্য দেহিনং বিমোহয়তি ॥ ৪০ ॥ যস্মাদেবং তস্মাত্ত্ব [illegible]ণ্যাদি আদৌ বিমোহাৎ পূর্ব্বমেবেন্দ্রিয়াণি মনোবুদ্ধিঞ্চ নিয়ম্য পাপরূপ [illegible]নং কামং হি স্ফুটং প্রজহি ঘাতয় ॥ ৪১ ॥ যত্র চিত্তপ্রণিধানেন ইন্দ্রিয়াণি নিয়ন্তুং শক্যন্তে তদাত্মস্বরূপং দেহাদিভ্যো বিবিচ্য দর্শয়তি ইন্দ্রিয়াণীত্যাদি। ইন্দ্রিয়াণি দেহাদিভ্যোগ্রাহ্যেভ্যঃ পরাণি শ্রেষ্ঠান্যাহুঃ সূক্ষ্মত্বাৎ প্রকাশকত্বাচ্চ অতএব তদ্ব্যতিরিক্তত্বমর্থাদুক্তং ভবতি ইন্দ্রিয়েভ্যশ্চ সঙ্কল্পাত্মকং মনঃ পরং তৎপ্রবর্ত্তকত্বাৎ। মনসস্তু বুদ্ধির্নিশ্চয়াত্মিকা পরা নিশ্চয়পূর্ব্বত্বাৎ সঙ্কল্পস্য। যস্তু বুদ্ধেঃপরঃ তৎ সাক্ষিত্বেনাবস্থিতঃ সর্ব্বান্তরঃ সআত্মা তং বিমোহয়তি দেহিনমিতি দেহিশব্দোক্ত আত্মা স ইতি পরা

জানিবা। ৩৭। যেমন ধূম অগ্নিকে আচ্ছাদন করে আর মল দর্পণকে ঢাকিয়া রাখে এবং গর্ভবেষ্টন চর্ম্ম যেপ্রকার গর্ভস্থ প্রাণিকে বেষ্টন করিয়া থাকে সেইরূপ এই অভিলাষ বিবেকজ্ঞানকে আচ্ছাদিত করিয়া রাখে। ৩৮। জ্ঞানির পক্ষে নিত্যবৈরি যে অভিলাষ সেই বিবেক জ্ঞানকে প্রকাশ হইতে দেয় না, হে কুন্তী নন্দন, ভূরিং বিষয় পাইলেও অভিলাষের পরিপূরণ দুঃসাধ্য অতএব শোকসন্তাপের হেতুপ্রযুক্ত এই অভিলাষ অগ্নি তুল্য হয় ॥ ৩৯॥ চক্ষুরাদি বহিরিন্দ্রিয়, মন, বুদ্ধি, ইহারাই অভিলাষের আশ্রয় স্থান যেহেতুক বিষয় দর্শনাদির দ্বারা ইহারাই জ্ঞানের আবরণ স্বরূপ অভিলাষকে উৎপন্ন করিয়া পুরুষকে মোহিত করে। ৪০। অতএব হে ভরতবংশ্য প্রধান, তুমি মোহিত হইবার পূর্ব্বে চক্ষুরাদি বহিরিন্দ্রিয় এবং মন ও বুদ্ধিকে দমনে রাখিয়া আত্মজ্ঞান ও শাস্ত্রীয় জ্ঞানের বিনাশকারিণী যে বাসনা তাহাকে আঘাত কর ॥ ৪১ ॥ [যে আত্মাতে চিত্তপ্রবেশ করিলে ইন্দ্রিয়গণ বশীভূত হয় সেই আত্মার স্বরূপ কহিতেছেন] শরীরাপেক্ষা সূক্ষ্ম ও প্রকাশক এপ্রযুক্ত ইন্দ্রিয়গণ শরীর হইতে শ্রেষ্ঠ এবং ইন্দ্রিয়ের প্রবর্ত্তক হেতুক সংকল্প স্বরূপ মন সকল ইন্দ্রিয়ের প্রধান; মন হইতেও বুদ্ধি শ্রেষ্ঠ যেহেতুক পূর্ব্বে নিশ্চয় হইলেই মন ইন্দ্রিয়কে প্রবর্ত্ত করে; এই বুদ্ধি হইতেও [illegible] অথচ সর্ব্বশরীরে সাক্ষিস্বরূপ বিরাজমান তিনিই আত্মা হয়েন। [illegible] মহাবাহো, বিকারশূন্য জগৎ সাক্ষিস্বরূপ অথচ বুদ্ধি হইতে অ[illegible] আত্মাকে জানিয়া এই আত্মজ্ঞানের দ্বারা মনকে পরমেশ্বরেতে নিশ্চল [illegible] অতি দুর্জ্ঞেয় যে অভিলাষরূপশত্রু তাহাকে সংহার কর ॥ ৪৩ ॥

ব্যাসের কৃত শতসহস্র [অর্থাৎ লক্ষ শ্লোক সংহিতা মহাভারতের অ[illegible] ভীষ্মপর্ব্বের মধ্যস্থিত যে ব্রহ্মবিদ্যাপ্রকাশক উপনিষদস্বরূপ ভগবদ[illegible] নামক যোগশাস্ত্র তাহার কর্ম্মযোগ নামক তৃতীয়াধ্যায়ের এই শেষ হ[illegible]

স্বামিকৃত টীকা।

মৃষ্যতে ॥ ৪২ ॥ উপসংহরতি এবমিতি। বুদ্ধেরেব বিষয়ে ইন্দ্রিয়াদিজন্যাঃ কামাদি বিক্রিয়াঃ। আত্মাতু নির্বিকারঃ তৎসাক্ষিত্বেন বুদ্ধেঃ পরং আত্মানং বুদ্ধা আত্মনা এবংভূতনিশ্চয়াত্মিকয়া বুদ্ধ্যা আত্মানং মনঃ সংস্তভ্য নিশ্চলং কৃত্বা কামরূপিণং শত্রুং জহি মারয়। দুরাসদং দুঃখেনাসাদনীয়ং। দুর্বিজ্ঞেয়মিত্যর্থঃ ॥ ৪৩ ॥ ইতি তৃতীয়োঽধ্যায়ঃ।

শ্রীভগবানুবাচ।

ইমং বিবস্বতে যোগং প্রোক্তবানহমব্যয়ং। বিবস্বান্ মনবে প্রাহ মনুরিক্ষ্বাকবেঽব্রবীৎ॥ ১॥ এবং পরম্পরা প্রাপ্তমিমং রাজর্ষয়ো বিদুঃ। স কালেনেহ মহতা যোগো নষ্টঃ পরন্তপ॥ ২॥ স এবায়ং ময়া তেঽদ্য যোগঃ প্রোক্তঃ পুরাতনঃ। ভক্তোঽসি মে সখা চেতি রহস্যং হ্যেতদুত্তমং॥ ৩॥ অর্জ্জুন উবাচ। অপরং ভবতো জন্ম পরং জন্ম বিবস্বতঃ। কথমেতদ্বিজানীয়াং ত্বমাদৌ প্রোক্তবানিতি॥ ৪॥ ভগবানুবাচ। বহূনি মে ব্যতীতানি জন্মানি তব চার্জ্জুন। তান্যহং বেদ সর্ব্বাণি ন ত্বং বেত্থ পরন্তপ॥ ৫॥ অজোঽপি সন্নব্যয়াত্মা ভূতানামীশ্বরোঽপি সন্। প্রকৃতিং স্বামধিষ্ঠায় সম্ভবাম্যাত্মমায়য়া॥ ৬॥ যদা যদা হি ধর্ম্মস্য গ্লানির্ভবতি ভারত। অভ্যুত্থানম

স্বামিকৃতটীকা।

মান দয়াশীল জ্ঞানিব্যক্তিরা সংশয়ত্যাগ করত পরমেশ্বরেতে চিত্তার্পণ পূর্ব্বক সর্ব্বপাপমুক্ত হইয়া ব্রহ্মনির্ব্বাণপ্রাপ্ত হয়েন॥ ২৫ ॥ কাম ক্রোধ বিহীন শুদ্ধচিত্ততত্ত্বজ্ঞানি লোকেরদের কি জীবদ্দশা কি মরণদশা সর্ব্বকালেই ব্রহ্মভাব সমান থাকে ॥ ২৬ ॥ [যোগির মোক্ষ হয় ইহা বলিয়া এইরূপে দুই শ্লোকের দ্বারা সংক্ষেপে যোগের লক্ষণ কহিতেছেন] বিষয় সকল বস্তুত বহিস্থিত কিন্তু চিন্তা করিলে অন্তরে প্রবেশ করে অতএব সেই চিন্তাত্যাগ দ্বারা বিষয় সকলকে বাহির করিবেক এবং নয়ন মুদ্রিত করিলে নিদ্রায় আকর্ষণ করে আর উন্মীলিত রাখিলে বিষয়েতে দৃষ্টি হয় অতএব এই দোষ পরিহারার্থ ভ্রূর মধ্যে দৃষ্টি রাখিয়া নাসিকার মধ্যে গমনশীল প্রাণাপান বায়ুকে রুদ্ধ করিবেক। এইরূপে যে মুনি ইন্দ্রিয়, মন, বুদ্ধিকে বশীভূত করেন এবং ইচ্ছা ভয় ক্রোধ পরিত্যাগ করিয়া কেবল মোক্ষ চিন্তায় নিয়ত থাকেন তিনি সর্ব্বদাই মুক্ত হয়েন। ২৭॥ ২৮॥ [কেবল ইন্দ্রিয়দমনেতে মোক্ষ হয় না কিন্তু জ্ঞানের দ্বারা হয় অতএব সেই জ্ঞানের লক্ষণ কহিতেছেন]। যে ব্যক্তি যজ্ঞ তপস্যাদির ভোক্তা ও সকলের ঈশ্বর এবং সকলভূতের অন্তর্যামী এইরূপে আমাকে জানেন তিনি আমার প্রসাদে মোক্ষ প্রাপ্ত হয়েন। ২৯॥

ব্যাসের কৃত শতসহস্র [অর্থাৎ লক্ষশ্লোক সংহিতা মহাভারতের অন্তর্গত ভীষ্মপর্ব্বের মধ্যস্থিত যে ব্রহ্মবিদ্যাপ্রকাশক উপনিষদ স্বরূপ ভগবদ্গীতা নামক যোগশাস্ত্র তাহার সন্ন্যাসযোগনামক পঞ্চমাধ্যায়ের এই শেষহইল।

[পঞ্চমাধ্যায়ের অন্তে সংক্ষেপে যে যোগ কথিত হইল তাহা বিস্তারিত রূপে কহিবেন এই অভিপ্রায়ে ষষ্ঠাধ্যায়ারম্ভ তাহাতে পঞ্চমাধ্যায়ের ত্রয়োদশ শ্লোকের দ্বারা বিহিত হইয়াছে জিতেন্দ্রিয় ব্যক্তি মনের দ্বারা সকল কর্ম্মত্যাগ করিয়া সুখে বাস করেন, ইহার তাৎপর্য্যেতে শিষ্যের বোধ হইতে পারে দুঃখজনক কর্ম্ম সহসা ত্যাগ করাই উত্তম অতএব এই দোষ

স্বামিকৃত টীকা।

কানাং মহান্তমীশ্বরং সর্ব্বেষাং ভূতানাং সুহৃদং অন্তর্যামিনং মাং জ্ঞাত্বা মৎ প্রসাদেন শান্তিং মোক্ষমৃচ্ছতি প্রাপ্নোতি ॥ ২৯ ॥ ইতি শ্রীভগবদ্গীতা টীকায়াং সুবোধন্যাং পঞ্চমোঽধ্যায়ঃ।

পূর্ব্বাধ্যায়ে সংক্ষেপেণোক্তং যোগং প্রপঞ্চয়িতুং ষষ্ঠাধ্যায়ারম্ভঃ। তত্রতাবৎ সর্ব্বকর্ম্মাণি মনসা সন্ন্যস্যেত্যারভ্য সন্ন্যাসপূর্ব্বিকায়া জ্ঞাননিষ্ঠায়াস্তাৎপর্য্যেণাভিধানাদ্দুঃখ রূপত্বাচ্চ কর্ম্মণঃ সহসা সন্ন্যাসাতিপ্রসঙ্গং প্রা-

যোগীচ ন নিরগ্নির্ন চাক্রিয়ঃ॥ ১ ॥ যংসন্ন্যাসমিতি প্রাহু র্যোগং তং বিদ্ধি পাণ্ডব। নহ্যসন্ন্যস্তসঙ্কল্পো যোগী ভবতি কশ্চন ॥২॥ আরুরুক্ষোর্মুনের্যোগং কর্ম্মকারণমুচ্যতে। যোগারূঢ়স্য তস্যৈবশমঃ কারণমুচ্যতে॥ ৩ ॥ যদা হি নেন্দ্রিয়ার্থেষু ন কর্ম্ম স্বনুসজ্জতে। সর্ব্বসঙ্কল্পসন্ন্যাসী যোগারূঢ়স্তদোচ্যতে॥ ৪ ॥ উদ্ধরেদাত্মনাত্মানং নাত্মানমবসাদয়েৎ। আত্মৈব হ্যাত্মনোবন্ধুরাত্মৈব রিপুরাত্মনঃ ॥ ৫ ॥ বন্ধুরাত্মাত্মনস্তস্য যেনাত্মৈবাত্মনা জিতঃ। অনাত্মনস্তু শত্রুত্বে বর্ত্তেতাত্মৈব শত্রুবৎ॥ ৬॥ জিতাত্মনঃ

স্বামিকৃত টীকা।

পূর্ব্বারয়িত্বা সন্ন্যাসাদপি শ্রেষ্ঠত্বেন কর্ম্মযোগং স্তৌতি অনাশ্রিত ইতি দ্বাভ্যাং। তত্র অনাশ্রিত ইতি। কর্ম্মফলমনাশ্রিতোঽনপেক্ষমাণঃ সন্ অবশ্যকার্য্যতয়া বিহিতং কর্ম্ম যঃ করোতি সএব সন্ন্যাসীচ যোগীচ নতু নিরগ্নিরগ্নিসাধ্যেষ্টাখ্যকর্ম্মত্যাগী নচাক্রিয়োঽনগ্নিসাধ্যপূর্ত্তাখ্যকর্ম্মত্যাগী চ ॥ ১ ॥ কুত ইত্যপেক্ষায়াং কর্ম্মযোগস্যৈব সন্ন্যাসত্বং সম্পাদয়ন্নাহ যমিতি। যং সন্ন্যাসং প্রাহুঃ প্রকর্ষেণ শ্রেষ্ঠত্বেনাহুঃ ন্যাস এবাত্যরেচয়দিত্যাদিশ্রুতয় ইতি কেবলাৎ সন্ন্যসনাদ্ধেতোঃ যোগমেব তং জানীহি। কুতইত্যপেক্ষায়ামিতিশব্দাক্তো হেতুর্যোগেপ্যস্তীত্যাহ ন হীতি নসন্ন্যস্তঃ ফলসঙ্কল্পো যেন স কর্ম্মনিষ্ঠোজ্ঞাননিষ্ঠোবা কশ্চিদপি নহি যোগী ভবতি অতঃফলসঙ্কল্পত্যাগসাম্যাৎ সন্ন্যাসীচ সঙ্কল্পত্যাগাদেব চিত্তবিক্ষেপাভাবাদযোগী ভবত্যেব স ইত্যর্থঃ ॥ ২ ॥ তর্হি যাবজ্জীবং কর্ম্মযোগ এব প্রাপ্ত ইত্যাশঙ্ক্য তস্যাবধিমাহ আরুরুক্ষোরিতি। জ্ঞানযোগমারুরুক্ষোরারোঢুমিচ্ছোঃ পুংসস্তদারোহে কারণং কর্ম্মোচ্যতে চিত্তশুদ্ধিকরত্বাৎ। জ্ঞানযোগমারূঢ়স্য চ তস্যৈব ধ্যাননিষ্ঠস্য শমঃ বিক্ষেপককর্ম্মোপরমোজ্ঞানপরিপাককারণ মুচ্যতে ॥ ৩ ॥ কীদৃশোঽসৌ যোগারূঢ়ঃ যস্য শমঃ কারণমুচ্যতে ইত্যত্রাহ যদাহীতি ইন্দ্রিয়ভোগ্যেষু শব্দাদিষু তৎসাধনেষু চ কর্ম্মসু যদানানুসজ্জতে আসক্তিং ন করোতি। তত্রহেতুঃ। আসক্তিমূলভূতান্ সর্ব্বান্ ভোগবিষয়ান কর্ম্মবিষয়াংশ্চ সঙ্কল্পান্ সন্ন্যসিতুং ত্যক্তুং শীলমস্য স তদা যোগারূঢ় উচ্যতে॥ ৪ ॥ অতএব বিষয়াসক্তি ত্যাগে মোক্ষং তদাসক্তৌচ বন্ধং পর্য্যালোচ্য রাগাদিস্বভাবং ত্যজেদিত্যাহ উদ্ধরেদিতি। আত্মনা বিবেকযুক্তেনাত্মানং সংসারাদুদ্ধরেৎ। নত্ববসাদয়েৎ

পরিহারার্থ ষষ্ঠাধ্যায়ের প্রথম দুই শ্লোকে কর্ম্ম সন্ন্যাসাপেক্ষা কর্ম্মযোগের প্রশংসা করিতেছেন] কর্ম্মজন্য ফলের অপেক্ষা না করিয়া কর্ম্ম অবশ্য কর্ত্তব্য এই ভাবিয়া যে কর্ম্ম করে সেই ব্যক্তিই সন্ন্যাসী এবং তাহাঁকেই যোগী কহি নতুবা কেবল অগ্নিহোত্রাদি ও তড়াগোৎসর্গাদি কর্ম্ম ত্যাগ করিলেই সন্ন্যাসী হয় না ॥ ১ ॥ হে পাণ্ডু নন্দন, বেদে যে সন্ন্যাসকে শ্রেষ্ঠ করিয়া কহেন তাহাকেই যোগরূপ জানিবা যেহেতুক ফল সঙ্কল্পত্যাগ ব্যতিরেকে কি কর্ম্মনিষ্ঠ কি জ্ঞাননিষ্ঠ কেহ যোগী হয়েন না [অর্থাৎ ফলকামনা ত্যাগ পূর্ব্বক যে কর্ম্মানুষ্ঠান তাহাকেই সন্ন্যাস জানিবা] ॥ ২ ॥ যদ্যপি সন্ন্যাস ও কর্ম্মযোগ দুই এক হইল তবে মরণপর্য্যন্তই কর্ম্মযোগ করিবে কি তাহার বিচ্ছেদ আছে ইহা জানা গেল না অতএব শিষ্যের আশঙ্কা নিবারণার্থ কর্ম্মযোগের সীমা কহিতেছেন] জ্ঞানযোগ প্রাপণাকাংক্ষি যে মুনি প্রথমত কর্ম্মযোগ তাহাঁর সেই জ্ঞানযোগ প্রাপ্তির কারণ তদ্দ্বারা শুদ্ধচিত্ত হইয়া আত্মতত্ত্বজ্ঞান প্রাপ্ত হইলে কর্ম্ম সন্ন্যাস তাহাঁর সেই জ্ঞানপরিপাকের কারণ হয় ॥ ৩॥ [এইক্ষণে জ্ঞানযোগির লক্ষণ কহিতেছেন] যখন ব্যক্তি ইন্দ্রিয় জন্য সুখভোগেতে এবং তাহার কারণীভূত কর্ম্মেতে আসক্ত না হয়েন আর বিষয়ভোগ ও কর্ম্ম এসকলের বাসনাত্যাগ করিতে পারেন তখন তাহাকে জ্ঞানযোগী কহি ॥ ৪ ॥ জীব মনকে বিবেকযুক্ত করিয়া সংসার বন্ধন হইতে আপনাকে উদ্ধার করিবেন কিন্তু কদাচ আপনাকে অধঃপতিত করিবেন না যেহেতু কেবল আত্মাই আত্মার বন্ধু এবং আত্মাই আত্মার শত্রু হয়েন ॥ ৫ ॥ [কোন্ ব্যক্তির আত্মা মিত্র আর কাহারই বা অমিত্র হয়েন তাহার বিশেষ কহিতেছেন] যে ব্যক্তি ইন্দ্রিয়াদির দ্বারা আপনার বা অন্যের অনিষ্ট না করেন তিনিই আপনি আপনার মিত্র হয়েন আর যে ব্যক্তি ইন্দ্রিয় শাসনে অসমর্থ সে আপনি আপনার শত্রু হইয়া অনিষ্ট করে

স্বামিকৃত টীকা।

অধোননয়েৎ। হি যস্মাদাত্মৈব মনঃ আত্মন্যুপরক্তঃ আত্মনঃ স্বস্যৈব বন্ধুরুপকারকঃ রিপুরপকারকঃ ॥ ৫ ॥ কথম্ভূতস্য আত্মৈব বন্ধুঃ কথম্ভূতস্য বা রিপুরিত্যপেক্ষায়া মাহ। বন্ধুরাত্মাত্মন ইতি। যেনাত্মনৈবাত্মা কার্য্যকারণ সংঘাতরূপো জিতো বশীকৃতস্তস্য তথা ভূতস্যাত্মনঃ স আত্মা বন্ধুঃ অনাত্মনোহজিতাত্মনআত্মৈবাত্মনঃ শত্রুত্বে শত্রুবদপকারকত্বে বর্ত্তেত

প্রশান্তস্য পরমাত্মা সমাহিতঃ। শীতোষ্ণসুখদুঃখেষু তথা মানাপমানয়োঃ ॥ ৭ ॥ জ্ঞান বিজ্ঞান তৃপ্তাত্মা কূটস্থো বিজিতেন্দ্রিয়ঃ। যুক্তইত্যুচ্যতে যোগী সমলোষ্টাশ্মকাঞ্চনঃ ॥ ৮ ॥ সুহৃন্মিত্রার্য্যুদাসীনমধ্যস্থদ্বেষ্যবন্ধুষু। সাধুষ্বপিচ পাপেষু সমবুদ্ধির্বিশিষ্যতে ॥ ৯ ॥ যোগী যুঞ্জীত সতত মাত্মানং রহসি স্থিতঃ। একাকী যতচিত্তাত্মা নিরাশীরপরিগ্রহঃ ॥ ১০ ॥ শুচৌদেশে প্রতিষ্ঠাপ্য স্থিরমাসনমাত্মনঃ। নাত্যুচ্ছ্রিতং নাতিনীচং চৈলাজিনকুশোত্তরং ॥ ১১ ॥ তত্রৈকাগ্রংমনঃ কৃত্বা যতচিত্তেন্দ্রিয়ক্রিয়ঃ। উপবিশ্যাসনে যুঞ্জ্যাদ্যোগমাত্মবিশুদ্ধয়ে ॥ ১২ ॥ সমং কায়শিরোগ্রীবং ধারয়-

স্বামিকৃত টীকা।

॥ ৬ ॥ জিতাত্মনঃ স্বস্মিন্ বন্ধুত্বং স্পষ্টয়তি জিতাত্মন ইতি। জিত আত্মা যেন তস্য প্রশান্তস্য রাগাদি রহিতস্য পরং কেবলমাত্মা শীতোষ্ণাদিষু সৎস্বপি সমাহিত আত্মনিষ্ঠো ভবতি নান্যস্য ॥ ৭ ॥ যোগারূঢ়স্য লক্ষণং শ্রেষ্ঠত্বঞ্চোক্তমুপসংহরতি জ্ঞানবিজ্ঞানেতি। জ্ঞানমৌপদেশিকং বিজ্ঞানমপরোক্ষানুভব স্তাভ্যাং তৃপ্তোনিরাকাঙ্ক্ষো আত্মাচিত্তং যস্য অতঃ কূটস্থো-নির্ব্বিকারঃ। অতএব বিজিতানীন্দ্রিয়াণি যেন অতঃ সমানিলোষ্ট্রাদীনি যস্য মৃৎখণ্ডপাষাণসুবর্ণেষু হেয়োপাদেয়বুদ্ধি শূন্যঃ। স যোগী যোগজ্ঞঃ যুক্তো যোগারূঢ় ইত্যুচ্যতে ॥ ৮ ॥ সুহৃন্মিত্রা দষু সমবুদ্ধ্যুক্তস্তুততোহপি শ্রেষ্ঠ ইত্যাহ স্বহৃদিতি। সুহৃৎস্বভাবেনৈব হিতাশংসী মিত্রং স্নেহবশেনোপকারকঃ। অরির্ঘাতকঃ। উদাসীনো বিবদমানয়োরুভয়োরুপেক্ষকঃ। মধ্যস্থো বিবদমানয়োরপি হিতাশংসী। দ্বেষ্যো দ্বেষবিষয়ঃ। বন্ধুঃসম্বন্ধী। সাধবঃ সদাচারাঃ পাপা দুরাচারাঃ। এতেষু সমা রাগদ্বেষশূন্যা বুদ্ধির্যস্য সতু বিশিষ্টঃ ॥ ৯ ॥ এবং যোগারূঢ়স্য লক্ষণমুক্ত্বা ইদানীন্তস্য সাঙ্গযোগং বিধত্তে স যোগী পরমোমত ইত্যন্তেন গ্রন্থেন। যোগং যুঞ্জীতেতি। যোগী যোগারূঢ় আত্মানং মনোযুঞ্জীত সমাহিতং কুর্য্যাৎ। সততং নিরন্তরং রহসি একান্তেস্থিতঃ সন্ একাকী সঙ্গশূন্যঃ। যতং সংযতং চিত্তমাত্মাদেহোযস্য। নিরাশী নিরাকাংক্ষঃ পরিগ্রহশূন্যশ্চ ॥ ১০ ॥ আসননিয়মং দর্শয়ন্নাহ দ্বাভ্যাং। তত্র শুচৌদেশ ইতি। শুদ্ধেস্থানে আত্মনঃ স্বস্যাসনং স্থাপয়িত্বা কীদৃশং স্থিরমচঞ্চলং নাতীবোন্নতং নচাতিনীচং চেলং বস্ত্রং অজিনং

॥৬॥ [জিতেন্দ্রিয় ব্যক্তি যে আপনার বন্ধু হয়েন তাহা দর্শাইতেছেন জিতেন্দ্রিয় এবং রাগাদি রহিত ব্যক্তি যদ্যপি শীত উষ্ণ সুখ দুঃখ মান অপমান এসকল উপস্থিত হইলেও অবশ্যভাবি জ্ঞান করিয়া তাহাতে অস্থির না হয়েন [তিনিই আপনি আপনার বন্ধু]॥৭॥[যোগারূঢের লক্ষণ এবং শ্রেষ্ঠত্ব যাহা পূর্ব্বে প্রস্তাবিত হইয়াছে এইক্ষণে তাহার কথা সমাপ্ত করিতেছেন] শাস্ত্রএবং আচার্য্যের উপদেশ জন্য জ্ঞান ও বিজ্ঞান [অর্থাৎ দর্শন শ্রবণাদি জন্য জ্ঞান] এই জ্ঞানের দ্বারা আকাংক্ষা রহিত হইয়া যাঁহার চিত্ত নির্ব্বিকার হয় এবং ইন্দ্রিয় সকল বশে থাকে আর মৃত্তিকাপিণ্ড প্রস্তর খণ্ড সুবর্ণ এসকলে ত্যাজ্য গ্রাহ্য বোধ না হয় এমন ব্যক্তিকে যোগারূঢ় কহি ॥৮॥[ইহা অপেক্ষাও শ্রেষ্ঠযোগির লক্ষণ কহিতেছেন] সুহৃৎ [অর্থাৎ যাঁহারা স্বভাবত উপকারক হয়েন] এবং মিত্র [অর্থাৎ যাঁহারা স্নেহ প্রযুক্ত উপকার করেন] আর শত্রু, উদাসীন, মধ্যস্থ, দ্বেষযোগ্য লোক, কুটুম্ব, সাধু পাপিষ্ঠ এসকলের মধ্যে কাহারও প্রতি যাঁহার রাগ দ্বেষ না থাকে সেই যোগী সর্ব্বাপেক্ষা প্রধান॥৯॥ [যোগারূঢ়ের লক্ষণ কহিয়া তাঁহার সঙ্গ ত্যাগের বিধান কহিতেছেন]। যোগিব্যক্তি একাকী নির্জনস্থানে বসিয়া শরীর ও চিত্তকে নিয়মে রাখিয়া বাসনা পরিত্যাগ পূর্ব্বক মনকে পরমেশ্বরচিন্তায় নিযুক্ত করিবেন॥১০। [এইক্ষণে দুই শ্লোকের দ্বারা আসনের নিয়ম কহিতেছেন] শুদ্ধ স্থানেতে প্রথমত কুশাসন তাহার উপর ব্যাঘ্রাদি চর্ম্ম তাহার উপর বস্ত্র অতি উচ্চ নীচ না হয় এই প্রকার আপনার অচঞ্চল আসন স্থাপন করত মনের শান্তি লাভার্থ সেই আসনে বসিয়া চিত্ত ইন্দ্রিয়াদির গতিপ্রতিরোধ পূর্ব্বক মনকে এক ধ্যানে রাখিয়া আত্মচিন্তাভ্যাস করিবেন॥১২॥ মূলাধার অবধি মস্তকাগ্র পর্য্যন্ত শরীর অবক্র এবং অটল

স্বামিকৃত টীকা।

ব্যাঘ্রাদিচর্ম্ম চেলাজিনকুশেভ্য উত্তরে যস্মিন্ কুশানামুপরিচর্ম্ম তদুপরি বস্ত্রমাস্তীর্য্যেত্যর্থঃ॥ ১১॥ তত্র তস্মিন্নাসনে উপবিশ্য একাগ্রং বিক্ষেপরহিতঃ মনঃ কৃত্বা যোগং যুঞ্জ্যাৎ অভ্যসেৎ। যতা উপরতা চিত্তস্যেন্দ্রিয়াণাঞ্চ ক্রিয়া যস্য আত্মনোমনসোবিশুদ্ধয়ে উপশান্তয়ে॥১২॥ চিত্তৈকাগ্র্যোপযোগিনীং দেহধারণাং দর্শয়মাহ দ্বাভ্যাং। সমংকায়েতি। কায়ইতি

মচলং স্থিরঃ। সংপ্রেক্ষ্য নাসিকাগ্রং স্বংদিশশ্চানবলোকয়ন্। ১৩। প্রশান্তাত্মা বিগতভীর্ব্রহ্মচারিব্রতেস্থিতঃ। মনঃ সংযম্য মচ্চিত্তো যুক্ত আসীত মৎপরঃ॥ ১৪॥ যুঞ্জন্নেবং সদাত্মানং যোগী নিয়ত-মানসঃ। শান্তিং নির্ব্বাণপরমাং মৎ সংস্থামধিগচ্ছতি॥ ১৫॥ নাত্যশ্নতস্তু যোগোঽস্তি নচৈকান্তমনশ্নতঃ। ন চাতিস্বপ্নশীলস্য জাগ্রতো নৈবচার্জুন॥ ১৬॥ যুক্তাহারবিহারস্য যুক্তচেষ্টস্য কর্ম্মসু। যুক্তস্বপ্নাববোধস্য যোগো ভবতি দুঃখহা॥ ১৭॥ যদা বিনিয়তং চিত্তমাত্মন্যেবাবতিষ্ঠতে। নিস্পৃহঃ সর্ব্বকামেভ্যো যুক্ত ইত্যুচ্যতে তদা।১৮। যথা দীপো নিবাতস্থো নেঙ্গতে সোপ-পাস্মৃতাঃ। যোগিনো যত চিত্তস্য যুঞ্জতো যোগমাত্মনঃ॥ ১৯॥

স্বামিকৃত টীকা।

দেহমধ্যভাগোবিবক্ষিতঃ। কায়শ্চ শিরশ্চ গ্রীবাচ কায়শিরোগ্রীবং মূলা-ধারাদারভ্য মূর্দ্ধাগ্রপর্য্যন্তং সমং অবক্রং নিশ্চলং ধারয়ন্ স্থিরোদৃঢ়-প্রযত্নোভূত্বেত্যর্থঃ। স্বীয়ং নাসিকাগ্রং সং প্রেক্ষ্যচার্দ্ধনিমীলিতনেত্রইত্য-র্থঃ। ইহ স্থিতোদিশশ্চানবলোকয়ন্নাসীতেতি পরেণান্বয়ঃ॥ ১৩॥ প্রশান্ত আত্মা চিত্তং যস্য। বিগতা ভীর্যস্য যস্য। ব্রহ্মচারিব্রতে ব্রহ্মচর্য্যে স্থিতঃ সন্ মনঃ সংযম্য প্রত্যাহৃত্য ময্যেব চিত্তং যস্য। অহমেব পরঃ পুরুষার্থো-যস্য স মৎপরঃ। এবং যুক্তো ভূত্বাসীতেত্যর্থঃ॥ ১৪॥ যোগাভ্যাসফল-মাহ যুঞ্জন্নিতি। এবমুক্তপ্রকারেণ সদাত্মানং মনোযুঞ্জন সমাহিতং কুর্ব্বন্ নিয়তং নিরুদ্ধং মানসং চিত্তং যস্য স শান্তিসংসারোপরমং প্রাপ্নোতি। কথম্ভূতাং নির্ব্বাণং পরমং প্রাপ্যং যস্যাং তাং মৎসংস্থাংমদ্রূপেণাব-স্থিতিং॥ ১৫॥ যোগাভ্যাসনিষ্ঠস্যাহারাদিনিয়মমাহ দ্বাভ্যাং। নাত্যশ্নত-স্থিতি অত্যন্তমধিকং ভুঞ্জানস্য একান্তমভুঞ্জানস্যাপি যোগঃ সমাধির্ন ভব-তি। তথাতি নিদ্রাশীলস্যাতিজাগ্রতশ্চ যোগো নৈবাস্তি॥ ১৬॥ তর্হি কথম্ভূতস্য যোগোভবতীত্যত আহ যুক্তাহার ইতি। যুক্তো নিয়ত আহারো-বিহারশ্চ গতির্যস্য। কর্ম্মসু কার্য্যেষু যুক্তানিয়তৈব চেষ্টা যস্য। যুক্তৌ নিয়তৌ স্বপ্নাববোধৌ নিদ্রাজাগরৌ যস্য তস্য দুঃখনিবর্ত্তয়ে নিবর্ত্তকো বা যোগোভবতি সিদ্ধ্যতি॥১৭॥ কদা নিষ্পন্নযোগঃ পুরুষোভবতীত্যপেক্ষায়া-মাহ যদেতি। বিনিয়তং নিরুদ্ধং সৎচিত্তং যদাত্মন্যেব নিশ্চলং তিষ্ঠতি

রাখিয়া অন্যদিগে দৃষ্টি না করিয়া অর্দ্ধমুদ্রিত নয়নে স্বীয় নাসিকার অগ্র ভাগে দৃষ্টি রক্ষণ পূর্ব্বক অবস্থিত হইবে ॥ ১৩ ॥ শান্তচিত্ত ভয় রহিত ব্রহ্মচারী ব্রহ্মচর্য্যের অনুষ্ঠান করত বিষয় হইতে মনকে আকর্ষণ পূর্ব্বক কেবল পরু ষার্থবোধে আমাতে চিত্তার্পণ করিয়া অবস্থিত হইবেন ॥ ১৪ ॥ [এইরূপ যোগাভ্যাসের ফল কহিতেছেন]। চিত্তকে অবরুদ্ধ করিয়া উক্ত প্রকারে কেবল পরমেশ্বরেতে মন সমর্পণ করিলে যোগী সংসারোপশমরূপ শান্তি প্রাপ্ত হইয়া আমার স্বরূপে স্থিত হয়েন ॥ ১৫ ॥ [এইক্ষণে দুই শ্লোকের দ্বারা যোগাভ্যাসকারির আহারাদির নিয়ম বলিতেছেন] যে অত্যন্ত অধি ক আহার করে কিম্বা একেবারেই আহার ত্যাগী হয় এবং অধিক নিদ্রালু কিম্বা এককালে নিদ্রাত্যাগ করে হে অর্জ্জুন, এমত ব্যক্তির যোগ হয় না। অতএব যাহার গমনাগমন চেষ্টা নিদ্রা জাগরণ আহার এসকল নিয়মিত রূপ থাকে; যোগ, তাহারই দুঃখনিবৃত্তির কারণ হয় ॥ ১৬ ॥ ১৭ ॥ [কোন সময়ে যোগ নিষ্পন্ন হয় তাহা কহিতেছেন] যখন বশীভূত চিত্ত কেবল আত্মতেই নিশ্চল হইয়া থাকে আর সর্ব্ববিষয়ে স্পৃহাদূর হয় তখনই ব্যক্তিকে যোগপ্রাপ্ত কহি ॥ ১৮ ॥ [পরমাত্মাতে চিত্তস্থৈর্য্য বিষয়ে দৃষ্টান্ত দর্শাইতেছেন] যেমন বায়ুশূন্য স্থানেতে দীপ কম্পিত হয় না আত্মজ্ঞান অভ্যাসকারির বশীভূত চিত্তও সেইরূপ নিশ্চল এবং প্রকাশক হইয়া আত্মাতে স্থিত হয় ॥ ১৯ ॥ [এই অধ্যায়ের দ্বিতীয় শ্লোকে যোগশব্দে কর্ম্ম- যোগ কহিয়া পুনরায় ষোড়শ শ্লোকে যোগশব্দে একাগ্রতারূপ চিত্তের সমা

স্বামিকৃত টীকা।

তদা প্রাপ্তযোগইত্যুচ্যতে ।১৮। আত্মৈকাগ্র্যতয়া স্থিতস্য চিত্তোপমানমাহ যথা দীপ ইতি। বাতশূন্যে দেশে স্থিতোদীপো যথা নেঙ্গতে ন বিচলতি সা, উপমা দৃষ্টান্তঃ। কস্য আত্মবিষয়ং যোগমভ্যসতো যোগিনো যতং নিয়তং চিত্তং যস্য নিষ্কম্পতয়া প্রকাশতয়া চ চিত্তং তদ্বত্তিষ্ঠতীত্যর্থঃ ॥ ১৯॥ যং সন্ন্যাসমিতি প্রাহুর্যোগং তং বিদ্ধি পাণ্ডবেত্যাদৌ, কর্ম্মৈব যোগশব্দে-

যত্রোপরমতে চিত্তং নিরুদ্ধং যোগসেবয়া। যত্র চৈবাত্মনাত্মানং পশ্যন্নাত্মনি তুষ্যতি ॥২০॥ সুখমাত্যন্তিকং যত্তদ্বুদ্ধিগ্রাহ্যমতীন্দ্রিয়ং। বেত্তি যত্র নচৈবায়ং স্থিতশ্চলতি তত্ত্বতঃ ॥ ২১॥ যংলব্ধ্বা চাপরং লাভং মন্যতে নাধিকং ততঃ। যস্মিন্ স্থিতো ন দুঃখেন গুরুণাপি বিচাল্যতে॥ ২২ ॥ তং বিদ্যাদ্দুঃখসংযোগ বিয়োগং যোগসংজ্ঞিতং। স নিশ্চয়েন যোক্তব্যো যোগোনির্ব্বিণ্ণচেতসা ॥ ২৩ ॥ সঙ্কল্প প্রভবান্ কামাংস্ত্যক্ত্বা সর্ব্বানশেষতঃ। মনসৈবেন্দ্রিয়গ্রামং বিনিয়ম্য সমন্ততঃ ॥ ২৪॥ শনৈঃ শনৈরুপরমেদ্বুদ্ধ্যা

স্বামিকৃত টীকা।

নোক্তং। নাত্যশ্নতস্তু যোগোঽস্তীত্যাদৌ তু সমাধি র্যোগশব্দেনোক্তঃ তত্র মুখ্যোযোগঃ ক ইত্যপেক্ষায়াং সমাধিমেব ফলতঃ স্বরূপতশ্চ লক্ষয়ন্ স এব মুখ্যোযোগ ইত্যাহ সার্দ্ধৈস্ত্রিভিঃ। যত্রেতি। যত্র যস্মিন্নবস্থাবিশেষে যোগাভ্যাসেন নিরুদ্ধং চিত্তমুপরতং ভবতীতি যোগস্য স্বরূপলক্ষণ মুক্তং যত্র যস্মিন্নবস্থিতিবিশেষে আত্মনা শুদ্ধেন মনসা আত্মানমেব পশ্যতি নতু দেহাদিকং পশ্যংশ্চ আত্মন্যেব তুষ্যতি ন বিষয়েষু যত্রেত্যাদীনাং যচ্ছব্দানাং তং যোগসংজ্ঞিতং বিদ্যাদিতি চতুর্থেনান্বয়ঃ ॥ ২০॥ আত্মন্যেবতোষে হেতুমাহ সুখমিতি ॥ যত্র যস্মিন্নেবাবস্থাবিশেষে যত্তৎ কিমপি নিরতিশয়মাত্যন্তিকং নিত্যং সুখং বেত্তি। ননু তদা বিষয়েন্দ্রিয় সম্বন্ধাভাবাৎ কুতঃ সুখং স্যাত্তত্রাহ অতীন্দ্রিয়ং বিষয়েন্দ্রিয়সম্বন্ধাতীতং কেবলং বুদ্ধ্যৈবাত্মাকারতয়াগ্রাহ্যং। অতএব যত্রস্থিতঃ সন্ তত্ত্বত আত্মস্বরূপান্নৈব চলতি আত্মস্বরূপান্নচলতীত্যর্থঃ ॥ ২১॥ অচলত্বমেবোপপাদয়তি যং লব্ধ্বেতি। যমাত্মস্বরূপলাভং লব্ধা ততোঽধিকমপরং লাভং ন মন্যতে তস্যৈব নিরতিশয়সুখত্বাৎ। যস্মিংশ্চ স্থিতোমহতাপি শীতোষ্ণাদিদুঃখেন ন বিচাল্যতে নাভিভূয়তে। এতেনানিষ্টনিবৃত্তিফলেনাপি যোগস্য লক্ষণমুক্তং দ্রষ্টব্যং ॥ ২২॥ তং বিদ্যাদিতি। যত্রাবস্থিতোঽবস্থাবিশেষস্তং বিদ্যাদ্দুঃখ সংযোগবিয়োগং যোগসংজ্ঞিতং। দুঃখ শব্দেন দোষবশাদ্দুঃখমিশ্রিতত্বাদ্বৈষয়িকং সুখমপি গৃহ্যতে। দুঃখস্য সংযোগেন সংস্পর্শমাত্রেণাপি বিয়োগো যস্মিন্ তমবস্থাবিশেষং যোগসংজ্ঞিতং যোগশব্দবাচ্যং জানীয়াৎ। পরমাত্মনিক্ষেত্রজ্ঞস্য যোজনংযোগঃ। যস্মা-

ধিযোগ কহিলেন তবে মুখ্যযোগ কি এই সংশয়বারণার্থ ভগবান সাড়ে-তিন শ্লোকের দ্বারা সমাধিযোগের মুখ্যত্ব কহিতেছেন] যে অবস্থাতে চিত্ত যোগাভ্যাস দ্বারা বিষয় ত্যাগ করিয়া কেবল আত্মাতে স্থির থাকে এবং সংশোধিত মনের দ্বারা কেবল আত্মাকে দেখিয়া সন্তোষ জন্মে তাহারই নাম যোগাবস্থা জানিবা ॥ ২০॥ এবং যে নিত্যসুখ ইন্দ্রিয়ের অগ্রাহ্য অথচ কেবল আত্মার স্বরূপ জ্ঞান দ্বারা অনুভূত হয় যে সময়ে ব্যক্তি সেই সুখানুভব করিতে পারেন তখন আর তত্ত্বজ্ঞান হইতে চলিত হয়েন না ॥ ২১। যেহেতু সেই আত্মার স্বরূপ লাভ হইলে অন্য লাভ তাহা অপেক্ষা অধিক জ্ঞান হয় না এবং আত্ম সুখে সুখী হইলে গুরুতর দুঃখেতেও পরাভব করিতে পারে না ॥ ২২॥ যে অবস্থাবিশেষে এসকল হয় সেই অবস্থার নাম যোগাবস্থা জানিবা এঅবস্থাতে আর দুঃখসম্বন্ধ হইতে পারে না [অর্থাৎ যোগশব্দের মুখ্যার্থ সমাধি, কর্ম্মেতে যোগশব্দ লাক্ষণিক হয়] অতএব শাস্ত্র এবং আচার্য্যের উপদেশ দ্বারা নিশ্চিত জানিয়া এই যোগ অভ্যাস করিবে যদ্যপি শীঘ্র সিদ্ধ না হয় তথাচ দুঃখজ্ঞান করিয়া তাহাতে যত্নের শৈথিল্য করিবেক না ॥ ২৩ ॥ বিষয়চিন্তন দ্বারা উৎপন্ন অথচ যোগের প্রতিকূল যে সকল কামনা অশেষ রূপে তাহা ত্যাগ করিয়া মনের দ্বারা ইন্দ্রিয়গণকে বশ রাখিয়া সেই যোগ অভ্যাস করিবে ।। ২৪ ।। মনকে আত্মাতে নিশ্চল করিয়া এবং ধারণাশালি বশীকৃত বুদ্ধির দ্বারা ক্রমশ মনকে

স্বামিকৃত টীকা।

দেবং মহাফলোযোগঃ তস্মাৎ স এব যত্নতোহভ্যসনীয় ইত্যাহ সইতি সার্দ্ধেন । স যোগো নিশ্চয়েন শাস্ত্রাচার্য্যোপদেশজনিতেন যোক্তব্যোহভ্যসনীয়ঃ। যদ্যপি শীঘ্রং ন সিদ্ধ্যতি তথাপি অনির্ব্বিণ্ণেন নির্ব্বেদরহিতেন চেতসা যোক্তব্যঃ । দুঃখ বুদ্ধ্যা প্রযত্নশৈথিল্যং নির্ব্বেদঃ ॥২৩॥ কিঞ্চ সঙ্কল্পেতি। সঙ্কল্পাৎ প্রভবো যেষাং তান্ যোগপ্রতিকূলান্ সর্ব্বান্ কামানশেষতঃ সবাসনাং ত্যক্ত্বা মনসৈব বিষয়দোষদর্শিনা সর্ব্বতঃ প্রসরন্তমিন্দ্রিয়সমূহং বিশেষেণ নিয়ম্য যোগোযোক্তব্য ইতি পূর্ব্বেণান্বয়ঃ ।।২৪।। যদি প্রাক্তনসংস্কারেণ মনো বিচলেৎ তর্হি ধারণয়া স্থিরীকুর্য্যাদিত্যাহ শনৈঃ শনৈরিতি । ধৃতি ধারণা তয়া গৃহীতয়া বশীকৃতয়া বুদ্ধ্যা আত্মসংস্থং আত্মন্যেব সম্য-

ধৃতিগৃহীতয়া। আত্মসংস্থং মনঃ কৃত্বা ন কিঞ্চিদপিচিন্তয়েৎ।২৫। যতোযতো নিশ্চরতি মনশ্চঞ্চলমস্থিরং। ততস্ততো নিয়ম্যৈতদাত্মন্যেব বশংনয়েৎ॥২৬॥ প্রশান্তমনসংহ্যেনং যোগিনং সুখমুত্তমং। উপৈতি শান্তরজসং ব্রহ্মভূতমকল্মষং।২৭। যুঞ্জন্নেবং সদাত্মানং যোগী বিগতকল্মষঃ। সুখেন ব্রহ্ম সংস্পর্শমত্যন্তং সুখমশ্নুতে।২৮। সর্ব্বভূতস্থমাত্মানং সর্ব্বভূতানিচাত্মনি। ঈক্ষতে যোগযুক্তাত্মা সর্ব্বত্র সমদর্শনঃ॥২৯॥ যোমাংপশ্যতি সর্ব্বত্র সর্ব্বঞ্চ ময়িপশ্যতি। তস্যাহংন প্রণশ্যামি সচ মে ন প্রণশ্যতি।৩০। সর্ব্বভূতস্থিতং যোমাং ভজত্যেকত্বমাস্থিতঃ।সর্ব্বথা বর্ত্তমানোহপি স যোগী ময়ি বর্ত্ততে॥৩১॥ আত্মৌপম্যেন সর্ব্বত্র সমং পশ্যতি

স্বামিকৃত টীকা।

কৃত্বিতঞ্চ নিশ্চলঞ্চ মনঃ কৃত্বোপরমেৎ। তত্তু শনৈঃ শনৈরভ্যাসক্রমেণ নতু সহসা। উপরমস্বরূপমাহ ন কিঞ্চিদপি চিন্তয়েৎ। নিশ্চলে মনসি স্বয়মেব প্রকাশমানঃ পরমানন্দ নির্বৃতো ভূত্বাত্মধ্যানাদপি নিবর্ত্ততেত্যর্থঃ ।।২৫।। এবমপি রজোগুণবশাদ্যদি মনঃ প্রচলেত্তর্হি প্রত্যাহারেণ বশীকুর্য্যাদিত্যাহ যতোযত ইতি। স্বভাবতশ্চঞ্চলং ধার্য্যমাণমপ্যস্থিরং মনো যংযং বিষয়ঞ্চ প্রতিনির্গচ্ছতি ততস্ততঃ প্রত্যাহৃত্যাত্মন্যেব স্থিরং কুর্য্যাৎ॥ ২৬॥ এবং প্রত্যাহারাদিভিঃ পুনঃ পুনর্ম্মনোবশীকুর্ব্বন্তং রজোগুণক্ষয়ে সতি যোগ সুখঞ্চাপ্নোতীত্যাহ প্রশান্তমনসমিতি। এব মুক্তেন প্রকারেণ শান্তং রজো যস্যতং অতএব প্রশান্তংমনো যস্যতং এনং নিষ্কল্মষং ব্রহ্মত্বপ্রাপ্তং যোগিনং উত্তমসমাধিসুখং স্বয়মেবোপৈতি প্রাপ্নোতি॥২৭॥ ততশ্চ কৃতার্থোভবতীত্যাহ যুঞ্জন্নিতি॥ এব মনেন প্রকারেণ সর্ব্বদাত্মানং মনোযুঞ্জন্ বশী কুর্ব্বন্ বিশেষেণ সর্ব্বাত্মনা বিগতং কল্মষং যস্য স যোগী সুখেনানায়াসেন ব্রহ্মণঃ সংস্পর্শোহবিদ্যানিবর্ত্তকঃ সাক্ষাৎকারস্তদেবাত্যন্তঞ্চ সর্ব্বোত্তমঞ্চ সুখমশ্নুতে জীবন্মুক্তো ভবতীত্যর্থ॥২৮॥ ব্রহ্মসাক্ষাৎকারং দর্শয়তি সর্ব্বভূতস্থমিতি। যোগেনাভ্যস্যমানেন যুক্তাত্মা সমাহিতচিত্তঃ সর্ব্বত্রসমং পশ্যতীতি তথা সঃ স্বমাত্মানমবিদ্যাকৃতদেহাদিপরিচ্ছেদশূন্যং সর্ব্বভূতেষু ব্রহ্মাদিস্থাবরান্তেষু অবস্থিতং পশ্যতীতি তানি চাত্মন্যভেদেন পশ্যতি। ২৯। এবম্ভূতাত্মজ্ঞানেন সর্ব্বভূতাত্মতয়া মদুপাসনঞ্চ

বিষয় হইতে বিরত করিবেক পরে আত্মাতে মন নিশ্চল করিলে সেই মনে তে প্রকাশমান পরমানন্দে তৃপ্ত হইয়া আত্মচিন্তা হইতেও বিরত হইবে ॥ ২৫ ॥ মনের চঞ্চল স্বভাব প্রযুক্ত বারণ করিলেও বিষয়েতে ধাবমান হয় অতএব যেং বিষয়ে গমন করিবে সেইং বিষয় হইতে আকর্ষণ করিয়া আত্মাতে স্থির রাখিবে ॥ ২৬ ॥ এই প্রকারে মন এবং রজোগুণ যাহার শান্ত হয় ব্রহ্মত্ব প্রাপ্ত সেই নিষ্পাপযোগিকে নিত্যসুখ; স্বয়ং আশ্রয় করে। ২৭। যে যোগী এই প্রকারে সর্ব্বদা মনকে বশীভূত করেন তাহার সকল পাপ নাশকে পায় এবং তিনি অনায়াসে ব্রহ্মসাক্ষাৎকার রূপ সর্ব্বোত্তম সুখ প্রাপ্ত হইয়া জীবন্মুক্ত হয়েন ॥ ২৮ ॥ যোগাভ্যাসাধীন যাঁহার চিত্ত বশী ভূত হয় এবং তিনি সর্ব্বত্র ব্রহ্মকে সমান দর্শন করেন তিনি অবিদ্যাজনিত দেহাদি শূন্য আত্মাকে ব্রহ্মা অবধি স্থাবর পর্য্যন্ত সকল প্রাণিতে বিরাজ মান এবং আত্মাতে জগৎ সেইরূপে অবস্থিত দেখিতে পারেন ॥ ২৯ ॥ [এইরূপ ঈশ্বরোপাসনার ফল কহিতেছেন] যেব্যক্তি সকল প্রাণিতে পর মেশ্বর স্বরূপ আমাকে এবং সকল প্রাণিকে আমাতে দৃষ্টি করেন তিনি আমার অপ্রত্যক্ষ নহেন এবং আমিও সে ব্যক্তির অপ্রত্যক্ষ নহি [অর্থাৎ আমি তাঁহার প্রত্যক্ষ হইয়া কৃপাবলোকনে তাঁহাকে অনুগ্রহ করি] ॥ ৩০ ॥ যিনি সকল দেহেতে অবস্থিত আমাকে সর্ব্বদা একরূপ দৃষ্টি করেন সেই জ্ঞানিব্যক্তি অন্য সকল কর্ম্মত্যাগী হইলেও আমাকে প্রাপ্ত হয়েন ॥ ৩১ ॥ [যোগির যেং লক্ষণ কথিত হইল ইহা অপেক্ষাও প্রধান লক্ষণ বলিতে- ছেন]। যেব্যক্তি আত্মদৃষ্টান্তে সর্ব্বপ্রাণিতে সমদৃষ্টি করেন [অর্থাৎ যেম

স্বামিকৃত টীকা।

কারণমিত্যাহ। যোমামিতি। মাং পরমেশ্বরং সর্ব্বত্র ভূতমাত্রে যঃ পশ্যতি সর্ব্বঞ্চ প্রাণিমাত্রং ময়ি যঃ পশ্যতি তস্যাহং ন প্রণশ্যামি অদৃশ্যো ন ভবা মি স চ মমাদৃশ্যো ন ভবতি প্রত্যক্ষো ভূত্বা কৃপাদৃষ্ট্যা তং বিলোক্যানুগৃ- হ্নামীত্যর্থঃ ॥ ৩০ ॥ নচৈবম্ভূতো বিধিকিঙ্করঃস্যাদিত্যাহ. সর্ব্বভূতস্থিতমিতি সর্ব্বেষু ভূতেষু স্থিতং মামভেদেনাশ্রিতং যো ভজতি স যোগী জ্ঞানী সন্ সর্ব্বথা কর্ম্মত্যাগেনাপি বর্ত্তমানো ময্যেব বর্ত্ততে নতু ভ্রশ্যতীত্যর্থঃ। ৩১। এবঞ্চ মাং ভজতাং যোগিনাং মধ্যে সর্ব্বভূতানামনুকম্পাবান্ শ্রেষ্ঠইত্যাহ

যোঽর্জ্জুন। সুখংবা যদি বা দুঃখং সযোগী পরমোমতঃ ॥ ৩২॥ অর্জ্জুন উবাচ। যোঽয়ং যোগস্ত্বযাপ্রোক্তঃ সাম্যেন মধুসূদন। এতস্যাহং ন পশ্যামি চঞ্চলত্বাৎ স্থিতিং স্থিরাং॥ ৩৩॥ চঞ্চলং হি মনঃ কৃষ্ণ প্রমাথিবলবদ্দৃঢ়ং। তস্যাহং নিগ্রহং মন্যে বায়োরিব সুদুষ্করং॥ ৩৪॥ শ্রীভগবানুবাচ। অসংশয়ং মহাবাহো মনো দুর্নিগ্রহঞ্চলং। অভ্যাসেনতু কৌন্তেয় বৈরাগ্যেণচ গৃহ্যতে॥ ৩৫॥ অসংযতাত্মনা যোগো দুষ্প্রাপ ইতিমেমতিঃ। বশ্যাত্মনাতু যততা শক্যোঽবাপ্তুমুপায়তঃ॥ ৩৬॥ অর্জ্জুন উবাচ। অযতিঃশ্রদ্ধয়োপেতো যোগাচ্চলিতমানসঃ। অপ্রাপ্য যোগসংসিদ্ধিং কাংগতিং

স্বামিকৃত টীকা।

আত্মাবিতি আত্মৌপম্যেন স্বসাদৃশ্যেন যথা মমসুখং প্রিয়ংদুঃখঞ্চাপ্রিয়ং তথান্যেষা মপীতি সর্ব্বত্র সমংপশ্যন সুখমেব সর্ব্বেষাং যোবাঞ্ছতি নতু কস্যাপি দুঃখং স যোগী শ্রেষ্ঠোমমাভিমতইত্যর্থঃ। ৩২॥ উক্তি লক্ষণস্য যোগস্যাসম্ভবং মন্বানোঽর্জ্জুন উবাচ। যোঽয়মিতি। সাম্যেন মনসোলয় বিক্ষেপশূন্যতয়া কেবলাত্মাকারাবস্থানেন যোঽয়ং যোগস্ত্বয়া প্রোক্ত এতস্য যোগস্য স্থিরাং দীর্ঘকালাবস্থিতিং ন পশ্যামি মনসশ্চঞ্চলত্বাৎ। ৩৩। এতদেব স্ফুটয়তি চঞ্চলমিতি। চঞ্চলং স্বভাবেনৈব চপলং কিঞ্চ প্রমাথি-প্রমথনশীলং দেহেন্দ্রিয়াণাং ক্ষোভকরমিত্যর্থঃ কিঞ্চ বলবৎ বিচারেণাপি জেতুমশক্যং কিঞ্চ দৃঢ়ংবিষয় বাসনানুবন্ধতয়া দুর্ভেদ্যং। অতো যথা আ-কাশেদোধূয়মানস্যবায়োঃ কুম্ভাদিষু নিরোধনমশক্যং তথাস্য মনসোঽ-পি নিগ্রহং নিরোধং সুদুষ্করং সর্ব্বথা কর্ত্তুমশক্যং মন্যে। ৩৪। তদুক্তং চঞ্চলত্বাদিকমঙ্গীকৃত্যৈব মনোনিগ্রহোপায়ং শ্রীভগবানুবাচ। অসংশয়মিতি। চঞ্চলত্বাদিনা মনোনিরোদ্ধুমশক্যমিতি যদ্বদসি এতন্নিঃসংশয়মেব তথাপি অভ্যাসেন পরমাত্মাকারপ্রত্যয়াবৃত্ত্যা বিষয়বৈতৃষ্ণ্যেনচ গৃহ্যতে। অভ্যাসেনচ লয়প্রতিবন্ধাদ্বৈরাগ্যেণচ বিক্ষেপপ্রতিবন্ধাদুপরতবৃত্তিকং সৎ পরমা-ত্মাকারেণ পরিণতংতিষ্ঠতীত্যর্থঃ॥ ৩৫॥ এতাবাংস্ত্বিহ নিশ্চয় ইত্যাহ-অসংযতেতি। অভ্যাস বৈরাগ্য ভোগস্থিতনিশ্চয় ইত্যাহ অসংযতেত্যাতি বা। উক্তপ্রকারেণাভ্যাসবৈরাগ্যাভ্যাস সংযত আত্মা চিত্তং যস্য তেন যোগোদুষ্প্রাপঃ প্রাপ্তুমশক্যঃ। অভ্যাস বৈরাগ্যাভ্যাঞ্চ বশ্যোবশবর্ত্তী

ন সুখ আপনার প্রিয় সেইরূপ অন্যেরো প্রিয় এবং দুঃখ যেমন আপনার অপ্রিয় অন্যেরও সেইরূপ হয় সর্ব্বত্র এইপ্রকার সমান দৃষ্টি করত কাহারো দুঃখের প্রার্থনা না করিয়া সকলেরই সুখ ইচ্ছা করেন] আমার মতে সেই যোগী সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ॥ ৩২ ॥ [শ্রীকৃষ্ণ যে সকল যোগের কথা কহিলেন তাহা অসম্ভাব্যজ্ঞান করিয়া], অর্জুন জিজ্ঞাসা করিতেছেন। হে মধুসূদন; চিত্তস্থৈর্য্যপূর্ব্বক সর্ব্বত্র সমদৃষ্টিরূপ যে এইযোগ তুমি কহিলে মনের চঞ্চলতাহেতক এযোগ যে দীর্ঘকাল থাকে আমি এমত বুঝিতে পারিলাম না॥ ৩৩॥ [হে শ্রীকৃষ্ণ; মন স্বভাবত চঞ্চল অথচ দেহের আর ইন্দ্রিয়গণের ক্ষোভ জন্মায় এবং তাহাকে বিচারেতে পরাজয় করা অসাধ্য আর বিষয়ের সহিত মনের এমন দৃঢ়বন্ধন যে তাহা ভেদ করা অতি কঠিন অতএব যেমন আকাশে গমনশীল বায়ুর প্রতিরোধ করা যায় না সেইরূপ মনকে বশীভূতকরাও দুষ্কর বোধ হয়।৩৪। এইক্ষণ মনের চঞ্চলতাদি স্বীকার করিয়া] ভগবান [মনকে বশীভূত করণের উপায় বলিতেছেন। হে অর্জুন, চঞ্চলতাদি প্রতিবন্ধক প্রযুক্ত মনকে বশীভূত করা অসাধ্য যাহা বলিতেছ তাহা যথার্থই বটে তথাপি অভ্যাস [অর্থাৎ মন যখন যে বিষয়ে ধারমান হয় তখন সে বিষয় হইতে আকর্ষণ করিয়া] আমাতে [অর্থাৎ পরমেশ্বরেতে] অবস্থিত করণ আর বিষয়বৈরাগ্য এই দুইরূপে মন বশীভূত হয়। ৩৫। উক্ত দুই প্রকারে যাহার মন বশ না হইয়াছে এযোগ তৎকর্তৃক অপ্রাপ্য কিন্তু অভ্যাস ও বৈরাগ্যের দ্বারা যাহার মন বশীভূত হয় সে ব্যক্তি যত্ন করিলে এযোগ প্রাপ্ত হইতে পারে॥ ৩৬॥ অর্জুন পুনশ্চ জিজ্ঞাসা করিতেছেন। যেব্যক্তি প্রথম শ্রদ্ধাযুক্ত হইয়া যোগ আরম্ভ করিয়াছে কিন্তু উপযুক্ত অভ্যাসশীল নহে এবং বিষয়বৈরাগ্যও সংপূর্ণরূপ হয় নাই, হে কৃষ্ণ; সুতরাং যোগাভ্যাসের ফল যে তত্ত্বজ্ঞান তাহা সেব্যক্তি পাইবেক না তবে

স্বামিকৃত টীকা।

আত্মা চিত্তং যস্য তেন প্রযত্নং কুর্ব্বতা যোগঃ প্রাপ্তুং শক্যঃ ॥ ৩৬ ॥ অভ্যাসবৈরাগ্যাভাবেন কথঞ্চিদপ্রাপ্তসম্যগজ্ঞানঃ কিং ফলং প্রাপ্নোতী-ত্যর্জ্জুনউবাচ। অযতিরিতি। প্রথমং শ্রদ্ধয়োপেত এব যোগে প্রবৃত্তো নতু মিথ্যাচারতয়া ততঃ পরন্তু অযতির্ন সম্যগ্যততে কিন্তু শিথিলাভ্যাসইত্য-র্থঃ। তথা যোগাচ্চলিতং মানসং বিষয়প্রবণং চিত্তং যস্য মন্দবৈরাগ্য ইত্যর্থঃ। এবমভ্যাসবৈরাগ্যশৈথিল্যাৎ যোগস্য সংসিদ্ধিং ফলঞ্চ জ্ঞান-

কৃষ্ণ গচ্ছতি ॥ ৩৭ ॥ কচ্চিন্নোভয়বিভ্রষ্টঃ ছিন্নাভ্রমিব নশ্যতি। অপ্রতিষ্ঠো মহাবাহো বিমূঢ়ো ব্রহ্মণঃ পথি ॥ ৩৮ ॥ এতন্মে সংশয়ং কৃষ্ণ ছেত্তুমর্হস্যশেষতঃ। ত্বদন্যঃ সংশয়স্যাস্য ছেত্তা নহ্যুপপদ্যতে ॥ ৩৯॥ শ্রীভগবানুবাচ। পার্থনৈবেহ নামুত্র বিনাশস্তস্য বিদ্যতে। নহিকল্যাণকৃৎ কশ্চিদ্দুর্গতিং তাতগচ্ছতি ॥৪০॥ প্রাপ্য পুণ্যকৃতাং লোকানুষিত্বা শাশ্বতীঃ সমাঃ। শুচীনাং শ্রীমতাং গেহে যোগভ্রষ্টোঽভিজায়তে ॥ ৪১ ॥ অথবা যোগিনামেব কুলে ভবতি ধীমতাং। এতদ্ধি দুর্লভতরং লোকে জন্ম যদীদৃশং ॥ ৪২ ॥ তত্র তং বুদ্ধিসংযোগং লভতে পৌর্ব্বদেহিকং। যততে চ ততো ভূয়ঃ সংসিদ্ধৌ কুরুনন্দন ॥ ৪৩ ॥ পূর্ব্বাভ্যাসেন তেনৈব হ্রিয়তে হ্যবশোঽপিসঃ। জিজ্ঞাসুরপি যোগস্য শব্দব্রহ্মাতিবর্ত্ততে ॥ ৪৪ ॥

স্বামিকৃত টীকা।

মনবাপ্য কাং গতিং প্রাপ্নোতি ॥ ৩৭ ॥ প্রশ্নাভিপ্রায়ং বিবৃণোতি কচ্চিদিতি। কর্ম্মণামীশ্বরার্পিতত্বাদননুষ্ঠানাচ্চ ন তাবৎ কর্ম্মফলং স্বর্গাদিকং প্রাপ্নোতি যোগানিষ্পত্তেশ্চ ন মোক্ষং প্রাপ্নোতি এবমুভয়স্মাদ্ভ্রষ্টস্তথাঽপ্রতিষ্ঠো নিরাশ্রয়ঃ। অতএব ব্রহ্মণঃ প্রাপ্ত্যুপায়ে পথি মার্গে বিমূঢ়ঃ সন্ কচ্চিৎ কিং নশ্যতি কিম্বা ন নশ্যতীত্যর্থঃ। নাশে দৃষ্টান্তো যথা ছিন্নমভ্রং পূর্ব্বস্মাদভ্রাদ্বিশ্লিষ্টম ভ্রান্তরমপ্রাপ্তং সত্তন্মধ্যএব বিলীয়তে তদ্বদিত্যর্থঃ ॥ ৩৮ ॥ ত্বয়ৈব সর্ব্বজ্ঞেনায়ং মমসন্দেহোনিরসনীয়স্ত্বত্তোঽন্যস্তু সন্দেহনিবর্ত্তকো নাস্তীত্যাহ এতদিতি। এতৎ ছেত্তা নিবর্ত্তকঃ স্পষ্টমন্যৎ ॥ ৩৯ ॥ অত্রোত্তরং শ্রীভগবানুবাচ সার্দ্ধৈশ্চতুর্ভিঃ। পার্থেতি। ইহলোকে নাশ উভয়ভ্রংশাৎ পাতিত্যং অমুত্র পরলোকে নাশো নরকপ্রাপ্তিঃ এতদুভয়ং তস্য নাস্ত্যেব যতঃ কল্যাণকৃৎ শুভকারী কশ্চিদপি দুর্গতিং ন গচ্ছতি। অয়ঞ্চ শুভকারী শ্রদ্ধয়াযোগে প্রবৃত্তত্বাত্তাতেতিলোকরীত্যোপলালন্ সম্বোধয়তি ॥৪০॥ তর্হি কিমসৌ প্রাপ্নোতীত্যপেক্ষামাহ প্রাপ্যেতি। পুণ্যকারিণামশ্বমেধাদি যাজিনাং লোকান্ প্রাপ্য তত্র শাশ্বতীঃ সমা বহূন্ সংবৎসরানুষিত্বা বাসসুখমনুভূয় শুচীনাং সদাচারাণাং শ্রীমতাং ধনিনাং গেহে যোগভ্রষ্টোজন্ম প্রাপ্নোতি ॥ ৪১ ॥ অল্পকালাভ্যস্তযোগভ্রংশে গতিরিয়মুক্তা চিরাভ্যস্তযোগভ্রংশেতু পক্ষান্তরমাহ অথবেতি। যোগনিষ্ঠানাং ধীমতাং জ্ঞানিনামেব কুলে জায়তে নতু পূর্ব্বোক্তানামনারূঢ়যোগানাং

তাহার কি গতি হইবে ॥ ৩৭॥ [জিজ্ঞাসার অভিপ্রায় স্পষ্টকরিয়া কহিতেছেন] ঐ ব্যক্তি পূর্ব্বকৃতকর্ম্ম পরমেশ্বরেতে সমর্পণ করিয়া পরে আর কর্ম্মানুষ্ঠান করে নাই সুতরাং কর্ম্মজন্য স্বর্গাদিফল তাহার হইতে পারে না এবং সম্পূর্ণ যোগাভ্যাসাভাবহেতুক মোক্ষও হইবেক না; হে বাসুদেব, তবে ঈশ্বর প্রাপ্তির উপায়েতে এইরূপ বিমুখ অথচ আশ্রয়রহিত ব্যক্তি স্বর্গমোক্ষ উভয় না পাইয়া কি ছিন্ন মেঘের ন্যায় লয় প্রাপ্ত হইবে॥ ৩৮ ॥ হে কৃষ্ণ, অশেষরূপে আমার এই সংশয় নিরাস করণের যোগ্য তুমিই হও যেহেতু এসংশয়ের ছেদ কর্ত্তা অন্য কেহ নাই ॥ ৩৯॥ ভগবান ইহার উত্তর করিতেছেন। হে পার্থ; যোগভ্রষ্ট ব্যক্তির ইহলোকে পাতিত্য এবং পরলোকেও নরকভোগ নাই যেহেতুক শুভকর্ম্মকারির কোন দুর্গতি হয় না ॥৪০॥ কিন্তু অশ্বমেধাদি শুভকর্ম্ম করিয়া লোক যেস্থানে গমন করেন যোগভ্রষ্ট ব্যক্তিও সেই স্থান প্রাপ্ত হয়েন তৎপরে বহুকালপর্য্যন্ত তথায় সুখভোগ করিয়া সদাচার যুক্ত ধনিলোকের গৃহে জন্মগ্রহণ করেন ॥ ৪১॥ [যাহারা অল্পকাল যোগাভ্যাস করিয়া যোগচ্যুত হয় তাহারদিগের যোগাভ্যাসের এই ফল কথিত হইল কিন্তু যাঁহারা বহুকাল যোগাভ্যাস করিয়া যোগভ্রষ্ট হয়েন এইরূপে তাঁহারদিগের যোগাভ্যাসের অন্য ফল কহিতেছেন] বহুকাল যোগাভ্যাস করিয়া যে যোগভ্রষ্ট তাহার একালে যোগনিষ্ঠ জ্ঞানি লোকের কুলেতেই জন্ম হয়, হে পার্থ, এজন্মও মোক্ষের কারণ অতএব এরূপ জন্মও লোকের অতি দুর্লভ হয়॥ ৪২ ॥ উক্ত দুই প্রকার জন্মেতেই যোগভ্রষ্ট ব্যক্তিরা পূর্ব্বজন্মে উপার্জ্জিত ব্রহ্মজ্ঞানের সম্বন্ধ প্রাপ্ত হইয়া পরে পুনশ্চ মোক্ষের প্রতি অধিক যত্ন আরম্ভ করেন। ইহার কারণ এই যে পূর্ব্ব জন্মের যোগাভ্যাস দ্বারা অনিচ্ছাতেও বিষয় ত্যাগ করিয়া মোক্ষ সাধনে প্রবর্ত্ত হয়েন আর যোগ কি ইহা জানিবার ইচ্ছা হইলেই বেদ

স্বামিকৃত টীকা।

কুলে। এতজ্জন্মেতি। এতদ্ধি জন্ম লোকে ইহলোকে দুর্লভতরং মোক্ষহেতুত্বাৎ ॥৪২॥ ততঃ কিমত আহ তত্রেতি সার্দ্ধেন। এতদ্দ্বিপ্রকারেঽপি জন্মনি পূর্ব্বদেহে ভবং পৌর্ব্বদেহিকং তমেব ব্রহ্মবিষয়য়া বুদ্ধ্যা সংযোগং লভতে। ততশ্চ ভূয়োঽধিকং সংসিদ্ধৌ মোক্ষে প্রযত্নং করোতি॥ ৪৩ ॥ অত্রহেতুঃ। তেনৈব পূর্ব্বদেহ কৃতাভ্যাসেন অবশোঽপি কুতশ্চিদন্তরায়াদনিচ্ছন্নপি স ক্রিয়তে বিষয়েভ্যঃ পরাবর্ত্ত্য ব্রহ্মনিষ্ঠঃ ক্রিয়তে। তদেবং পূর্ব্বাভ্যাসবশেন প্রযত্নং কুর্ব্বন্ শনৈর্মুচ্যত ইমমর্থং কৈমুত্যন্যায়েন স্ফুটয়তি সার্দ্ধেন। জিজ্ঞাসুরপীতি যোগস্য স্বরূপং জিজ্ঞাসুরেব কেবলং নতু প্রাপ্তযোগঃ। এবম্ভূতো যোগে প্রবিষ্টমাত্রোঽপি পাপবশাদ্‌যোগ ভ্রষ্টো

প্রযত্নাদ্যতমানস্তু যোগী সংশুদ্ধকিল্বিষঃ। অনেক জন্মসংসিদ্ধস্ততোযাতি পরাংগতিং ॥ ৪৫ ॥ তপস্বিভ্যোঽধিকো যোগী জ্ঞানিভ্যোঽপি মতোঽধিকঃ। কর্ম্মিভ্যশ্চাধিকো যোগী তস্মাদ্যোগী ভবার্জুন ॥ ৪৬ ॥ যোগিনামপি সর্ব্বেষাং মদ্গতেনান্তরাত্মনা। শ্রদ্ধাবান্ ভজতে যো মাং স মে যুক্ততমোমতঃ ॥ ৪৭ ॥ ইতি শ্রীভগবদ্গীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জুনসম্বাদে ধ্যানযোগোনাম ষষ্ঠোঽধ্যায়ঃ।

শ্রীভগবানুবাচ।

ময্যাসক্তমনাঃ পার্থ যোগং যুঞ্জন্মদাশ্রয়ঃ। অসংশয়ং সমগ্রং মাং যথা জ্ঞাস্যসি তচ্ছৃণু ॥ ১ ॥ জ্ঞানং তেঽহং সবিজ্ঞানমিদং

স্বামিকৃত টীকা।

ঽপি শব্দব্রহ্ম বেদমতিবর্ত্ততে বেদোক্তকর্ম্মফলান্যতিক্রামতি তেভ্যোঽধিকং ফলংপ্রাপ্য মুচ্যত ইত্যর্থঃ ॥ ৪৪ ॥ যদেবং মন্দযত্নোঽপি যোগীপরাংগতিং যাতি তদা যস্তু যোগী প্রযত্নাদুত্তরোত্তরমধিকং যতমানোযত্নং কুর্ব্বন্ যোগেনৈব সংশুদ্ধকিল্বিষো বিধূতপাপঃ সোঽনেকেষু জন্মসু উপচিতেন যোগেন সংসিদ্ধঃ সম্যগ্ জ্ঞানীভূত্বা ততঃ শ্রেষ্ঠাংগতিং যাতীতি কিমুবক্তব্য মিত্যর্থঃ ।৪৫। যস্মাদেবং তস্মাৎ তপস্বিভ্য ইতি। কৃচ্ছ্রচান্দ্রায়ণাদিতপোনিষ্ঠেভ্যঃ জ্ঞানিভ্যঃ শাস্ত্রজ্ঞানবদ্ভ্যোঽপি কর্ম্মিভ্য ইষ্টাপূর্ত্তাকারিভ্যোঽপি যোগী শ্রেষ্ঠোঽভিমতস্তস্মাত্ত্বং যোগীভব ।৪৬। যোগিনামপি যমনিয়মাদিপরায়ণানাম্মধ্যে মদ্ভক্তঃ শ্রেষ্ঠইত্যাহ যোগিনামিতি। মদ্গতেন ময্যাসক্তেনান্তরাত্মনা মনসা যোমাং পরমেশ্বরং শ্রদ্ধয়াযুক্তঃ সন্ ভজতে স যোগযুক্তেষু শ্রেষ্ঠঃ। মমসম্মতোঽতোমদ্ভক্তো ভবেতি ভাবঃ ॥ ৪৭ ॥ ইতি শ্রীভগবদ্গীতাটীকায়াং সুবোধন্যাং ষষ্ঠোধ্যায়ঃ।

পূর্ব্বাধ্যায়ান্তে মদ্গতেনান্তরাত্মনেত্যাদ্যুক্তং তত্র কীদৃশস্ত্বং যস্য ভক্তিঃ ... ময্যীতি।

বিহিত কর্ম্মজন্য ফল ত্যাগ করিয়া আত্মজ্ঞানরূপ মহাফলে প্রবৃত্তি হয়।। ৪৩।। ৪৪।। হে অর্জুন, যোগভ্রষ্ট ব্যক্তি অল্প যত্নেতেই এই ফল প্রাপ্ত হয় তবে অনেক জন্মপর্য্যন্ত যোগাভ্যাসের দ্বারা যাহার শরীর নিষ্পাপ হইয়াছে এবং যোগাভ্যাসেতে গুরুতর যত্ন করে এমন ব্যক্তির যে মোক্ষপ্রাপ্তি হইবেক তাহাতে বক্তব্য কি।। ৪৫।। যেহেতুক কৃচ্ছ্রচান্দ্রায়ণাদি তপস্যাকারক এবং শাস্ত্রজ্ঞান বিশিষ্টলোক আর অগ্নিহোত্রাদি ও জলাশয়াদি উৎসর্গরূপ যাগ কর্ত্তারা এসকল হইতেই যোগী প্রধান অতএব হে অর্জুন, তুমি যোগী হও।। ৪৬।। [এই যোগির মধ্যে ও বিশেষ কহিতেছেন] এইরূপ যোগিদিগের মধ্যেও যে ব্যক্তি শ্রদ্ধাযুক্ত হইয়া পরমেশ্বর স্বরূপ আমাতে চিত্ত সমর্পণ পূর্ব্বক কেবল আমাকে ভজনা করে আমার মতে সেই যোগী সর্ব্বাপেক্ষা প্রধান অতএব তুমি আমাতে ভক্তি কর।। ৪৭।।

ব্যাসের কৃত শতসহস্র [অর্থাৎ লক্ষশ্লোক সংহিতা মহাভারতের অন্তর্গত ভীষ্মপর্ব্বের মধ্যস্থিত যে ব্রহ্মবিদ্যা প্রকাশক উপনিষদ স্বরূপ ভগবদগীতা নামক যোগশাস্ত্র তাহার ধ্যানযোগ নামক ষষ্ঠাধ্যায়ের এই শেষ হইল।

ষষ্ঠাধ্যায়ের শেষে কথিত হইল যে আমার ভজনা করে সেই প্রধান যোগী ইহাতে শিষ্যের আকাংক্ষা হইতে পারে যাঁহার উপাসনা করিব তিনি কিরূপ, এই অপেক্ষাতে ভগবান এইক্ষণে আত্ম স্বরূপ নিরূপণ করিতেছেন] হে পার্থ, কেবল আমাকে আশ্রয় করিয়া পরমেশ্বর স্বরূপ আমাতে চিত্তাভিনিবেশ পূর্ব্বক যোগাভ্যাস করিলে বল ঐশ্বর্য্যাদি বিশিষ্ট আমাকে যে প্রকারে নিশ্চিত জানিতে পারিবা তাহা শ্রবণ কর।। ১।। হে অর্জুন, যে জ্ঞানোপদেশ হইলে মোক্ষপথাবলম্বির আর কিছু জানিতে অবশিষ্ট থাকেনা আমি তোমাকে শাস্ত্রীয়জ্ঞান ও তাহার অনুভব এ উভ

স্বামিকৃত টীকা।

ময়িপরমেশ্বরে আসক্তমভিনিবিষ্টং মনোযস্য সঃ। মদাশ্রয়ঃ অহমেবাশ্রয়োযস্য অনন্যশরণঃ সন্ যোগং যুঞ্জন্নভ্যসন্ অসংশয়ং যথা ভবত্যেবং মাং সমগ্রং বিভূতিবলৈশ্বর্য্যাদিসহিতং যথাজ্ঞাস্যসি তদিদং ময়া বক্ষ্যমাণং শৃণু॥ ১॥ বক্ষ্যমাণং স্তৌতি জ্ঞানমিতি। জ্ঞানং শাস্ত্রীয়ং বিজ্ঞানমনুভবস্তৎ সহিতং ইদং মদ্বিষয়ং অশেষতঃ সাকল্যেন বক্ষ্যামি যজ্জ্ঞাত্বা

বক্ষ্যাম্যশেষতঃ। যজ্জ্ঞাত্বা নেহ ভূয়োঽন্যজ্জ্ঞাতব্য মবশিষ্যতে॥ ২॥ মনুষ্যাণাং সহস্রেষু কশ্চিদ্যততি সিদ্ধয়ে। যততামপি সিদ্ধানাং কশ্চিন্মাং বেত্তি তত্ত্বতঃ॥ ৩॥ ভূমিরাপোঽনলোবায়ুঃ খংমনোবুদ্ধিরেবচ। অহঙ্কারইতীয়ং মে ভিন্না প্রকৃতিরষ্টধা॥ ৪॥ অপরেয়মিতস্ত্বন্যাং প্রকৃতিং বিদ্ধি মেঽপরাং। জীবভূতাং মহাবাহো যয়েদং ধার্য্যতে জগৎ॥ ৫॥ এতদ্যোনীনি ভূতানি সর্ব্বাণী ত্যুপধারয়। অহং কৃৎস্নস্য জগতঃ প্রভবঃ প্রলয়স্তথা॥ ৬॥ মত্তঃ পরতরং নান্যৎ কিঞ্চিদস্তি ধনঞ্জয়। ময়ি সর্ব্বমিদং প্রোতং সূত্রে মণিগণাইব॥ ৭॥ রসোঽহ মপ্সু কৌন্তেয় প্রভাঽস্মি শশিসূর্য্য

স্বামিকৃত টীকা।

ইহ যোগমার্গে বর্ত্তমানস্য পুনরন্যজ্জ্ঞাতব্যমবশিষ্টং ন ভবতি তেনৈব কৃতার্থোভবতীত্যর্থঃ॥ ২॥ মদ্ভক্তিং বিনাতু মজ্জ্ঞানং দুর্লভমিত্যাহ মনুষ্যাণামিতি। অসংখ্যাতানাং জীবানাম্মধ্যে মনুষ্যব্যতিরিক্তানাং শ্রেয়সি প্রবৃত্তিরেব নাস্তি। মনুষ্যাণাং সহস্রেষু মধ্যে কশ্চিদেব পুণ্যবশাৎ সিদ্ধয়ে আত্মজ্ঞানায় প্রবর্ত্ততে। প্রযত্নং কুর্ব্বতামপি সহস্রেষু কশ্চিদেব প্রকৃষ্ট পুণ্যবশাদাত্মানং বেত্তি তাদৃশানাঞ্চাত্মজ্ঞানসিদ্ধানাং সহস্রেষু কশ্চিদেব মাং পরমাত্মানং মৎপ্রসাদেন তত্ত্বতো বেত্তি। তদেবমতিদুর্লভমপিজ্ঞানং তুভ্যমহং বক্ষ্যামীত্যর্থঃ। ৩। এবং শ্রোতারমভিমুখীকৃত্য ইদানীং প্রকৃতি দ্বারাভূম্যাদিকর্ত্তৃত্বেন ঈশ্বরতত্ত্বং প্রতি জ্ঞানং নিরূপয়িষ্যন্ পরাপরভেদেন প্রকৃতিদ্বয়মাহ ভূমিরিতি দ্বাভ্যাং তত্র ভূমিরাপইতি ভূম্যাদীনি পঞ্চভূত সূক্ষ্মাণি মনঃশব্দেন তৎকারণভূতোঽহঙ্কারঃ বুদ্ধিশব্দেন তৎকারণং মহত্তত্ত্বং অহঙ্কার শব্দেন তৎকারণমবিদ্যা ইত্যেবমষ্টধাভিন্না সৃষ্টা॥ ৪॥ অপরামিমাংপ্রকৃতিমুপসংহরন্ পরাং প্রকৃতিমাহ অপরেয়মিতি অষ্টধোক্তাপ্রকৃতিরিয়মপরা। নিকৃষ্টা জড়ত্ব দপরমার্থত্বাচ্চ ইতঃ সকাশাৎপরাং প্রকৃষ্টামন্যাং জীবভূতাং মে প্রকৃতিং জানীহি পরত্বে হেতুঃ যয়াচেতনয়াক্ষেত্রজ্ঞরূপয়া কর্ম্মদ্বারেণেদং জগদ্ধার্য্যতে।৫।অনয়োঃ প্রকৃতিত্বং দর্শয়ন্ স্বস্য তদ্দ্বারা সৃষ্ট্যাদিকারণত্বমাহ এতদ্যোনীনীতি। এতৎ ক্ষেত্রক্ষেত্রজ্ঞস্বরূপে যোনী প্রকৃতী কারণভূতে যেষাং তানি এতদযোনীনি স্থাবরজঙ্গমাত্মকানি সর্ব্বাণি ভূতানি বুদ্ধ্যস্ব। তত্র জড়াপ্রকৃতিদেহরূপেণ পরিণমতে চেতনাতু মদংশভূতা ভোক্তৃত্বেন দেহেষু প্রবিশ্য স্বকর্ম্মণা তানি ধারয়তি। তেচ প্রকৃতী মদংশভূতে

য়ের সহিত আমার প্রতি যে জ্ঞান কর্ত্তব্য তাহা বিশেষ করিয়া কহিতেছি॥ ২॥ অসংখ্য জীবের মধ্যে মনুষ্য ব্যতীত অন্য জীবের মোক্ষেতে প্রবৃত্তি হয় না এবং অসংখ্য মনুষ্যের মধ্যেও সৌভাগ্যবশত আত্মজ্ঞান লাভার্থ কতিপয় ব্যক্তি যত্ন করেন সেই যত্নকারিদিগের মধ্যেও যাহাঁরা মহা পুণ্যবন্ত তাহাঁরাই আমাকে জানেন এবং আত্মজ্ঞানি সহস্র লোকের মধ্যে পরমেশ্বর প্রসাদাৎ কোন২ ব্যক্তি যথার্থ রূপে পরমেশ্বরকে জানিতে পারেন অতএব পরমেশ্বর বিষয়কজ্ঞান যে এমন দুর্লভ পদার্থ তাহাও তোমাকে কহিতেছি॥ ৩॥ অর্জুনকে এইরূপে শ্রবণোন্মুখ করিয়া প্রকৃতির দ্বারা পরমেশ্বরের সৃষ্ট্যাদি কর্তৃত্ব দর্শাইবার নিমিত্ত প্রথমতঃ পরা পরভেদে প্রকৃতিদ্বয় কহিতেছেন। ভূমি, জল, তেজ, বায়ু, আকাশ, এই পঞ্চভূত এবং মন অহঙ্কার বুদ্ধিতত্ত্ব এই সকল আমার মায়াশক্তি অষ্ট প্রকারে বিভক্তা হয়॥ ৪॥ উক্ত অষ্ট প্রকার প্রকৃতি জড়রূপা দেহরূপে ইহারদিগের পরিণাম হয় অতএব ইহারা অপকৃষ্টা, হে মহাবাহো, জীব রূপে যে প্রকৃতি এই জগৎকে ধারণ করেন সেই চেতন রূপ প্রকৃতিকে আমার উৎকৃষ্ট প্রকৃতি করিয়া জানিবা॥ ৫॥ এই পরাপর প্রকৃতি হইতে স্থাবর জঙ্গমাত্মক সর্ব্বভূতের উৎপত্তি হয় তাহার মধ্যে অপরাপ্রকৃতি হইতে জড়রূপ দেহ জন্মে এবং পরাপ্রকৃতি জীবরূপে ঐ দেহে প্রবিষ্টা হইয়া কর্ম্মজন্য ফলভোগ করত তাহাকে রক্ষা করেন কিন্তু পূর্ব্বোক্তাষ্টধা প্রকৃতি আর জীবরূপা প্রকৃতির উদ্ভব আমা হইতেই হয় অতএব হে অর্জুন, আমাকেই জগতের উৎপত্তি ও প্রলয়ের কর্ত্তা করিয়া জানিবা॥ ৬॥ যেমন গ্রথিত মণি সকল এক সূত্রকে আশ্রয় করিয়া থাকে সেইরূপ এজগৎ আমাকে অবলম্বন করিয়া অবস্থিত অতএব হে ধনঞ্জয়, আমি ব্যতীত জগতের কারণ আর কিছুই নাই॥ ৭॥ [জগৎ কি প্রকারে পরমেশ্বরকে অবল

স্বামিকৃত টীকা।

অতোঽহমেব কৃৎস্নস্য সপ্রকৃতিকস্য জগতঃ প্রভবঃ প্রকর্ষেণ ভবত্যস্মাদিতি পরমকারণমহমেবেত্যর্থঃ। তথা প্রলীয়তেঽনেনেতি প্রলয়ঃ সংহর্ত্তাপ্যহমেবেত্যর্থঃ॥ ৬॥ যস্মাদেবং তস্মান্মত্ত ইতি। মত্তঃসকাশাৎ পরতরং শ্রেষ্ঠং জগতঃ সৃষ্টিসংহারয়োঃ স্বতন্ত্রং কারণং কিঞ্চিদপি নাস্তি। স্থিতিহেতুরপ্যহমেবেত্যাহ ময়ি সর্ব্বমিদং জগৎ প্রোতং গ্রথিতম্ আশ্রিতমিত্যর্থঃ। দৃষ্টান্তঃস্পষ্টঃ॥ ৭॥ জগতঃ স্থিতিহেতুত্বমেব প্রপঞ্চয়তি

য়োঃ। প্রণবঃ সর্ব্ববেদেষু শব্দঃ খে পৌরুষং নৃষু। ৮। পুণ্যোগন্ধঃ পৃথিব্যাঞ্চ তেজশ্চাস্মি বিভাবসৌ। জীবনং সর্ব্বভূতেষু তপশ্চাস্মি তপস্বিষু। ৯। বীজং মাং সর্ব্বভূতানাং বিদ্ধি পার্থ সনাতনং। বুদ্ধির্বুদ্ধিমতামস্মি তেজস্তেজস্বিনামহং ॥ ১০ ॥ বলংবল বতাং চাহং কামরাগবিবর্জ্জিতং। ধর্ম্মাবিরুদ্ধো ভূতেষু কামোঽস্মি ভরতর্ষভ ॥ ১১ ॥ যেচৈব সাত্ত্বিকাভাবা রাজসাস্তামসাশ্চ যে। মত্ত এবেতি তান্ বিদ্ধি নত্বহং তেষু তে ময়ি ॥ ১২ ॥ ত্রিভির্গুণময়ৈর্ভাবৈরেভিঃ সর্ব্বমিদং জগৎ। মোহিতং নাভিজানাতি মামেভ্যঃ পরমব্যয়ং ॥ ১৩ ॥ দৈবী হ্যেষা গুণময়ী মমমায়া দুরত্যয়া। মামে

স্বামিকৃত টীকা

পঞ্চভিঃ। উত্ত্ররসোঽহংরসতন্মাত্রয়া বিভূত্যাশ্রয়ত্বেনাপ্যপ্সুস্থিতোঽহমিত্যর্থঃ। তথা শশিসূর্য্যয়োঃ প্রভাস্মি চন্দ্রসূর্য্যোঃ প্রকাশরূপয়া বিভুত্যা তদাশ্রয়ত্বেন স্থিতোঽহমিত্যর্থঃ। এবমুত্তরত্রাপিদ্রষ্টব্যং সর্ব্বেষ বেদেষু বৈখরীরূপেষু তন্মূল ভূত প্রণবওঙ্কারোঽস্মি। খে আকাশে শব্দতন্মাত্র রূপোঽস্মি। নৃষু পুরুষেষু পৌরুষং উদ্যমোঽস্মি উদ্যমেহি পুরুষাস্তিষ্ঠন্তি ॥ ৮ ॥ কিঞ্চ পুণ্যোঽবিকৃতোগন্ধ ইতি। পুণ্যোঽবিকৃতোগন্ধ গন্ধতন্মাত্রং পৃথিব্যাশ্রয়মিত্যর্থঃ তথা বিভাবসৌ বহ্নৌ যত্তেজঃ সুদুঃসহা দীপ্তিস্তদহং। সর্ব্বভূতেষু জীবনং প্রাণধারণমায়ুরহমিত্যর্থঃ। তপস্বিষু বানপ্রস্থাদিষু দ্বন্দ্ব সহনাদি রূপং তপোঽহমস্মি ॥ ৯ ॥ কিঞ্চ বীজমিতি। সর্ব্বেষাং চরাচরাণাং ভূতানাং বীজং স্বজাতীয় কার্য্যোৎপাদন সামর্থ্যং সনাতনং নিত্যং উত্তরোত্তরসর্ব্বকার্য্যেষ্বনুস্যূতং তদেব বীজং মদ্বিভূতিং বিদ্ধি নতু প্রকৃতি ব্যক্তি বিনশ্যং। তথা বুদ্ধিমতাং বুদ্ধিঃ প্রজ্ঞাহমস্মি তেজস্বিনাং প্রগল্ভানাং তেজঃপ্রাগল্ভ্যমহং ॥ ১০ ॥ কিঞ্চ বলং বলতামিতি। কামোঽপ্রাপ্তে বস্তুন্যভিলাষঃ রাজসঃরাগঃ পুনরভিলষিতেঽর্থে প্রাপ্তেপি পুনরধিকেঽর্থে চিত্তরঞ্জনাত্মকস্তৃষ্ণাপর্য্যায়স্তামসস্তাভ্যাং বিবর্জিতং বলবতাম্বলমস্মি সাত্ত্বিকং স্বধর্ম্মানুষ্ঠানসামর্থ্যমহমিত্যর্থঃ। ধর্ম্মেণাবিরুদ্ধঃ স্বদারেষু পুত্রোৎপত্তিমাত্রোপযোগীকামোঽহমিতি ॥ ১১ ॥ কিঞ্চ যেচৈবেতি। যেচান্যে সাত্ত্বিকাভাবাঃ শমদমাদয়ো রাজসা হর্ষদর্পাদয়স্তামসাশ্চশোকমোহাদয়ঃ প্রাণিনাংস্বকর্ম্মবশাজ্জায়ন্তে তান্ সর্ব্বান্ মত্ত এব জাতান্ বিদ্ধি মদীয়প্রকৃতিগু

শ্রম করিয়া অবস্থিত পাঁচশ্লোকের দ্বারা তাহার বিস্তারিত বলিতেছেন] জলেতে রস, চন্দ্র সূর্য্যেতে প্রভা, এবং সকল বেদেতে মূলীভূত প্রণব, আকাশেতে শব্দ, সকল পুরুষেতে উদ্যম, হে কুন্তীনন্দন, এসকল রূপে জল চন্দ্র সূর্য্য দেব আকাশ পুরুষ ইত্যাদির আশ্রয় আমিই হই॥ ৮॥ পৃথিবীতে অবিকৃত গন্ধ এবং অগ্নিতে তেজ ও সকল জীবেতে আয়ু এবং বাণপ্রস্থাদি তপস্বিতে তপস্যাস্বরূপ আমি॥ ৯॥ হে পার্থ, নিত্যপদার্থ স্বরূপ আমাকে ই সকল চরাচর ভূতেতে কার্য্যোৎপাদিকাশক্তি স্বরূপ জানিবা। বুদ্ধিমানেতে বুদ্ধি ও তেজোবিশিষ্টের তেজোরূপ আমিই হই॥ ১০॥ অপ্রাপ্ত বস্তু বিষয়ক অভিলাষ এবং প্রাপ্তধন অপেক্ষা অধিকেতে প্রবৃত্তি ইহার সম্পাদক অথচ স্বধর্ম্মানুষ্ঠানেতে কারণ যে বলবান ব্যক্তিদিগের সামর্থ্য তাহা আমিই হই, আর স্বদারেতে সন্তানোৎপত্তিমাত্রোপযোগী কামস্বরূপ আমাকেই জানিবা॥ ১১॥ এতদ্ভিন্ন শমদমাদিরূপ সত্ত্বগুণের ধর্ম্ম এবং হর্ষ দর্পাদিরূপ রজোগুণের ধর্ম্ম ও শোক মোহাদিরূপ তমোগুণের ধর্ম্ম যাহা প্রাণিদিগের শুভাশুভ কর্ম্মাধীন জন্মে তাহাও আমা হইতে হয় কিন্তু আমি এসকলের অধীন নহি এইসকল সত্ত্বধর্ম্মাদিই আমার অধীন জানিবা॥ ১২॥ [যদি বল জগতের এরূপ আশ্রয় যে পরমেশ্বর তাঁহাকে লোকেরা জানিতে পারে না ইহার কারণ কি, তাহাতে উত্তর এই যে] একাদশশ্লোকে উক্ত যে অভিলাষাদি রূপ তিন প্রকার গুণ বিকার তাহাতেই জগৎ মোহিত হইয়া থাকে কিন্তু আমি ঐ গুণত্রয়ের অতীত এবং বিকার রহিত অতএব আমাকে জানিতে পারে না॥ ১৩॥ [কোন ব্যক্তি পরমেশ্বরকে জানিতে

স্বামিকৃত টীকা।

ন কার্য্যত্বাৎ। এবমপি তেম্বহং ন বর্ত্তে জীববত্তদধীনোঽহং ন বর্ত্তে জীববত্তদধীনোঽহং ন ভবামীত্যর্থঃ। তেতু মযিমদধীনাঃ সন্তো মযিবর্ত্তন্তএবেত্যর্থঃ॥ ১২॥ এবম্ভূতং মাম্পরমেশ্বরমযঞ্জনঃ কিমিতি ন জানাতীত্যত আহ ত্রিভিরিতি। ত্রিভিস্ত্রিবিধৈরেভিঃ পূর্ব্বোক্তৈঃ কামলোভাদিভি গুর্ণময়ৈর্গুণবিকারৈ র্ভাবৈ র্মোহিতমিদং জগদতোমাং নাভিজানাতি। কথম্ভূতং এভ্যোভাবেভ্যঃ পরং এভিরস্পৃষ্টং এতেষাং নিয়ন্তারং অতএবাব্যয়ং নির্ব্বিকারমিত্যর্থঃ॥ ১৩॥ কেতর্হিত্বাং জানন্তীত্যতআহ দৈব অলৌকিকী

ব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি তে॥ ১৪॥ নমাং দুষ্কৃতিনো মূঢ়াঃ প্রপদ্যন্তে নরাধমাঃ। মায়য়াপহৃতজ্ঞানা আসুরং ভাবমাশ্রিতাঃ॥ ১৫॥ চতুর্ব্বিধা ভজন্তে মাং জনাঃ সুকৃতিনোঽর্জুন। আর্ত্তোজিজ্ঞাসুরর্থার্থী জ্ঞানীচ ভরতর্ষভ॥ ১৬॥ তেষাং জ্ঞানী নিত্যযুক্ত একভক্তির্বিশিষ্যতে। প্রিয়োহি জ্ঞানিনোঽত্যর্থ মহং সচ মমপ্রিয়ঃ॥ ১৭॥ উদারাঃ সর্ব্ব এবৈতে জ্ঞানী ত্বাত্মৈব মে মতং। আস্থিতঃ সহিযুক্তাত্মা মামেবানুত্তমাংগতিং। ১৮॥ বহূনাং জন্মনামন্তে জ্ঞানবান্ মাং প্রপদ্যতে। বাসুদেবঃ সর্ব্বমিতি স মহাত্মা সুদুর্ল্লভঃ॥১৯॥কামৈস্তৈস্তৈর্হৃতজ্ঞানাঃ প্রপদ্যন্তেঽন্যদেবতাঃ।

স্বামিকৃত টীকা।

অত্যদ্ভুতেত্যর্থঃ। গুণময়ী সত্ত্বাদি গুণবিকারাত্মিকা মম পরমেশ্বরস্য শক্তিঃ মায়া দুরত্যয়া দুস্তরাঽতিপ্রসিদ্ধমেতৎ। তথাপি মামেবাব্যভিচারিণ্যা ভক্ত্যা যে প্রপদ্যন্তে ভজন্তি তে মায়ামেতাং দুস্তরামপি তরন্তি ততো মাং জানন্তীতিভাবঃ॥ ১৪॥ কিমিতি তর্হি ত্বামেব সর্ব্বে ন ভজন্তে তত্রাহ নমামিতি॥ নরেষু যেঽধমাস্তে মাং ন ভজন্তি অধমত্বে হেতুঃ মূঢ়া বিবেক শূন্যাঃ। তৎকুতোদুষ্কৃতিনঃ পাপশীলাঃ। অতোমায়য়াপহৃতং নিরস্তং শাস্ত্রাচার্য্যোপদেশাভ্যাং জাতমপি জ্ঞানং যেষাং তে তথা। অতএব দম্ভো দর্পোঽভিমানশ্চক্রোধঃ পারুষ্যমেবচেত্যাদিনা বক্ষ্যমাণমাসুরং ভাবঞ্চ স্বভাবঞ্চ প্রাপ্তাঃ সন্তোনভজন্তীতি॥১৫॥ সুকৃতিনস্তু মাং ভজন্তি তেচ সুকৃতি তারতম্যেন চতুর্ব্বিধাঃইতি। পূর্ব্বজন্মসু যে কৃতপুণ্যাস্তে মাং ভজন্তে তে চতুর্ব্বিধাঃ। আর্ত্তো রোগাদ্যভিভূতঃ স যদিকৃতপুণ্যস্তদা মাং ভজতি অন্যথা ক্ষুদ্রদেবতাভজনেন সংসরতি। এবমুত্তরত্রাপিদ্রষ্টব্যং। জিজ্ঞাসু রাত্মজ্ঞানেচ্ছুঃ অর্থার্থী অত্র পরত্র বা ভোগসাধনভূতার্থ লিপ্সুঃ জ্ঞানীচাত্মবিৎ॥ ১৬॥ তেষাং মধ্যেজ্ঞানী শ্রেষ্ঠ ইত্যাহ তেষামিতি। তেষাং মধ্যেজ্ঞানী বিশিষ্যতেবিশিষ্টঃ। তত্রহেতবঃ। নিত্যযুক্তঃ সদামন্নিষ্ঠোধ্যানেন॥ একস্মিন্নেবভক্তির্যস্য স তথা। জ্ঞানিনো দেহাদ্যভিমানাভাবেন চিত্তবিক্ষেপাভাবান্নিত্যযুক্তত্বমেকভক্তিশ্চ সম্ভবতি নান্যস্যাতএব তস্যাহমত্যন্ত প্রিয়ঃ। সচ মমপ্রিয়ঃ। তস্মাদেতৈর্নিত্যযুক্তত্বাদিভিশ্চতুর্ভির্হেতুভি উত্তম

সমর্থ হয় তাহা কহিতেছেন] পরমেশ্বরের সত্ত্বাদিগুণস্বরূপ মায়া যাহা হই তে উত্তীর্ণ হওয়া অতি কঠিন, যাঁহারা ভক্তিপূর্ব্বক অবিচ্ছেদে আমার উপাসনা করেন তাঁহারাই ঐ মায়ামুক্ত হইয়া আমাকে জানিতে পারেন ।। ১৪ ।। কিন্তু নরের মধ্যে পাপকর্ম্মে রত মূঢ়ব্যক্তিরা এপ্রকারে আমার উপাসনা করে না অতএব তাহারা দম্ভ দর্পাদি রূপ অসুর স্বভাব প্রাপ্ত হয় এবং শাস্ত্রাচার্য্যের উপদেশ দ্বারা জ্ঞান প্রাপ্ত হইলেও সে জ্ঞানকে মায়া অপহরণ করে ।। ১৫ । হে অর্জ্জুন, পূর্ব্বজন্মকৃত অপেক্ষা কৃতপুণ্য ভেদে চারি প্রকার সুকৃতিলোকেরা আমাকে ভজনা করেন সেই চারি প্রকার এই যে রোগী তত্ত্বজ্ঞানার্থী এবং এজন্মে বা পরজন্মে অর্থাভিলাষী ও আত্মতত্ত্ব জ্ঞান বিশিষ্ট, ইহঁারদিগের যদ্যপি জন্মান্তরীয় সুকৃতি না থাকিত তবে আমাকে ত্যাগ করিয়া ক্ষুদ্রদেবতার উপাসনাই করিতেন কিন্তু জন্মান্তরীয় কৃ তি প্রযুক্তই আমাকে ভজেন ।। ১৬ ।। ঐ চারি প্রকার ভক্তের মধ্যে আত্মজ্ঞানী সর্ব্বাপেক্ষা প্রধান যেহেতু আত্মজ্ঞান বিশিষ্টব্যক্তি সর্ব্বদা ঈশ্বরনিষ্ঠ এবং এক পরমেশ্বরেতেই তাঁহার অচলা ভক্তি থাকে, অতএব আত্মজ্ঞানির আমিই প্রিয় এবং জ্ঞানীও আমার প্রিয়তম হয়েন ।। ১৭ ।। [যদি বল তবে কি পূর্ব্বোক্ত অন্য তিন প্রকার ভক্তেরা মোক্ষপ্রাপ্ত হয়েন না ইহার উত্তর এই যে] চারি প্রকার ভক্তই মোক্ষের ভাজন বটেন তথাচ আত্মজ্ঞানিকে আমি আত্মার স্বরূপ জ্ঞান করি যেহেতু জ্ঞানবান ব্যক্তি সকল হইতে উত্তমগতি স্বরূপ আমাকে আশ্রয় করিয়া আমা ব্যতীত অন্য ফলের আকাংক্ষা করেন না ।। ১৮ ।। অনেক জন্মের পুণ্য সঞ্চয়প্রযুক্ত চরাচর সকল সংসার বাসুদেব ইহা দেখিয়া জ্ঞানি ব্যক্তি শেষ জন্মে কেবল আমাকেই ভজনা করেন অতএব এমন ভক্ত অতি দুর্লভ ।। ১৯ ।। পুত্রাভি

স্বামিকৃত টীকা।

ইত্যর্থঃ ।। ১৭ ।। তর্হি কিমিতরে ত্রয়স্ত্বভক্তাঃ সংসরন্তি নহি নহীত্যাহ উদারাইতি । সর্ব্বেঽপ্যেতে উদারামহান্তোমোক্ষভাজ এবেত্যর্থঃ । জ্ঞানী পুনরাত্মৈবেতি মে মতঃ নিশ্চয়ঃ । হি যস্মাৎ সজ্ঞানী যুক্তাত্মা মদেকচিত্তঃ সন্ন বিদ্যতে উত্তমা যস্যাস্তামনুত্তমাঙ্গতিং মামেবাস্থিত আশ্রিতবান মদ্ব্যতিরিক্তমন্যৎ ফলং ন মন্যতইত্যর্থঃ ।১৮।এবম্ভূতো ভক্তোঽত্যন্তদুর্লভ ইত্যাহ বহুনামিতি । বহুনাং জন্মনাং কিঞ্চিৎ কিঞ্চিৎ পুণ্যোপচয়েন অন্তে চরমে জন্মনি জ্ঞানবান্ সন্ সর্ব্বমিদং চরাচরং বিশ্বং বাসুদেব ইতি সর্ব্বাত্মদৃষ্ট্যামাং প্রপদ্যতে ভজতি । অতঃ স মহাত্মা অপরিচ্ছিন্নদৃষ্টিঃ সুদুর্লভঃ ।। ১৩ ।।

তংতং নিয়মমাস্থায় প্রকৃত্যা নিয়তাঃ স্বয়া ॥ ২০ ॥ যো যো যাং যাং তনুং ভক্তঃ শ্রদ্ধয়ার্চ্চিতুমিচ্ছতি। তস্য তস্যাচলাং শ্রদ্ধাং তামেব বিদধাম্যহং ॥ ২১ ॥ স তয়া শ্রদ্ধয়া যুক্ত স্তস্যারাধনমীহতে। লভতে চ ততঃ কামান্ ময়ৈব বিহিতান্ হিতান্ ॥ ২২ ॥ অন্তবত্তু ফলংতেষাং তদ্ভবত্যল্পমেধসাং। দেবান্দেবযজো যান্তি মদ্ভক্তা যান্তি মামপি ॥ ২৩ অব্যক্তং ব্যক্তিমাপন্নং মন্যন্তে মাম বুদ্ধয়ঃ। পরং ভাবমজানন্তো মমাব্যয়মনুত্তমং ॥ ২৪ ॥ নাহং

স্বামিকৃত টীকা।

॥ ১৯ ॥ তদেবং কামিনোঽপি সন্তঃকামপ্রাপ্তয়ে পরমেশ্বরমেব ভজন্তি তে কামান্ প্রাপ্য শনৈর্মুচ্যন্তে ইত্যুক্তং। যেত্বত্যন্তং রাজসাস্তামসাশ্চ কামাভিভূতাঃ ক্ষুদ্রদেবতাঃ সেবন্তে তে সংসরন্তীত্যাহ কামৈরিত্যাদি চতুর্ভিঃ। তত্র কামৈরিতি। যেতু তৈস্তৈঃ পুত্রকীর্ত্তিশত্রুজয়াদিবিষয়ৈঃ কামৈর পহৃতবিবেকাঃ সন্তোঽন্যাঃ ক্ষুদ্রা ভূতপ্রেত যক্ষাদিদেবতা ভজন্তি কিং কৃত্বা তত্তদ্দেবতারাধনে প্রসিদ্ধো যো যো নিয়ম উপবাসাদিলক্ষণস্তন্তন্নিয়মং স্বীকৃত্যাশ্রিত্য বা তথাপি স্বকীয়য়া প্রকৃত্যা পূর্ব্বাভ্যাসবাসনয়া নিজস্বভাবেন নিয়তা বশীকৃতাঃ সন্তো দেবতাবিশেষং যে ভজন্তি ॥ ২০ ॥ যো যো ভক্তঃ যাং যান্তনুং দেবতারূপাং মদীয়ামেবমূর্ত্তিং শ্রদ্ধয়ার্চ্চিতুমিচ্ছতি প্রবর্ত্ততে তস্য ভক্তস্য তত্তন্মূর্ত্তিবিষয়াং তামেব শ্রদ্ধামচলাং দৃঢ়াং মহমন্তর্যামী বিদধামি ॥ ২১ ॥ ততশ্চ। সতয়েতি। স ভক্তস্তয়া দৃঢ়য়া শ্রদ্ধয়া তস্যাস্তনোরারাধনমীহতে করোতি। ততশ্চ যে সঙ্কল্পিতাস্তান্ কামান্ ততো দেবতাবিশেষাল্লভতে। কিন্তু ময়ৈব তত্তদ্দেবতান্তর্যামিণা বিহিতান্নির্ম্মিতান্। হিস্ফুটমেতৎ। দেবতানাম্মদধীনত্বান্মন্মূর্ত্তিত্বাচ্চেত্যর্থঃ ॥ ২২ ॥ তদেবং যদ্যপি সর্ব্বা অপি দেবতা মমৈব তনবঃ অতস্তদারাধনমপি বস্তুতোমদারাধনমেব অহমেব তত্রফলদাতাপি তথাপি সাক্ষান্মদ্ভক্তানাঞ্চ তেষাঞ্চ ফলবৈষম্যম্ভবতীত্যাহান্তবদিতি। অল্পমেধসাং পরিচ্ছিন্নদৃষ্টীনাং ময়া দত্তমপি তৎফলমন্তবদ্বিনাশিভবতি। তদেবাহ। দেবান্ যজন্তীতি দেবযজস্তেদেবানন্তবতো যান্তি। মদ্ভক্তাস্তু মামনাদ্যন্তং পরমানন্দং প্রাপ্নুবন্তি ॥ ২৩ ॥ ননু সমানে প্রয়াসে মহতিচ ফলবিশেষেসতি সর্ব্বোঽপি কিমিতি

লাষ বা শত্রু জয়াদি কামনাতে যাহারদিগের বিবেক আচ্ছাদিত আছে তাহারা জন্মান্তরীয় বাসনার বশীভূত হইয়া দেবতাভেদে ভিন্ন২ উপবাসাদি নিয়মাবলম্বন করত অন্য২ ক্ষুদ্র২ দেবতার উপাসনা করে ॥২০॥ ঐ সকল দেবোপাসকের মধ্যে যে২ ব্যক্তি শ্রদ্ধাপূর্ব্বক মদীয় যে২ মূর্ত্তির অর্চ্চনা করিতে ইচ্ছা করে সেই ব্যক্তির অন্তর্যামী হইয়া সেই মূর্ত্তির উপাসনা বিষয়িণী অচলা শ্রদ্ধা আমিই প্রদান করি ॥২১॥ পরে ঐ দৃঢ় শ্রদ্ধা বিশিষ্ট হইয়া সেই ভক্ত আমার সেই মূর্ত্তি বিশেষের আরাধনা করতঃ সেই মূর্ত্তির প্রসাদাৎ সঙ্কল্পিত ফল প্রাপ্ত হয় কিন্তু আমিই সেই২ দেবতার অন্তর্যামি রূপে আসিয়া সেই ফল নির্ম্মাণ করি ॥২২॥ [মূর্ত্তি বিশেষের উপাসকও সাক্ষাৎ পরমেশ্বরোপাসকের ফলগত বৈলক্ষণ্য দেখাইতেছেন] ঐ সকল অল্পবুদ্ধি লোকদিগের উপাসনাজন্য ফল আমিই প্রদান করি কিন্তু সে সকল ফল অনিত্য অতএব তাহারা যে২ দেবতার উপাসনা করে সেই সকল দেবতাকেই প্রাপ্ত হয় পরন্তু যাঁহারা পরমেশ্বরের আরাধনা করেন তাঁহারা নিত্য পরমানন্দস্বরূপ আমাকে প্রাপ্ত হয়েন ॥২৩॥ [যদি বল উভয় উপাসনাতেই সমান প্রয়াস তবে কেন সকলেই মূর্ত্তি বিশেষের আরাধনা ত্যাগ করিয়া সাক্ষাৎ পরমেশ্বরারাধনাতে রত হয়েন না ইহার উত্তর এই যে] সংসার হইতে অতীত যে আমার শুদ্ধ নিত্যসত্ত্বস্বভাব অল্পবুদ্ধি লোকেরা তাহা জানিতে পারে না অতএব আমাকে মনুষ্যাদির ন্যায় অবয়বাদিবিশিষ্ট নানাবিধ অবতার স্বরূপ জ্ঞান করে ॥২৪॥ আমি

স্বামিকৃত টীকা।

দেবতান্তরঞ্চ হিত্বা ত্বামেব ন ভজন্তি তত্রাহ অব্যক্তমিতি। অব্যক্তং প্রপঞ্চাতীতং মাঞ্চ ব্যক্তিং মনুষ্যমৎস্যকূর্ম্মাদিভাবং প্রাপ্তমল্পবুদ্ধয়ো মন্যন্তে। তত্রহেতুঃ। মমপরং ভাবং স্বরূপমজানন্তঃ কথম্ভূতমব্যয়ং, নিত্যং ন বিদ্যতে উত্তমো যস্মাত্তং ভাবঞ্চ। অতো জগদ্রক্ষার্থং লীলয়াবিকৃতনানাবিশুদ্ধোর্জ্জিতসত্ত্বমূর্ত্তিঞ্চ মাঞ্চ পরমেশ্বরং কর্ম্মনির্ম্মিত ভৌতিকদেহং দেবতান্তরসমং পশ্যন্তোমন্দমতয়ো মাং নাতীবাদ্রিয়ন্তে প্রত্যুতক্ষিপ্রফলদঞ্চ দেবতান্তরমেব ভজন্তে তে চোক্তপ্রকারেণান্তবৎ ফলং প্রাপ্নুবন্তীত্যর্থঃ॥২৪॥

প্রকাশঃ সর্ব্বস্য যোগমায়া সমাবৃতঃ। মূঢ়োঽয়ং নাভিজানাতি লোকো মামজমব্যয়ং॥ ২৫॥ বেদাহং সমতীতানি বর্ত্তমানানি চার্জ্জুন। ভবিষ্যাণি চ ভূতানি মান্তু বেদ ন কশ্চন॥ ২৬॥ ইচ্ছা-দ্বেষসমুত্থেন দ্বন্দ্বমোহেন ভারত। সর্ব্বভূতানি সংমোহং সর্গে যান্তি পরন্তপ। ২৭। যেষান্ত্বন্তগতং পাপং জনানাং পুণ্যকর্ম্মিণাং। তে দ্বন্দ্বমোহনির্ম্মুক্তা ভজন্তে মাংদৃঢ়ব্রতাঃ॥ ২৮॥ জরামরণমোক্ষায় মামাশ্রিত্য যতন্তি যে। তে ব্রহ্ম তদ্বিদুঃ কৃৎস্নমধ্যাত্মং কর্ম্ম-চাখিলং॥ ২৯॥ সাধিভূতাধি দৈবং মাংসাধিযজ্ঞঞ্চ যে বিদুঃ। প্র-য়াণকালেঽপি চ মাং তে বিদুর্যুক্ত চেতসঃ॥ ৩০॥ ইতি শ্রীভগ

স্বামিকৃত টীকা।

তেষামজ্ঞানে হেতুমাহ নাহমিতি। সর্ব্বস্য লোকস্য নাহং প্রকাশঃ প্রকটো ন ভবামি॥ কিন্তু মদ্ভক্তানামেব যতো যোগমায়য়া সমাবৃতঃ যোগো যুক্তির্ম্মদীয়কোঽপ্যচিন্ত্য প্রজ্ঞাবিলাসঃ স এব মায়াঅঘটমানঘটনাপটীয়স্ত্বাৎ তয়া সংচ্ছন্নঃ। অতএব মৎস্বরূপজ্ঞানে মূঢ়ঃ সন্নয়ং লোকোঽজমব্যয়ঞ্চ মাং ন জানাতি॥ ২৫॥ সর্ব্বোত্তমং মৎস্বরূপমজানন্ত ইত্যুক্তং। তদেব স্বস্য সর্ব্বোত্তমত্বমনাবৃতজ্ঞানশক্তিত্বেন দর্শয়ন্নন্যেষাং জ্ঞানমাহ বেদাহমিতি। সমতীতানি বিনষ্টানি বর্ত্তমানানিচ ভাবীনিচ ত্রিকালবর্ত্তীনি ভূতানি স্থাবরজঙ্গমানি সর্ব্বাণ্যহং বেদ জানামি মায়াশ্রয়ত্বাৎ তস্যা স্বাশ্রয়ব্যামোহ কর্ত্তৃত্বাভাবান্ন মাং কোঽপি বেত্তি মন্মায়য়া মোহিতত্বাৎ। প্রসিদ্ধং হি লোকে মায়ায়াঃ স্বাশ্রয়াধীনত্বমন্যমোহকর্ত্তৃত্বঞ্চেতি॥ ২৬॥ তদেবং মায়াবিষয়কত্বেন জীবানাং পরমেশ্বরাজ্ঞানমুক্তং তস্যৈবাজ্ঞানস্য দৃঢ়ত্বে কারণমাহ ইচ্ছেতি। সৃজ্যত ইতি সর্গস্তস্মিন্দেহোৎপত্তৌ সত্যাং পুনস্তদনুকূলেচ্ছা প্রতিকূলেচ দ্বেষস্তাভ্যাং সমুত্থঃ সমুদ্ভূতোযঃ শীতোষ্ণ সুখদুঃখাদি দ্বন্দ্বনিমিত্তকো মোহো বিবেকভ্রংশ স্তেন সর্ব্বভূতানি সম্মোহং যান্তি অহমেব সুখীদুঃখীচেতি গাঢ়তরমভিনিবেশং প্রাপ্নুবন্তি। অতস্তানি মজ্জ্ঞানাভাবান্মাং ন ভজন্তীতিভাবঃ॥ ২৭॥ কুতস্তর্হি কেচনত্বাং ভজন্তো দৃশ্যন্ত তত্রাহ যেষামিতি। যেষান্তু পুণ্যাচরণশীলানাং সর্গপ্রতিবন্ধকং পাপমন্তগতং নষ্টং তে দ্বন্দ্বনিমিত্তেন মোহেন নির্ম্মুক্তা দৃঢ়ব্রতা একান্তিনঃ সন্তো মাং ভজন্তে॥ ২৮॥ এবঞ্চ মাং ভজন্তস্তে সর্ব্বং বিজ্ঞেয়ং বিজ্ঞায় কৃতা

সকলের নিকট প্রকাশ হই না অতএব আমার অচিন্ত্যমায়াবৃত হইয়া আমার স্বরূপজ্ঞানে মূঢ়ব্যক্তিরা উৎপত্তিও হ্রাসবৃদ্ধি রহিত আমাকে জানিতে পারে না॥ ২৫॥ অতীত বর্ত্তমান ভবিষ্যত এই ত্রিকালবর্ত্তি স্থাবর জঙ্গম সকল জগৎকেই আমি জানি কিন্তু আমার মায়াতে মোহিত হইয়া কেহ আমাকে জানিতে পারে না [অর্থাৎ মায়াবি ব্যক্তি স্বীয় মায়া দ্বারা অন্যকেই মোহিত করে কিন্তু তাহাতে নিজে মোহিত হয় না]॥ ২৬॥ স্থূল দেহ উৎপন্ন হইলে পর তাহার অনুকূল বিষয়ে ইচ্ছা প্রতিকূল বিষয়ে দ্বেষ উপস্থিত হয় তৎপরে ঐ ইচ্ছা দ্বেষ সুখ দুঃখের নিমিত্ত বিবেকজ্ঞানের বিনাশ করে, হে ভরত বংশ্য; এই প্রযুক্ত জীবসকল "আমি সুখী আমি দুঃখী" ইত্যাদি গাঢ়তর অভিমানে মোহিত হয়॥২৭॥ কিন্তু যে সকল পুণ্য কর্ম্মাচরণ শীল ব্যক্তিদিগের সকল পাপ বিনষ্ট হইয়াছে তাঁহারা সুখ দুঃখ নিমিত্ত মোহ মুক্ত হইয়া একান্তচিত্তে আমাকেই ভজনা করেন॥ ২৮॥ যাঁহারা আমাকে আশ্রয় করিয়া জরামৃত্যু নিরাসার্থ যোগাভ্যাসে যত্নশীল হয়েন তাঁহারা পরব্রহ্মকে এবং দেহে অধিষ্ঠিত শুভাশুভ কর্ম্মের ফলভোক্তাকে আর আত্ম জ্ঞানের কারণীভূত নিষ্কাম কর্ম্মকে জানিতে পারেন॥২৯॥ [এপ্রকার ভক্তগণের যোগভঙ্গের আশঙ্কাও হয় না তাহার কারণ এই যে] অধিভূত অধিদৈব অধিযজ্ঞ এসকলই আমি, এরূপ জ্ঞান হইলে ব্যক্তিদিগের মন আমাতেই সমর্পিত হয় অতএব তাঁহারা কদাচ আমাকে বিস্মৃত হয়েন না [অধিভূতাদির লক্ষণ অষ্টমাধ্যায়ে ভগবান স্বয়ং কহিবেন]॥ ৩০

ব্যাসের কৃত শতসহস্র [অর্থাৎ লক্ষ শ্লোক সংহিতা মহাভারতের অন্তর্গত ভীষ্ম পর্ব্বের মধ্যস্থিত যে ব্রহ্মবিদ্যাপ্রকাশক উপনিষদ স্বরূপ ভগবদ্

স্বামিকৃত টীকা।

র্থা ভবন্তীত্যাহ জরেতি॥ জরামরণয়োর্নিরাসার্থং মামাশ্রিত্য যে যতন্তে তে তৎপরব্রহ্মবিদুঃ কৃৎস্নমধ্যাত্মঞ্চবিদুঃ। যেন তৎপ্রাপ্তব্যং তং দেহাদিব্যতিরিক্তং শুদ্ধমাত্মানঞ্চজানন্তীত্যর্থঃ। তৎসাধনভূতমখিলং রহস্যং কর্ম্মচ জানন্তি॥ ২৯॥ নচৈবং ভূতানাং যোগভ্রংশ শঙ্কাপীত্যাহ সাধিভূতেতি। অধিভূতেতি। অধিভূতাদিশব্দার্থংশ্রীভগবানেবাষ্টমাধ্যায়ে ব্যাখ্যাস্যতি। অধিভূতেনাধিদৈবেনাধিযজ্ঞেন চ সহ মাং যে জানন্তি তে যুক্ত

গীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুন সম্বাদে সপ্তমোঽধ্যায়ঃ।

অর্জ্জুন উবাচ।

কিন্তদ্ব্রহ্ম কিমধ্যাত্মং কিং কর্ম্ম পুরুষোত্তম। অধিভূতঞ্চ কিং প্রোক্তমধিদৈবং কিমুচ্যতে। অধিযজ্ঞঃ কথংকোঽত্র দেহেঽস্মিন্ মধুসূদন। প্রয়াণকালেচ কথং জ্ঞেয়োঽসি নিয়তাত্মভিঃ ॥২॥ শ্রীভগবানুবাচ। অক্ষরং পরমং ব্রহ্ম স্বভাবোঽধ্যাত্মমুচ্যতে। ভূতভাবোদ্ভবকরো বিসর্গঃ কর্ম্মসঞ্জিতঃ।৩। অধিভূতং ক্ষরোভাবঃ পুরুষশ্চাধিদৈবতং অধিযজ্ঞোঽহমেবাত্র দেহে দেহভৃতাম্বর। ৪॥ অন্ত

স্বামিকৃত টীকা।

চেতসো ময্যাসক্তমনসো মাং প্রয়াণকালে মরণ সময়েঽপি বিদুঃ। নতু তথাপি ব্যাকুলীভূয় মাং বিস্মরন্তি অতো মদ্ভক্তানাং ন যোগভ্রংশশঙ্কেত্যর্থঃ ॥৩০॥ ইতি শ্রীভগবদ্গীতাটীকায়াং বিজ্ঞানযোগনাম সপ্তমোঽধ্যায়ঃ।

